মুনিগণ যুগভেদে সামর্থ্যভেদ ও অপরাপর ভেদ সকল কহিয়াছেন, পরন্ত কলিযুগে পরাশরোক্ত প্রায়শ্চিত্তই প্রধান। ৩৩ মুনিগণ! আমি অদ্যই সেই কলিধর্ম্ম স্মরণ করিয়া আপনাদের নিকট বলিতেছি। আপনারা কলিকালের বর্ণচতুষ্টয়ের আচার ব্যবহার শ্রবণ করুন। ৩৪ পরাশরের

পারাশরমতং পুণ্যং পবিত্রং পাপনাশনম্।
চিন্তিতং ব্রাহ্মণার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ ॥ ৩৫ ॥
চতুর্ণামপি বর্ণানামাচারো ধর্ম্মপালকঃ।
আচারভ্রষ্টদেহানাং ভবেদ্ধর্ম্মঃ পরাঙ্মুখঃ ॥ ৩৬ ॥
ষট্‌কর্ম্মাভিরতো নিত্যং দেবতাতিথিপূজকঃ।
হুতশেষন্তু ভুঞ্জানো ব্রাহ্মণো নাবসীদতি ॥ ৩৭ ॥
সন্ধ্যা স্নানং জপো হোমঃ স্বাধ্যায়ো দেবতার্চ্চনম্।
বৈশ্বদেবাতিথেয়ঞ্চ ষট্ কর্ম্মাণি দিনে দিনে ॥ ৩৮ ॥
প্রিয়ো বা যদি বা দ্বেষ্যো মূর্খং পণ্ডিত এব বা।
বৈশ্বদেবে তু সংপ্রাপ্তঃ সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ ॥৩৯॥

এই মত পবিত্র পুণ্যজনক ও পাপনাশক। ব্রাহ্মণের নিমিত্ত ও ধর্ম্ম সংস্থাপনের নিমিত্ত আমি ইহা স্মরণ করিলাম। ৩৫

স্বস্ব আচারই বর্ণচতুষ্টয়ের ধর্ম্ম রক্ষা করে। যাহারা আচার ভ্রষ্ট, ধর্ম্ম তাহাদের প্রতি বিমুখ হয়। ৩৬ যে ব্রাহ্মণ ষট্‌কর্ম্মে নিরত থাকিয়া প্রতিদিন দেবতা ও অতিথির পূজা করিয়া হুতাবশিষ্ট ভক্ষণ করেন, তিনি কখনই অবসন্ন হন না। ৩৭ প্রতিদিন সন্ধ্যা, স্নান, জপ, হোম, স্বাধ্যায়, দেবতার অর্চ্চনা, বৈশ্যদেব ও অতিথির পরিচর্য্যা, এই ষড়্‌বিধ কর্ম্মের নাম ষট্‌কর্ম্ম! দ্বিজগণ প্রতিদিন এই ষট্‌কর্ম্মের আচরণ করিবে। ৩৮ প্রিয়ই হউক আর দ্বেষ্যই হউক, পণ্ডিতই হউক আর মূর্খই হউক, বৈশ্যদেবের সময় যিনি উপস্থিত হন, তিনিই অতিথি এবং তাঁহার সেবাতে স্বর্গপ্রাপ্তি হয়। ৩৯ দূরদেশ হইতে আগত ও পথিশ্রান্ত ব্যক্তি বৈশ্যদেবের সময় উপস্থিত

অতিথিং তং বিজানীয়ান্নাতিথিঃ পূর্ব্বমাগতঃ ॥ ৪০ ॥
ন পৃচ্ছেদ্‌গোত্রচরণং ন স্বাধ্যায়ব্রতানি চ।
হৃদয়ং কল্পয়েত্তস্মিন্ সর্ব্বদেবময়ো হি সঃ ॥ ৪১ ॥
নৈকগ্রামীণমতিথিং বিপ্রং সাঙ্গমিকং তথা।
অনিত্যং হ্যাগতো যস্মাৎ তস্মাদতিথিরুচ্যতে ॥ ৪২ ॥
অপূর্ব্বঃ সুব্রতী বিপ্রঃ অপূর্ব্বো বাতিথিস্তথা।
বেদাভ্যাসরতো নিত্যং ত্রয়োঽপূর্ব্বা দিনে দিনে ॥৪৩॥
বৈশ্বদেবে তু সংপ্রাপ্তে ভিক্ষুকে গৃহমাগতে।
উদ্ধৃত্য বৈশ্বদেবার্থং ভিক্ষাং দত্ত্বা বিসর্জ্জয়েৎ ॥ ৪৪ ॥

হইলে তাঁহাকে অতিথি বলা যায়। যিনি পূর্ব্বে আইসেন, তাঁহাকেই যে অতিথি বলা যায়, এমন নহে। ৪০ অতিথির গোত্র, চরণ, স্বাধ্যায়, ব্রত ইত্যাদি কোন বিষয় জিজ্ঞাসা না করিয়া তাঁহাতেই হৃদয় সমর্পণ করিবেক, কারণ অতিথি সর্ব্বদেবতা স্বরূপ। ৪১

সাঙ্গমিক [কুটুম্ব বা কার্য্য সাধনার্থ মিলিত] এবং এক-গ্রামনিবাসী বিপ্র, অতিথি হইতে পারে না, যেহেতু যিনি নিত্য উপস্থিত না হন, তাঁহাকেই অতিথি বলা যায়। ৪২ যিনি পূর্ব্বে কখন আতিথ্যগ্রহণ করেন নাই, তাদৃশ অতিথি, ঐরূপ ব্রতপরায়ণ ব্রাহ্মণ এবং নিয়ত বেদাভ্যাসে নিরত ব্রাহ্মণ, ইহাঁরা তিন জন অপূর্ব্ব অতিথি শব্দে অভিহিত হইয়া থাকেন। ৪৩ বৈশ্বদেব বলির সময় যদি কোন ভিক্ষুক গৃহে উপস্থিত হয়, তাহা হইলে বৈশ্বদেব বলি হইতে উদ্ধার পূর্ব্বক ভিক্ষা দান করিয়া তাহাকে বিদায় করিবে। ৪৪

যতী চ ব্রহ্মচারী চ পক্কান্নস্বামিনাবুভৌ।
তয়োরন্নমদত্বা চ ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥ ৪৫ ॥
যতিহস্তে জলং দদ্যাদ্ভৈক্ষ্যং দদ্যাৎ পুনর্জ্জলম্।
তদ্ভৈক্ষ্যং মেরুণা তুল্যং তজ্জলং সাগরোপমম্ ॥ ৪৬ ॥
বৈশ্বদেবকৃতান্ দোষান্ শক্তো ভিক্ষুর্ব্যপোহিতুম্।
নহি ভিক্ষুকৃতান্ দোষান্ বৈশ্বদেবো ব্যপোহতি ॥৪৭॥
অকৃত্বা বৈশ্বদেবন্তু ভুঞ্জতে যে দ্বিজাতয়ঃ।
সর্ব্বে তে নিষ্ফলা জ্ঞেয়াঃ পতন্তি নরকেঽশুচৌ ॥ ৪৮ ॥
শিরোবেষ্টস্তু যো ভুঙ্‌ক্তে যো ভুঙ্‌ক্তে দক্ষিণামুখঃ।
বামপাদে করং ন্যস্য তদ্বৈ রক্ষাংসি ভুঞ্জতে ॥ ৪৯ ॥

যতি এবং ব্রহ্মচারী, ইহাঁরা উভয়ে পক্কান্নের অধিকারী। ইহাঁদের উভয়কে অন্ন দান না করিয়া ভোজন করিলে চান্দ্রায়ণ করিতে হয়। ৪৫ যতি হস্তে জল দান পূর্ব্বক ভিক্ষাদ্রব্য দান করিয়া পুনর্ব্বার জল প্রদান করিবে। এরূপ করিলে সেই ভিক্ষাদ্রব্য সুমেরুসদৃশ ও সেই জল সাগর সদৃশ সমধিক হইয়া উঠে। ৪৬ বৈশ্বদেবে যদি কোন দোষ হয়, ভিক্ষুক তাহা অপনয়ন করিতে পারেন, কিন্তু বৈশ্বদেব, ভিক্ষুক কৃত দোষ অপনয়ন করিতে সমর্থ হন না। ৪৭

যে সকল ব্রাহ্মণ বৈশ্বদেবের বলি না দিয়া ভোজন করেন, তাঁহাদের সকল কর্ম্মই নিষ্ফল হয় এবং অন্তে তাঁহারা নিরয়গামী হন। ৪৮ যিনি মস্তকে উষ্ণীষ ধারণ করিয়া ভোজন করেন, যিনি দক্ষিণমুখ হইয়া ভোজন করেন, বা যিনি বাম পাদে হস্ত রাখিয়া ভোজন করেন,

যতয়ে কাঞ্চনং দত্ত্বা তাম্বূলং ব্রহ্মচারিণে।
চৌরেভ্যোঽপ্যভয়ং দত্ত্বা দাতাপি নরকং ব্রজেৎ ॥৫০॥
পাপো বা যদি চাণ্ডালো বিপ্রঘ্নঃ পিতৃঘাতকঃ।
বৈশ্বদেবে তু সংপ্রাপ্তঃ সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ ॥৫১॥
অতিথির্যস্য ভগ্নাশো গৃহাৎ প্রতিনিবর্ত্ততে।
পিতরস্তস্য নাশ্নন্তি দশবর্ষশতানি চ ॥ ৫২ ॥
ন প্রসজ্যাতিগো বিপ্রো হ্যতিথিং বেদপারগম্।
অদদন্নমাত্রন্তু ভুক্ত্বা ভুঙ্ক্তে তু কিল্বিষম্ ॥ ৫৩ ॥
ব্রাহ্মণস্য মুখং ক্ষেত্রং নিরুদকমকণ্টকম্।
বাপয়েৎ সর্ব্ববীজানি সা কৃষিঃ সর্ব্বকামিকা ॥ ৫৪ ॥
সুক্ষেত্রে বাপয়েদ্বীজং সুপুত্রে দাপয়েদ্ধনম্।

তাঁহাদের অন্ন রাক্ষসেরা ভক্ষণ করিয়া থাকে। ৪৯ যিনি সন্ন্যাসীকে সুবর্ণ দান করেন, যিনি ব্রহ্মচারীকে তাম্বূল দান করেন, যিনি চোরকে অভয়দান করেন, তিনি দাতা হইলেও নিরয়গামী হইয়া থাকেন। ৫০ বৈশ্বদেব বলির সময় যে অতিথি উপস্থিত হন, তিনি পাপাত্মা চণ্ডাল ব্রহ্মহত্যাকারী বা পিতৃঘাতক হইলেও স্বর্গের দ্বারস্বরূপ হইয়া থাকেন। ৫১ যাঁহার গৃহ হইতে অতিথি নিরাশ হইয়া প্রতিগমন করে, তাঁহার পিতৃগণ সহস্র বৎসর অনাহারে থাকেন। ৫২ যে ব্রাহ্মণ, বেদ বেদাঙ্গে পারদর্শী অতিথিকে অন্ন না দিয়া অতিক্রম পূর্ব্বক স্বয়ং ভোজন করেন, তিনি পাপ রাশি ভক্ষণ করিয়া থাকেন। ৫৩ ব্রাহ্মণের মুখ, জলবিহীন কণ্টকশূন্য ক্ষেত্রস্বরূপ। তাহাতে সর্ব্বপ্রকার বীজ বপন করিবে, এবং সেই কৃষিই সর্ব্বকামপ্রদায়িনী হয়। ৫৪ সুক্ষেত্রে বীজ বপন

সুক্ষেত্রে চ সুপুত্রে চ যৎ ক্ষিপ্তং নৈব নশ্যতি ॥ ৫৫ ॥
অনৃতা হ্যনধীয়ানা যত্র ভৈক্ষ্যচরা দ্বিজাঃ।
তং গ্রামং দণ্ডয়েদ্রাজা চৌরভক্তপ্রদো হি সঃ ॥ ৫৬ ॥
ক্ষত্রিয়ো হি প্রজা রক্ষন্ শস্ত্রপাণিঃ প্রচণ্ডবৎ।
বিজিত্য পরসৈন্যানি ক্ষিতিং ধর্ম্মেণ পালয়েৎ ॥ ৫৭ ॥
ন শ্রীঃ কুলক্রমায়াতা স্বরূপাল্লিখিতাপি যা।
খড়্গেনাক্রম্য ভুঞ্জীত বীরভোগ্যা বসুন্ধরা ॥ ৫৮ ॥
পুষ্পং পুষ্পং বিচিনুয়ান্মূলচ্ছেদং ন কারয়েৎ।
মালাকার ইবোদ্যানে ন তথাঙ্গারকারকঃ ॥ ৫৯ ॥

করিবে এবং সুপুত্রে ধনদান করিবে। সুক্ষেত্রে এবং সুপুত্রে যাহা ক্ষেপণ করা যায়, তাহা নষ্ট হয় না। ৫৫ যে গ্রামে দ্বিজগণ, অনৃতাচারী ও অধ্যয়নবিহীন হইয়া ভিক্ষা দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, রাজা সেই গ্রামস্থ সমস্ত লোককে দণ্ড প্রদান করিবেন, কারণ তাহারা চোরকে অন্নদান পূর্ব্বক পালন করিয়া থাকে। ৫৬
ক্ষত্রিয়, শস্ত্রগ্রহণ পূর্ব্বক বিপদ্ হইতে প্রজাবর্গকে রক্ষা করত প্রচণ্ডভাবে শত্রুসৈন্যকে পরাজয় করিয়া ধর্ম্মানুসারে পৃথিবী পালন করিবেক। ৫৭ লক্ষ্মী দৃঢ়রূপে স্থাপিতা হইলেও কদাপি কুলক্রমানুসারিণী হয়েন না। তাঁহাকে খড়্গ দ্বারা আক্রমণ করিয়া উপভোগ করিতে হয়, কারণ বসুন্ধরা বীরপুরুষেরই ভোগ্যা। ৫৮ মালাকার যেরূপ উদ্যানের পুষ্পমাত্র চয়ন করে, সেইরূপ যাহাতে প্রজাবর্গের পীড়ন না হয়, এরূপে করগ্রহণ করিবেক, অঙ্গারকারের মত সমূলোচ্ছেদ

লোহকর্ম্ম তথা রত্নং গবাঞ্চ প্রতিপালনম্।
বাণিজ্যং কৃষিকর্ম্মাণি বৈশ্যবৃত্তিরুদাহৃতা ॥ ৬০ ॥
শূদ্রাণাং দ্বিজশুশ্রূষা পরো ধর্ম্মঃ প্রকীর্ত্তিতঃ।
অন্যথা কুরুতে কিঞ্চিত্তদ্ভবেত্তস্য নিষ্ফলম্ ॥ ৬১ ॥
লবণং মধু তৈলঞ্চ দধি তক্রং ঘৃতং পয়ঃ।
ন দূষ্যেচ্ছূদ্রজাতীনাং কুর্য্যাৎ সর্ব্বস্য বিক্রয়ম্ ॥ ৬২ ॥
অবিক্রেয়ং মদ্যমাংসমভক্ষ্যস্য চ ভক্ষণম্।
অগম্যাগমনঞ্চৈব শূদ্রোহপি নরকং ব্রজেৎ ॥ ৬৩ ॥
কপিলাক্ষীরপানেন ব্রাহ্মণীগমনেন চ।
বেদাক্ষরবিচারেণ শূদ্রস্য নরকং ধ্রুবম্ ॥ ৬৪ ॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে প্রথমোঽধ্যায়ঃ।

করিবে না। ৫৯ লোহকর্ম্ম, রত্ন ব্যবসায়, গোজাতির প্রতিপালন, বাণিজ্য, কৃষিকর্ম্ম, এই সকল বৈশ্যের কার্য্য। ৬০ দ্বিজসেবাই শূদ্রগণের একমাত্র প্রধান ধর্ম্ম। তাহারা তদ্ব্যতিরিক্ত যাহা করিবেক, তাহা নিষ্ফল। ৬১ লবণ, মধু, তৈল, দধি, তক্র, ঘৃত, এবং দুগ্ধ, এই সমস্ত বিক্রয় করিলে শূদ্রের দোষ হয় না। ৬২ মদ্য এবং মাংস বিক্রয় করা শূদ্রের উচিত নয়, তাহা করিলে কিম্বা অভক্ষ্য ভক্ষণ করিলে অথবা অগম্যা গমন করিলে শূদ্রও নরকে গমন করে। ৬৩ কপিলা গাভীর দুগ্ধ পান, ব্রাহ্মণী গমন, এবং বেদাক্ষর বিচারে প্রবৃত্ত হইলে শূদ্র নিশ্চয়ই নরকগামী হয়। ৬৪

পরাশরকৃত ধর্ম্মশাস্ত্রে কলিধর্ম্ম কথনে
প্রথম অধ্যায় সমাপ্ত।

অথ দ্বিতীয়াধ্যায়ঃ।

অতঃপরং গৃহস্থস্য ধর্ম্মাচারং কলৌ যুগে।
ধর্ম্ম সাধারণং শক্যং চাতুর্ব্বর্ণ্যাশ্রমাগতম্।
সংপ্রবক্ষ্যাম্যহং পূর্ব্বপরাশরবচো যথা ॥ ১ ॥
ষট্কর্ম্মনিরতো বিপ্রঃ কৃষিকর্ম্মাণি কারয়েৎ ॥ ২ ॥
হলমষ্টগবং ধর্ম্ম্যং ষড়্গবং মধ্যমং স্মৃতম্।
চতুর্গবং নৃশংসানাং দ্বিগবং বৃষঘাতিনাম্ ॥ ৩ ॥
ক্ষুধিতং তৃষিতং শ্রান্তং বলীবর্দ্দং ন যোজয়েৎ।
হীনাঙ্গং ব্যাধিতং ক্লীবং বৃষং বিপ্রো ন বাহয়েৎ ॥ ৪ ॥

অতঃপর কলিযুগে আশ্রম চতুষ্টয়ার্থ নির্দ্দিষ্ট ও বর্ণচতুষ্টয়ার্থ নির্দ্দিষ্ট এবং সাধারণের অনায়াসসাধ্য গৃহস্থের ধর্ম্মাচার, পরাশরমতানুসারে বলিব। ১ কলিযুগে ষট্কর্ম্মনিরত ব্রাহ্মণ কৃষিকর্ম্ম করিতে পারেন! ২ অষ্ট বলীবর্দ্দ দ্বারা হলকর্ম্ম করাইলে ধর্ম্মানুযায়ী হয়, ছয়টী গোরু দ্বারা মধ্যম, চারিটীর দ্বারা হলকর্ম্ম করাইলে নৃশংসের কার্য্য করা হয়, এবং দুইটী দ্বারা হলকর্ম্ম করাইলে বৃষঘাতী হইতে হয়। ৩ ক্ষুধিত, তৃষ্ণার্ত্ত, পরিশ্রান্ত, বলীবর্দ্দকে হলে যোজনা করা উচিত নহে, এবং দ্বিজগণ, অঙ্গহীন, পীড়িত, ক্লীব, বৃষকে কোন ভার বাহনে নিযুক্ত করিবেন না। ৪

স্থিরাঙ্গং নীরুজং দৃপ্তং বৃষভং যণ্ডবর্জিতম্।
বাহয়েদ্দিবসস্যার্দ্ধং পশ্চাৎ স্নানং সমাচরেৎ ॥ ৫ ॥
জপ্যং দেবার্চ্চনং হোমং স্বাধ্যায়ঞ্চৈবমভ্যসেৎ।
একদ্বিত্রিচতুর্ব্বিপ্রান্ ভোজয়েৎ স্নাতকান্ দ্বিজঃ ॥ ৬ ॥
স্বয়ংকৃষ্টে তথা ক্ষেত্রে ধান্যৈশ্চ স্বয়মর্জিতৈঃ।
নির্ব্বপেৎ পঞ্চযজ্ঞানি ক্রতুদীক্ষাঞ্চ কারয়েৎ ॥ ৭ ॥
তিলা রসা ন বিক্রেয়া বিক্রেয়া ধান্যতৎসমাঃ।
বিপ্রস্যৈবংবিধা বৃত্তিস্তৃণকাষ্ঠাদিবিক্রয়ঃ ॥ ৮ ॥
সংবৎসরেণ যৎ পাপং মৎস্যঘাতী সমাপ্নুয়াৎ।
অয়োমুখেন কাষ্ঠেন তদেকাহেন লাঙ্গলী ॥ ৯ ॥
পাশকো মৎস্যঘাতী চ ব্যাধঃ শাকুনিকস্তথা।

ষণ্ড ভিন্ন স্থিরাঙ্গ, রোগশূন্য, দৃপ্ত, বৃষভকে দিবসের অর্দ্ধভাগ মাত্র হলে যোজনা করিবেক, অনন্তর কৃষিকার্য্য সমাধা হইলে স্নান করিবেক। ৫ তাহার পর জপ দেবার্চ্চনা, হোম স্বাধ্যায় পাঠ করিবেক এবং এক দুই তিন বা চারিটী স্নাতক ব্রাহ্মণকে ভোজন করাইবে। ৬ ক্ষেত্র স্বয়ং কর্ষণ করিয়া স্বোপার্জ্জিত ধান্য দ্বারা পঞ্চ যজ্ঞ করিবেক এবং ক্রতুদীক্ষা করাইবে। ৭ ব্রাহ্মণগণ, তিল ও রস কদাপি বিক্রয় করিবেন না, ধান্য ও তৎসদৃশ দ্রব্য বিক্রয় করিবেন। তাঁহারা তৃণ-কাষ্ঠাদি বিক্রয় করিতে পারেন; ব্রাহ্মণের এববিধ বৃত্তি দূষ্য নহে। ৮ মৎস্যঘাতী সংবৎসর মৎস্য বধ করিয়া যে পাপ সঞ্চয় করে, লাঙ্গলী লৌহমুখ কাষ্ঠ দ্বারা কর্ষণ করিয়া এক দিবসেই সেই পাতক সংগ্রহ করিয়া থাকে। ৯ পাশজীবী

অদাতা কর্ষকশ্চৈব পঞ্চৈতে সমভাগিনঃ ॥ ১০ ॥
কণ্ডনী পেষণী চুল্লী উদকুম্ভোঽথ মার্জনী।
পঞ্চ শূনা গৃহস্থস্য অহন্যহনি বর্ত্ততে ॥ ১১ ॥
বৃক্ষান্ ছিত্ত্বা মহীং ভিত্ত্বা হত্বা তু মৃগকীটকান্।
কর্ষকঃ খলু যজ্ঞেন সর্ব্বপাপাৎ প্রমূচ্যতে ॥ ১২ ॥
যো ন দদ্যাদ্দ্বিজাতিভ্যো রাশিমূলমুপাগতঃ।
স চৌরঃ স চ পাপিষ্ঠো ব্রহ্মঘ্নং তং বিনির্দ্দিশেৎ ॥১৩॥
রাজ্ঞে দত্ত্বা তু ষড়্ভাগং দেবানাঞ্চৈকবিংশকম্।
বিপ্রাণাং ত্রিংশকং ভাগং কৃষিকর্ত্তা ন লিপ্যতে ॥ ১৪ ॥

মৎস্যঘাতী, ব্যাধ, শাকুনিক, এবং অদাতা, কর্ষক, এই পাঁচজন সমান পাতকী হয়,। ১০

কণ্ডনী, (মুষল বা উদূখল) পেষণী, (পেষণযন্ত্র, শীল নোড়া যাঁতা) চুল্লী (উনন) উদকুম্ভ (জলের কলসী) এবং মার্জ্জনী, (ঝাঁটা) এই পঞ্চ শূনা গৃহস্থের নিয়ত থাকে, অর্থাৎ ইহা দ্বারা নিয়ত পাপ সঞ্চয় হয়। ১১ কৃষক বৃক্ষচ্ছেদ, মহীভেদ, ও মৃগ কীটাদি বধ করিয়া যে পাপসঞ্চয় করে যজ্ঞ দ্বারা সে সকল পাপ হইতে মুক্ত হয়। ১২ শস্যাদিরাশির নিকট উপস্থিত থাকিয়াও যে ব্যক্তি ব্রাহ্মণগণকে দান না করে, সে চোর ও সে পাপিষ্ঠ, তাহাকে ব্রহ্মহন্তা বলিয়া নির্দ্দেশ করা যায়। ১৩ কৃষিকর্ত্তা, রাজাকে ষষ্ঠাংশ দেবতাদিগকে একবিংশাংশ, ব্রাহ্মণদিগকে ত্রিংশাংশ প্রদান করিলে (জীবহিংসাদিজনিত পাপে) লিপ্ত হয় না। ১৪

ক্ষত্রিয়োঽপি কৃষিং কৃত্বা দ্বিজান্ দেবাংশ্চ পূজয়েৎ।
বৈশ্যঃ শূদ্রঃ সদা কুর্য্যাৎ কৃষিবাণিজ্যশিল্পকান্ ॥ ১৫ ॥
বিকর্ম্ম কুর্ব্বতে শূদ্রা দ্বিজসেবাবিবর্জ্জিতাঃ।
ভবত্যল্পায়ুষস্তে বৈ পতন্তি নরকেষু চ।
চতুর্ণামপি বর্ণানামেষ ধর্ম্মঃ সনাতনঃ ॥ ১৬ ॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে দ্বিতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ।

ক্ষত্রিয় জাতিও কৃষি কার্য্য করিয়া দেবগণের ও ব্রাহ্মণগণের পূজা করিবে। বৈশ্য ও শূদ্রগণ সর্ব্বদা কৃষিবাণিজ্য ও শিল্প-কার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে। ১৫ যদি শূদ্রগণ দ্বিজ-শুশ্রূষা-পরাঙ্মুখ হইয়া অবৈধ কার্য্যে নিযুক্ত হয়, তাহা হইলে তাহাদের পরমায়ু হ্রাস হয়, ও তাহারা পরিণামে নিরয়গামী হইয়া থাকে। এই আমি তোমার নিকট বর্ণচতুষ্টয়ের সনাতন ধর্ম্ম কীর্ত্তন করিলাম। ১৬

পরাশর সংহিতা দ্বিতীয় অধ্যায়
সমাপ্ত।



অথ তৃতীয় অধ্যায়।

অতঃ শুদ্ধিং প্রবক্ষ্যামি জননে মরণে তথা।
দিনত্রয়েণ শুদ্ধ্যন্তি ব্রাহ্মণাঃ প্রেতসূতকে ॥ ১ ॥
ক্ষত্রিয়ো দ্বাদশাহেন বৈশ্যঃ পঞ্চদশাহকৈঃ।
শূদ্রঃ শুদ্ধ্যতি মাসেন পরাশরবচো যথা ॥ ২ ॥
উপাসনে তু বিপ্রাণামঙ্গশুদ্ধিস্তু জায়তে।
ব্রাহ্মণানাং প্রসূতৌ তু দেহস্পর্শো বিধীয়তে ॥ ৩ ॥
জাতে বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।
বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুদ্ধ্যতি ॥ ৪ ॥

অতঃপর জননাশৌচ ও মরণাশৌচের বিবরণ কীর্ত্তন করিতেছি। যদি সন্তান প্রসূত হইয়া গতায়ু হয়, তাহা হইলে ব্রাহ্মণদিগের ত্রিরাত্রি অশৌচ হইয়া থাকে। ১ ঈদৃশ স্থলে ক্ষত্রিয়ের দ্বাদশ দিন, বৈশ্যের পঞ্চদশ দিন, শূদ্রের একমাস অশৌচ হয়। পরাশর এইরূপ বলেন। ২ ব্রাহ্মণের পরিচর্য্যা বিষয়ে দেহাশুদ্ধি হয় না। জননাশৌচ হইলে ব্রাহ্মণগণের অঙ্গস্পর্শ করা যাইতে পারে। ৩

সন্তান উৎপন্ন হইলে ব্রাহ্মণ দশ দিনে, ক্ষত্রিয় দ্বাদশ দিনে, বৈশ্য পঞ্চদশ দিনে এবং শূদ্র একমাসে শুদ্ধিলাভ করেন। ৪

একাহাচ্ছুদ্ধ্যতে বিপ্রোঽথাগ্নিবেদসমন্বিতঃ।
ত্র্যহং কেবলবেদস্তু দ্বিহীনো দশভির্দ্দিনৈঃ ॥ ৫ ॥
জন্মকর্ম্মপরিভ্রষ্টঃ সন্ধ্যোপাসনবর্জ্জিতঃ।
নামধারকবিপ্রস্য দশাহং সূতকং ভবেৎ ॥ ৬ ॥
একপিণ্ডাস্তু দায়াদাঃ পৃথগ্দারনিকেতনাঃ।
জন্মন্যপি বিপত্তৌ চ ভবেত্তেষাঞ্চ সূতকম্ ॥ ৭ ॥
উভয়ত্র দশাহানি কুলস্যান্নং ন ভুঞ্জতে।
দানং প্রতিগ্রহো হোমঃ স্বাধ্যায়শ্চ নিবর্ত্ততে ॥ ৮ ॥
প্রাপ্নোতি সূতকং গোত্রে চতুর্থপুরুষেণ তু।
দায়াদ্বিচ্ছেদমাপ্নোতি পঞ্চমো বাত্মবংশজঃ ॥ ৯ ॥

সাগ্নি ও বেদাধ্যয়ন নিরত ব্রাহ্মণের এক দিন মাত্র অশৌচ হয়। যে ব্রাহ্মণ নিরগ্নি ও কেবলমাত্র বেদাধ্যয়নে রত, তিনি তিন দিবসে শুদ্ধি লাভ করেন। যে ব্রাহ্মণ অগ্নি ও বেদপাঠ রহিত, তাঁহার সম্পূর্ণ দশ দিন সূতকাশৌচ হয়। ৫ যে ব্রাহ্মণ জাতকর্ম্ম ও নিত্যনৈমিত্তিক কর্ম্মকলাপ রহিত, যে ব্রাহ্মণ সন্ধ্যোপাসনা করেন না, যিনি কেবল নামমাত্রে ব্রাহ্মণ, তাঁহার দশ দিবস সূতকাশৌচ হয়। ৬ যদি সপিণ্ড জ্ঞাতিগণ ভিন্ন ভিন্ন স্থানে বাসপূর্ব্বক পৃথক্ পরিবার হয়, তাহা হইলেও জন্ম ও মরণে তাহাদের সম্পূর্ণ দশ দিবস অশৌচ হইয়া থাকে। ৭ এই উভয় অশৌচেই ঐ দশ দিবস ঐ বংশের অন্ন ভোজন নিষিদ্ধ। এই অশৌচের সময় দান প্রতিগ্রহ হোম বেদাধ্যয়ন, এ সমুদায়ও রহিত করা কর্ত্তব্য। ৮ তিন পুরুষ পর্য্যন্ত সূতকাশৌচ হইয়া থাকে, চতুর্থ পুরুষে উহার

চতুর্থে দশরাত্রং স্যাৎ ষন্নিশা পুংসি পঞ্চমে।
ষষ্ঠে চতুরহাচ্ছুদ্ধিঃ সপ্তমে তু দিনত্রয়ম্ ॥ ১০ ॥
পঞ্চভিঃ পুরুষৈর্মুক্তা অশ্রাদ্ধেয়াঃ সগোত্রিণঃ।
ততঃ ষট্পুরুষাদ্যাশ্চ শ্রাদ্ধে ভোজ্যাঃ সগোত্রিণঃ ॥ ১১
ভৃগ্বগ্নিমরণে চৈব দেশান্তরমৃতে তথা।
বালে প্রেতে চ সন্ন্যাসে সদ্যঃশৌচং বিধীয়তে ॥ ১২ ॥
দশরাত্রেষ্বতীতেষু ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।
ততঃ সংবৎসরাদূর্দ্ধং সচেলং স্নানমাচরেৎ ॥ ১৩ ॥
দেশান্তরমৃতঃ কশ্চিৎ সগোত্রঃ শ্রূয়তে যদি।
ন ত্রিরাত্রমহোরাত্রং সদ্যঃ স্নাত্বা বিশুদ্ধ্যতি ॥ ১৪ ॥

বিচ্ছেদ হয়। আত্মবংশীয় হইলে পঞ্চম পুরুষে বিচ্ছেদ হইয়া থাকে। ৯ চতুর্থ পুরুষে দশ রাত্রি, পঞ্চম পুরুষে ছয় রাত্রি, ষষ্ঠ পুরুষে চারি রাত্রি এবং সপ্তম পুরুষে ত্রিরাত্রি অশৌচ হয়।১০ সগোত্র ব্যক্তি পাঁচ পুরুষ পর্য্যন্ত শ্রাদ্ধে ভোজন করিতে পারে না। ইহার পর ষষ্ঠ পুরুষ হইতে শ্রাদ্ধে ভোজন করিতে পারিবে। ১১ ভৃগু ও অগ্নিতে মরণ হইলে, দেশান্তরে মরিলে, বালক প্রসূত হইবার পর মরিলে সদ্যঃশৌচ হয়। ১২

যদি দশ রাত্রি অতীত হইলে অর্থাৎ অশৌচান্তে অশৌচের সংবাদ প্রাপ্ত হওয়া যায়, তাহা হইলে ত্রিরাত্রিমাত্র অশৌচ হইয়া থাকে। এক বৎসরের পর অশৌচের সংবাদ পাইলে সবস্ত্র স্নানমাত্রে শুদ্ধিলাভ হয়। ১৩ যদি কোন সগোত্র দেশান্তরে মৃত হইয়াছেন, শুনিতে পাওয়া যায়, তাহা হইলে ত্রিরাত্র বা অহোরাত্র

আত্রিপক্ষাৎ ত্রিরাত্রং স্যাদাষণ্মাসাচ্চ পক্ষিণী।
অহঃ সংবৎসরাদর্ব্বাক্ সদ্যঃশৌচং বিধীয়তে॥ ১৫॥
অজাতদন্তা যে বালা যে চ গর্ভাদ্বিনিঃসৃতাঃ।
ন তেষামগ্নিসংস্কারো নাশৌচং নোদকক্রিয়া॥ ১৬॥
যদি গর্ভো বিপদ্যেত স্রবতে বাপি যোষিতাম্।
যাবন্মাসং স্থিতো গর্ভো দিনং তাবৎ স সূতকঃ॥ ১৭॥
আচতুর্থাদ্ভবেৎ স্রাবঃ পাতঃ পঞ্চমষষ্ঠয়োঃ।
অত উর্দ্ধং প্রসূতিঃ স্যাদ্দশাহং সূতকং ভবেৎ॥ ১৮॥
প্রসূতিকালে সংপ্রাপ্তে প্রসবে যদি যোষিতাম্।

অশৌচ হয় না, স্নানমাত্রে শুদ্ধিলাভ হইয়া থাকে। ১৪ পরন্তু ত্রিপক্ষের মধ্যে মৃত্যুসংবাদ শ্রবণ করিলে ত্রিরাত্রি অশৌচ হয়, ষণ্মাসের মধ্যে শ্রবণ করিলে পক্ষিণী অর্থাৎ সার্দ্ধ দিবস অশৌচ হয়, সংবৎসরের মধ্যে শুনিলে এক দিবস অশৌচ হইয়া থাকে, সংবৎসরের পর শ্রবণ করিলে সদ্যঃশৌচ হইয়া থাকে। ১৫ বালক গর্ভ হইতে বিনির্গত হইয়া মরিলে অথবা অজাতদন্ত বালক মরিলে তাহাদের অগ্নিসংস্কার অশৌচ বা উদকক্রিয়া নাই। ১৬ যদি বালক গর্ভেই গতায়ু হয়, অথবা যদি গর্ভস্রাব হয়, তাহা হইলে স্ত্রীলোকের যত মাসের গর্ভ, ততদিন সূতকাশৌচ হইয়া থাকে। ১৭

চারিমাস পর্য্যন্ত গর্ভস্রাব বলা যায়। পঞ্চম ষষ্ঠ মাসে গর্ভ নষ্ট হইলে গর্ভপাত বলা হইয়া থাকে। ষষ্ঠ মাসের পর গর্ভ নষ্ট হইলে প্রসব বলা যাইতে পারে পরন্তু প্রসব স্থলে সম্পূর্ণ দশ দিবস সূতক অশৌচ হয়। ১৮ স্ত্রীলোকের প্রসবকাল উপস্থিত

জীবাপত্যে তু গোত্রস্থ মৃতে মাতুশ্চ সূতকম্ ॥১৯॥
রাত্রাবেব সমুৎপন্নে মৃতে রজসি সূতকে।
পূর্ব্বমেব দিনং গ্রাহ্যং যাবন্নোদয়তে রবিঃ ॥২০॥
দন্তজাতেঽনুজাতে চ কৃতচূড়ে চ সংস্থিতে।
অগ্নিসংস্করণং তেষাং ত্রিরাত্রং সূতকং ভবেৎ ॥২১॥
আ দন্তজননাৎ সদ্য আ চূড়াং নৈশিকী স্মৃতা।
ত্রিরাত্রমা ব্রতাৎ তেষাং দশরাত্রমতঃ পরম্ ॥২২॥
গর্ভে যদি বিপত্তিঃ স্যাদ্দশাহং সূতকং ভবেৎ।
জীবন্ জাতো যদি প্রেতঃ সদ্য এব বিশুদ্ধ্যতি ॥২৩॥
স্ত্রীণাং চূড়ান আদানাৎ সংক্রমাত্তদধঃক্রমাৎ।

হইলে যদি সন্তান প্রসূত হয়, তাহা হইলে সেই সন্তান জীবিত থাকিলে সমুদায় গোত্রের এবং সেই সন্তান মরিলে জননীর জননাশৌচ হইয়া থাকে। ১৯

রাত্রিকালে জন্মিলে মরিলে রজোদর্শন হইলে যে পর্য্যন্ত সূর্য্যোদয় না হয়, সে পর্য্যন্ত পূর্ব্বদিন গণনা করিতে হইবে।২০ দন্ত উঠিলে বা চূড়াকরণ হইলে যদি বালকের মৃত্যু হয়, তাহা হইলে তাহার অগ্নিসংস্কার হইবে এবং সগোত্রের ত্রিরাত্র অশৌচ হইবে।২১ যত দিন বালকের দন্ত না উঠে, তত দিনের মধ্যে মরিলে সদ্যঃশৌচ, চূড়াকরণ পর্য্যন্ত একরাত্রি অশৌচ, উপনয়ন পর্য্যন্ত ত্রিরাত্রি অশৌচ, তৎপরে দশরাত্রি মরণাশৌচ হইয়া থাকে।২১

বালক যদি গর্ভে বিনষ্ট হয়, তাহা হইলে দশ দিন সূতকাশৌচ হইয়া থাকে, পরন্তু যদি জীবিত বালক জন্ম গ্রহণ করিয়া পশ্চাৎ গতায়ু হয়, তাহা হইলে সদ্যঃশৌচ হইয়া থাকে।২৩ কন্যা

সদ্যঃ শৌচমথৈকাহং ত্রিরহঃ পিতৃবন্ধুষু ॥২৪॥
ব্রহ্মচারী গৃহে যেষাং হূয়তে চ হুতাশনে।
সম্পর্কং ন চ কুর্ব্বন্তি ন তেষাং সূতকং ভবেৎ ॥২৫॥
সম্পর্কাদ্দুষ্যতে বিপ্রো নান্যো দোষোঽস্তি ব্রাহ্মণে।
সম্পর্কেষু নিবৃত্তস্য ন প্রেতং নৈব সূতকম্ ॥২৬॥
শিল্পিনঃ কারুকা বৈদ্যা দাসীদাসাশ্চ নাপিতাঃ।
শ্রোত্রিয়াশ্চৈব রাজানঃ সদ্যঃশৌচাঃ প্রকীর্ত্তিতাঃ ॥২৭॥
সব্রতী মন্ত্রপূতশ্চ আহিতাগ্নিশ্চ যো দ্বিজঃ।
রাজ্ঞশ্চ সূতকং নাস্তি যস্য চেচ্ছতি পার্থিবঃ ॥২৮॥
উদ্যতো নিধনে দানে আর্ত্তো বিপ্রো নিমন্ত্রিতঃ।

সন্তান জন্মিলে যদি চূড়াকরণ ও অন্নপ্রাশনের মধ্যে তাহার মৃত্যু হয়, তাহা হইলে পিতৃবন্ধুগণের সদ্যঃশৌচ। সম্প্রদানের মধ্যে মৃত্যু হইলে এক দিবস অশৌচ, তৎপরে তাহাদের ত্রিরাত্রি অশৌচ হইয়া থাকে।২৪

যাহাদের গৃহে ব্রহ্মচারী অবস্থান করিয়া অগ্নিতে হোম করেন, অন্য কোন সম্পর্ক রাখেন না, তাহাদের অশৌচ হয় না।২৫ ব্রাহ্মণ সম্পর্ক দ্বারাই দূষিত হন, অন্য কোন কারণে দূষিত হন না। সম্পর্ক রহিত হইলে তাঁহার জননাশৌচ বা মরণাশৌচ কিছুই হয় না। শিল্পকর কারুকর বৈদ্য দাসী দাস নাপিত শ্রোত্রিয় এবং রাজা, ইঁহারা সদ্যঃশৌচ অর্থাৎ ইঁহাদের স্ব স্ব কার্য্য নিষিদ্ধ নহে।২৭

সতীর্থ, মন্ত্রপূত, আহিতাগ্নি ব্রাহ্মণ, রাজা এবং রাজার অভিপ্রেত ব্যক্তির সূতকাশৌচ হয় না।২৮ বধোদ্যত দানোদ্যত এবং নিমন্ত্রিত ব্যক্তিগণের প্রতিও ঋষিগণ ঐরূপ ব্যবস্থা করিয়া-

তদেব ঋষিভির্দৃষ্টং যথাকালেন শুদ্ধ্যতি ॥২৯॥
প্রসবে গৃহমেধী তু ন কুর্য্যাৎ সঙ্করং যদি।
দশাহাচ্ছুদ্ধ্যতে মাতা অবগাহ্য পিতা শুচিঃ ॥৩০॥
সর্ব্বেষাং শাবমাশৌচং মাতাপিত্রোর্দ্দশাহিকম্।
সূতকং মাতুরেব স্যাদুপস্পৃশ্য পিতা শুচিঃ ॥৩১॥
যদি পত্ন্যাং প্রসূতায়াং সম্পর্কং কুরুতে দ্বিজঃ।
সূতকন্তু ভবেত্তস্য যদি বিপ্রঃ ষড়ঙ্গবিৎ ॥৩২॥
সম্পর্কাজ্জায়তে দোষো নান্যো দোষোঽস্তি ব্রাহ্মণে।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন সম্পর্কং বর্জ্জয়েদ্ দ্বিজঃ ॥৩৩॥
বিবাহোৎসবযজ্ঞেষু ত্বন্তরা মৃতসূতকে।
পূর্ব্বসঙ্কল্পিতং দ্রব্যং দীয়মানং ন দুষ্যতি ॥৩৪॥

ছেন; ইঁহারা সকলেই যথাসময়ে কার্য্যকালে শুদ্ধিলাভ করেন।২৯ গৃহমেধী ব্রাহ্মণ যদি পত্নীর সূতিকাগারের সংস্রবে না থাকেন, তাহা হইলে তিনি স্নান করিয়া শুচি হন, জননীর দশ দিন অশৌচ হয়।৩০ মাতা পিতা সকলেরই দশদিন মরণাশৌচ হয়; একমাত্র জননীরই সূতকাশৌচ হইয়া থাকে। পিতা স্নান করিয়া শুদ্ধ হন।৩১ পত্নী প্রসূতা হইলে যদি কোন ব্রাহ্মণ সূতিকাগারের সহিত সংস্রব করেন, তাহা হইলে তিনি ষড়ঙ্গ বেদে পারদর্শী হইলেও অশুচি হন।৩২

ব্রাহ্মণ সম্পর্ক দ্বারাই দূষিত হন। সম্পর্ক ব্যতিরেকে আর কোন দোষ ব্রাহ্মণে ঘটিতে পারে না। অতএব ব্রাহ্মণের কর্ত্তব্য এই যে, সর্ব্বপ্রযত্নে সংসর্গ পরিত্যাগ করেন।৩৩ বিবাহ উৎসব যজ্ঞ প্রভৃতিতে যদি কোন দ্রব্য প্রদান করিবার সংকল্প

অন্তরা তু দশাহস্য পুনর্ম্মরণ জন্মনী।
তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎ স্যাদনির্দ্দশম্ ॥৩৫॥
ব্রাহ্মণার্থে বিপন্নানাং বন্দিগোগ্রহণে তথা।
আহবেষু বিপন্নানামেকরাত্রন্তু সূতকম্ ॥৩৬॥
দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদকৌ।
পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ ॥৩৭॥
যত্র যত্র হতঃ শূরঃ শত্রুভিঃ পরিবেষ্টিতঃ।
অক্ষয়ান্ লভতে লোকান্ যদি ক্লীবং ন ভাষতে॥৩৮॥
জিতেন লভতে লক্ষ্মীং মৃতেনাপি সুরাঙ্গনাঃ।

হইয়া থাকে, এবং যদি মধ্যে মৃতাশৌচ বা জননাশৌচ হয়, তাহা হইলে সেই সংকল্পিত দ্রব্য দান করিতে পারে, তাহাতে কোন দোষ হয় না। ৩৪ যদি দশ দিন অশৌচের মধ্যেই পুনর্ব্বার জননাশৌচ বা মরণাশৌচ হয়, তাহা হইলে যে পর্য্যন্ত পূর্ব্ব অশৌচের সীমা দশ দিন পূর্ণ না হয়, সে পর্য্যন্ত ব্রাহ্মণের অশৌচ থাকে। ৩৫

ব্রাহ্মণ-রক্ষার্থ মরিলে, বন্দীকৃতা গাভীর উদ্ধারের নিমিত্ত প্রাণত্যাগ করিলে এবং সংগ্রামে বিপন্ন হইলে একরাত্রি অশৌচ হয়,। ৩৬ এই অবনীমণ্ডলের মধ্যে যোগযুক্ত পরিব্রাট্‌ এবং সম্মুখযুদ্ধে হত বীর, ইহাঁরা উভয়ে সূর্য্যমণ্ডল ভেদ করিয়া ঊর্দ্ধে গমন করেন। ৩৭ বীরপুরুষ যদি শত্রুগণ কর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া প্রাণ পরিত্যাগ করেন এবং যদি সে সময় কাতরোক্তি প্রয়োগ না করেন, তাহা হইলে অক্ষয় পুণ্যলোকে গমন করেন। ৩৮ শত্রু জয় করিতে পারিলে লক্ষ্মী লাভ হয়,

ক্ষণবিধ্বংসিকেঽমুস্মিন্ কা চিন্তা মরণে রণে ॥৩৯॥
যস্তু ভগ্নেষু সৈন্যেষু বিদ্রবৎসু সমন্ততঃ।
পরিত্রাতা যদা গচ্ছেৎ স চ ক্রতুফলং লভেৎ ॥৪০॥
যস্য চ্ছেদক্ষতং গাত্রং শরশক্ত্যৃষ্টিমুদ্গরৈঃ।
দেবকন্যাস্তু তং বীরং গায়ন্তি রময়ন্তি চ ॥৪১॥
বরাঙ্গনাসহস্রাণি শূরমায়োধনে হতম্।
নাগকন্যাশ্চ ধাবন্তি মম ভর্ত্তা ভবেদিতি ॥৪২॥
ললাটদেশাদ্রুধিরং হি যস্য
তপ্তস্য জন্তোঃ প্রবিশেচ্চ বক্ত্রে।

শত্রুকর্ত্তৃক নিহত হইলে স্বর্গে সুরাঙ্গনাপ্রাপ্ত হওয়া যায়; অতএব ক্ষণবিধ্বংসী এই শরীর দ্বারা সংগ্রাম ও মরণে চিন্তা কি। ৩৯ যে সময় সৈন্যসমূহ ভগ্ন হইয়া চতুর্দিকে পলায়ন করিতে থাকে, সে সময় যে বীর তাহাদিগকে সংগ্রাম ভূমিতে রক্ষা করেন, তিনি যজ্ঞানুষ্ঠানের ফল প্রাপ্ত হন। ৪০ সংগ্রামে যাঁহার শরীর, শর শক্তি ঋষ্টি মুদ্গর প্রভৃতিদ্বারা ছিন্নভিন্ন ও ক্ষতবিক্ষত হয়, দেবকন্যারা তাঁহাতে রত হন ও তাঁহার যশোগান করিতে থাকেন। ৪১ যে বীর সংগ্রাম ভূমিতে নিহত হন, তাঁহার অনুসরণার্থ সহস্র সহস্র দেবকন্যা ও নাগকন্যা ধাবমান হইতে থাকে, এবং সকলেই প্রার্থনা করে যে, ইনি আমার স্বামী হউন। ২৪

যে ব্যক্তি শত্রুবাণে পরিতপ্ত হইবেন এবং যাঁহার ললাটদেশ হইতে শোণিতধারা নিঃসৃত হইয়া মুখে প্রবেশ করিবে,

তৎ সোমপানেন হি তস্য তুল্যং
সংগ্রামযজ্ঞে বিধিবচ্চ দৃষ্টম্ ॥৪৩॥
যং যজ্ঞসংঘৈস্তপসা চ বিদ্যয়া
স্বর্গৈষিণো বাত্র যথৈব বিপ্রাঃ।
তথৈব যান্ত্যেব হি তত্র বীরাঃ
প্রাণান্ সুযুদ্ধেন পরিত্যজন্তঃ ॥৪৪॥
অনাথং ব্রাহ্মণং প্রেতং যে বহন্তি দ্বিজাতয়ঃ।
পদে পদে যজ্ঞফলমানুপূর্ব্বাল্লভন্তি তে ॥৪৫॥
অসগোত্রমবন্ধুঞ্চ প্রেতীভূতঞ্চ ব্রাহ্মণম্।
নীত্বা চ দাহয়িত্বা চ প্রাণায়ামেন শুদ্ধ্যতি॥৪৬॥
ন তেষামশুভং কিঞ্চিদ্দ্বিজানাং শুভকর্ম্মণি।
জলাবগাহনাত্তেষাং শুদ্ধিঃ স্মৃতির্নিগদীরিতা ॥৪৭॥

সংগ্রাম যজ্ঞে যথাবিধানে তাঁহার সোমযাগের সদৃশ ফল দৃষ্ট হইবে। ৪৩ যাঁহারা স্বর্গপ্রার্থী ব্রাহ্মণ, তাঁহারা যজ্ঞসমূহ দ্বারা তপস্যা দ্বারা বিদ্যা দ্বারা যে লোকে গমন করেন, যে সকল বীর ধর্ম্মযুদ্ধ দ্বারা প্রাণ পরিত্যাগ করেন, তাঁহারাও সেই লোকে গমন করিয়া থাকেন। ৪৪

যে সকল ব্রাহ্মণ মৃত অনাথ ব্রাহ্মণকে বহন করেন, তাঁহারা পদে পদে আনুপূর্ব্বিক যজ্ঞ ফল প্রাপ্ত হন। ৪৫ যিনি সগোত্র বা বন্ধু নহেন, তাদৃশ ব্রাহ্মণ প্রাণ পরিত্যাগ করিলে যাঁহারা দহন বহন করেন, তাহারা কেবল প্রাণায়াম দ্বারা শুদ্ধ হন। ৪৬ এই সকল ব্রাহ্মণের শুভ কার্য্যে কোন বাধা হয় না, কারণ কথিত

অনুগম্যেচ্ছয়া প্রেতং জ্ঞাতিমজ্ঞাতিমেব বা।
স্নাত্বা চৈব তু স্পৃষ্ট্বাগ্নিং ঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতি ॥৪৮॥
ক্ষত্রিয়ং মৃতমজ্ঞানাদ্ব্রাহ্মণো যোঽনুগচ্ছতি।
একাহমশুচির্ভূত্বা পঞ্চগব্যেন শুদ্ধ্যতি ॥৪৯॥
শবঞ্চ বৈশ্যমজ্ঞানাদ্ব্রাহ্মণো যোঽনুগচ্ছতি।
কৃত্বাশৌচং দ্বিরাত্রঞ্চ প্রাণায়ামান্ ষড়াচরেৎ ॥৫০॥
প্রেতীভূতন্তু যঃ শূদ্রং ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
নয়ন্তমনুগচ্ছেত ত্রিরাত্রমশুচির্ভবেৎ ॥৫১॥
ত্রিরাত্রে তু ততঃ পূর্ণে নদীং গত্বা সমুদ্রগাম্।
প্রাণায়ামশতং কৃত্বা ঘৃতং প্রাশ্য বিশুধ্যতি ॥৫২॥

আছে যে, তাঁহারা জলাবগাহন মাত্রেই শুদ্ধ হন। ৪৭ জ্ঞাতি হউন বা জ্ঞাতি নাই হউন্, যে কোন সজাতীয় ব্যক্তি মরিলে যদি কেহ স্বেচ্ছাপূর্ব্বক তাহার অনুগমন করে, তাহা হইলে স্নান করিয়া অগ্নিস্পর্শ পূর্ব্বক ঘৃত ভক্ষণ করিলে শুদ্ধি লাভ করিবে। ৪৮

ক্ষত্রিয় মরিলে যদি কোন ব্রাহ্মণ অজ্ঞানবশত অনুগমন করেন, তাহা হইলে তিনি এক দিন অশুচি থাকিয়া পঞ্চগব্য ভক্ষণ দ্বারা শুদ্ধি লাভ করিতে পারেন। ৪৯ যদি কোন ব্রাহ্মণ অজ্ঞানবশত মৃত বৈশ্যের অনুগমন করেন, তাহা হইলে দুই দিন অশুচি থাকিয়া ষট্‌সংখ্যা প্রাণায়াম দ্বারা পরিশুদ্ধ হন। ৫০ যদি কোন ব্রাহ্মণ অজ্ঞানবশত মৃত শূদ্রের অনুগমন করেন, তাহা হইলে তাঁহার ত্রিরাত্রি অশৌচ হয়। ৫১ অনন্তর ত্রিরাত্রি

বিনির্ব্বর্ত্ত্য যদা শূদ্রা উদকান্তমুপস্থিতাঃ।
দ্বিজৈস্তদানুগন্তব্যা ইতি ধর্ম্মবিদো বিদুঃ ॥৫৩॥
তস্মাদ্দ্বিজো মৃতং শূদ্রং ন স্পৃশেন্ন চ দাহয়েৎ।
দৃষ্টে সূর্য্যাবলোকেন শুদ্ধিরেষা পুরাতনী ॥৫৪॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ।

অতীত হইলে সমুদ্রগামিনী নদীতে অবগাহন পূর্ব্বক একশত প্রাণায়াম করিয়া ঘৃত ভোজনানন্তর শুদ্ধ হইতে পারেন। ৫২ ধর্ম্মশাস্ত্রজ্ঞ ঋষিরা স্থির করিয়াছেন যে, যখন শূদ্রেরা দাহাদি কর্ম্ম সমাধা করিয়া জল পর্য্যন্ত প্রতিনিবৃত্ত হইবে, তখন ব্রাহ্মণেরা অনুগমন করিতে পারিবেন। ৫৩ অতএব দ্বিজগণের কর্ত্তব্য এই যে, শূদ্র মরিলে তাহারা স্পর্শ না করেন, দাহ ও না করান। মৃত শূদ্র দৃষ্ট হইলে তাঁহারা সূর্য্য দর্শন করিয়া শুচি হইবেন। ৫৪

পরাশর সংহিতা তৃতীয় অধ্যায়
সমাপ্ত।

চতুর্থ অধ্যায়।

অতিমানাদতিক্রোধাৎ স্নেহাদ্বা যদি বা ভয়াৎ।
উদ্বধ্নীয়াৎ স্ত্রী পুমান্ বা গতিরেষা বিধীয়তে ॥১॥
পূযশোণিতসংপূর্ণে অন্ধে তমসি মজ্জতি ॥
ষষ্টিং বর্ষসহস্রাণি নরকং প্রতিপদ্যতে ॥২॥
নাশৌচং নোদকং নাগ্নিং নাশ্রুপাতঞ্চ কারয়েৎ।
বোঢ়ারোঽগ্নিপ্রদাতারো রজ্জুচ্ছেদকরাস্তথা ॥৩॥
তপ্তকৃচ্ছ্রেণ শুদ্ধ্যন্তীত্যেবমাহ প্রজাপতিঃ ॥৪॥
গোভির্হতং তথোদ্বদ্ধং ব্রাহ্মণেন তু ঘাতিতম্।

যদি কোন স্ত্রী পুরুষ, অতিমান হেতু, অতি ক্রোধ হেতু, স্নেহ হেতু বা ভয় হেতু, উদ্বন্ধনে প্রাণত্যাগ করে, তাহা হইলে তাহাদের যে রূপ গতি হয়, তাহা বলিতেছি। ১ (ঈদৃশ ব্যক্তি অর্থাৎ যে উদ্বন্ধন দ্বারা জীবন বিসর্জ্জন করে সেই ব্যক্তি) নরকে গমন করে এবং পূযশোণিত পরিপূর্ণ অন্ধতমস নামক স্থানে ষষ্টি সহস্র বৎসর পর্য্যন্ত মগ্ন হইয়া থাকে। ২ উদ্বন্ধন দ্বারা অপমৃত্যু হইলে অশৌচ গ্রহণ করিবে না, জলপ্রদান করিবে না, অগ্নিতে সংকার করাইবে না, অশ্রুপাত ও করিবে না। যাহারা বহন করে, যাহারা দাহ করে, যাহারা রজ্জুচ্ছেদ করে, তাহারা সকলেই তপ্তকৃচ্ছ্র দ্বারা শুদ্ধি লাভ করিতে পারে, মহর্ষি প্রজাপতি এইরূপ ব্যবস্থা স্থির করিয়াছেন। ৪ যে ব্যক্তি গো দ্বারা ব্রাহ্মণ দ্বারা বা উদ্বন্ধন দ্বারা হত হইয়াছে,

সংস্পৃশন্তি তু যে বিপ্রা বোঢ়ারশ্চাগ্নিদাশ্চ যে ॥৫॥
অন্যেঽপি বানুগন্তারঃ পাশচ্ছেদকরাশ্চ যে।
তপ্তকৃচ্ছ্রেণ শুদ্ধ্যন্তি কুর্য্যুর্ব্রাহ্মণভোজনম্ ॥৬॥
অনডুৎসহিতাং গাঞ্চ দদ্যুর্ব্বিপ্রায় দক্ষিণাম্।
ত্র্যহমুষ্ণং পিবেদাপস্ত্র্যহমুষ্ণং পয়ঃ পিবেৎ ॥৭॥
ত্র্যহমুষ্ণং ঘৃতং পীত্বা বায়ুভক্ষো দিনত্রয়ম্।
যো বৈ সমাচরেদ্বিপ্রঃ পতিতাদিষ্বকামতঃ ॥৮॥
পঞ্চাহং বা দশাহং বা দ্বাদশাহমথাপি বা।
মাসার্দ্ধং মাসমেকং বা মাসদ্বয়মথাপি বা ॥৯॥
অব্দার্দ্ধমব্দমেকং বা তদূর্দ্ধং চৈব তৎসমঃ।
ত্রিরাত্রং প্রথমে পক্ষে দ্বিতীয়ে কৃচ্ছ্রমাচরেৎ ॥১০॥

তাহাকে যে সকল ব্রাহ্মণ দহন বহন বা স্পর্শ করে। ৫ এবং যাহারা তাহার অনুগমন করে, যাহারা তাহার পাশচ্ছেদ করে তাহারা সকলেই তপ্তকৃচ্ছ্র দ্বারা শুদ্ধি লাভ করিবে এবং ব্রাহ্মণ ভোজন করাইবে। ৬ এবং ব্রাহ্মণকে দক্ষিণাস্বরূপ বৃষ সহিত গো দান করিবে ও তিন দিন উষ্ণজল, তিন দিন উষ্ণ দুগ্ধ। ৭ ও তিন দিন উষ্ণঘৃত পান করিয়া, তিন দিন বায়ুভক্ষ হইয়া থাকিবে। যে ব্রাহ্মণ অনিচ্ছা পূর্ব্বক পতিতাদির সহিত আহার ব্যবহার করিবে। ৮ তাহা যদি পাঁচ দিন বা দশ দিন বা দ্বাদশ দিন বা পঞ্চদশ দিন বা এক মাস বা দুই মাস বা। ৯ ছয় মাস বা এক বৎসর অথবা এক বৎসরের সদৃশ বা তাহা অপেক্ষা অধিক দিন পর্য্যন্ত ঘটিয়া থাকে, তাহা হইলে, প্রথম পক্ষে অর্থাৎ পঞ্চদিন ব্যবহারে ত্রিরাত্রি করিতে হইবে। দ্বিতীয় পক্ষে অর্থাৎ দশ

তৃতীয়ে চৈব পক্ষে তু কৃচ্ছ্রং সান্তপনং চরেৎ।
চতুর্থে দশরাত্রং স্যাৎ পরাকঃ পঞ্চমে মতঃ ॥১১॥
কুর্য্যাচ্চান্দ্রায়ণং ষষ্ঠে সপ্তমে ত্বৈন্দবদ্বয়ম্।
শুদ্ধ্যর্থমষ্টমে চৈব ষণ্মাসাৎ কৃচ্ছ্রমাচরেৎ ॥১২॥
পক্ষসংখ্যাপ্রমাণেন সুবর্ণান্যপি দক্ষিণা ॥১৩॥
ঋতুস্নাতা তু যা নারী ভর্ত্তারং নোপসর্পতি।
সা মৃতা নরকং যাতি বিধবা চ পুনঃ পুনঃ ॥১৪॥
ঋতৌ স্নাতান্তু যো ভার্য্যাং সন্নিধৌ নোপগচ্ছতি।
ঘোরায়াং ভ্রূণহত্যায়াং যুজ্যতে নাত্র সংশয়ঃ ॥১৫॥
অদুষ্টাপতিতাং ভার্য্যাং যৌবনে যঃ পরিত্যজেৎ।
সপ্তজন্ম ভবেৎ স্ত্রীত্বং বৈধব্যঞ্চ পুনঃ পুনঃ ॥১৬॥

দিন ব্যবহার হইলে কৃচ্ছ্রব্রত করিতে হইবে। ১০ তৃতীয় পক্ষে অর্থাৎ দ্বাদশ দিন ব্যবহার করিলে কৃচ্ছ্র সান্তপন ব্রত অনুষ্ঠান করিতে হইবে। চতুর্থ পক্ষে অর্থাৎ পঞ্চদশ দিন ব্যবহার হইলে দশ রাত্রি করিতে হইবে। পঞ্চম পক্ষে অর্থাৎ এক মাস ব্যবহার হইলে পরাকব্রত আচরণ করিতে হইবে। ১১ ষষ্ঠ পক্ষে অর্থাৎ দুই মাস ব্যবহার হইলে চান্দ্রায়ণ ব্রত করিতে হইবে। সপ্তম পক্ষে অর্থাৎ ছয় মাস ব্যবহার হইলে দুইটী চান্দ্রায়ণ করিতে হইবে। অষ্টম পক্ষে অর্থাৎ এক বৎসর বা তদূর্দ্ধ অধিককাল সহবাস হইলে শুদ্ধির নিমিত্ত ছয় মাস কৃচ্ছ্র ব্রত করিতে হইবে। ১২ যত পক্ষ ব্যবহার করা হইবে, তত পরিমাণে সুবর্ণ অর্থাৎ মোহর দক্ষিণা দিতে হইবে। ১৩

যে স্ত্রী ঋতুস্নাতা হইয়া স্বামীর নিকট উপগতা না হয়, সে

দরিদ্রং ব্যাধিতং মূর্খং ভর্ত্তারং যা ন মন্যতে।
সা মৃতা জায়তে ব্যালী বৈধব্যঞ্চ পুনঃ পুনঃ ॥১৭॥
ওঘবাতাহৃতং বীজং যথা ক্ষেত্রে প্ররোহতি।
ক্ষেত্রী তল্লভতে বীজং ন বীজী ভাগমর্হতি ॥১৮॥
তদ্বৎ পরস্ত্রিয়াঃ পুত্রৌ দ্বৌ সুতৌ কুণ্ডগোলকৌ।
পত্যৌ জীবতি কুণ্ডঃ স্যান্মৃতে ভর্ত্তরি গোলকঃ ॥১৯॥
ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমকঃ সুতঃ।
দদ্যান্মাতা পিতা বাপি স পুত্রো দত্তকো ভবেৎ ॥২০॥
পরিবিত্তিঃ পরীবেত্তা যয়া চ পরিবিদ্যতে।

মৃত্যুর পর নরকে গমন করে ~~এবং~~ অনেক জন্ম বৈধব্য যন্ত্রণা ভোগ করিয়া থাকে। ১৬ যে কামিনী দরিদ্র পীড়িত এবং মূর্খ স্বামিকে অবজ্ঞা করে, সে মৃত্যুর পর সর্পযোনিতে উৎপন্ন হয় এবং বহু জন্মে বৈধব্যযন্ত্রণা ভোগ করে। ১৭

যেমন বীজ, বায়ু প্রবাহ দ্বারা চালিত হইয়া কোন ক্ষেত্রে পতিত হইলে ক্ষেত্রস্বামী তাহার অধিকারী হয়, বীজস্বামী তৎ-সমুদায় বা তাহার কোন অংশ প্রাপ্ত হয় না। ১৮ তাহার ন্যায় পরস্ত্রীর পুত্র দুই প্রকার, কুণ্ড ও গোলক। ইহারা জননীর অধিকৃত, জনকের অধিকৃত নহে। ভর্ত্তা জীবিত থাকিতে অন্য পুরুষ দ্বারা যে পুত্র উৎপাদিত হয়, তাহার নাম কুণ্ড। ভর্ত্তার মৃত্যু হইলে পরপুরুষ দ্বারা যে সন্তান উৎপাদিত হয়, তাহার নাম গোলক। ১৯ পুত্র চারি প্রকার, ঔরস ক্ষেত্রজ দত্তক ও কৃত্রিম। মাতা পিতা যে পুত্রকে দান করে, সেই পুত্রের নাম দত্তক। ২০

সর্ব্বে তে নরকং যান্তি দাতৃযাজকপঞ্চমাঃ ॥২১॥
দারাগ্নিহোত্রসংযোগং যঃ কুর্য্যাদগ্রজে সতি।
পরিবেত্তা স বিজ্ঞেয়ঃ পরিবিত্তিস্তু পূর্ব্বজঃ ॥২২॥
দ্বৌ কৃচ্ছ্রৌ পরিবিত্তেস্তু কন্যায়াঃ কৃচ্ছ্র এব চ।
কৃচ্ছ্রাতিকৃচ্ছ্রৌ দাতুশ্চ হোতা চান্দ্রায়ণঞ্চরেৎ ॥২৩॥
কুব্জবামনষণ্ডেষু গদ্গদেষু জড়েষু চ।
জাত্যন্ধে বধিরে মূকে ন দোষঃ পরিবেদনে ॥২৪॥
পিতৃব্যপুত্রঃ সাপত্ন্যঃ পরনারীসুতস্তথা।

পরিবিত্তি অর্থাৎ যে ব্যক্তি অবিবাহিত থাকিতে তৎকনিষ্ঠ ভ্রাতার বিবাহ হয়, পরিবেত্তা, অর্থাৎ যে ব্যক্তি জ্যেষ্ঠভ্রাতাকে অতিক্রম পূর্ব্বক অগ্রে বিবাহ করে, পরিবিন্না অর্থাৎ জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠ ভ্রাতা যে কন্যাকে বিবাহ করে, এই তিন জন এবং ঈদৃশ বিবাহস্থলে যে ব্যক্তি কন্যাদান করে. বা পৌরোহিত্য করে? তাহারা সকলেই নরকগামী হয়। ২১ যে ব্যক্তি জ্যেষ্ঠ ভ্রাতাকে অতিক্রম করিয়া অগ্রে দারপরিগ্রহ পূর্ব্বক অগ্নিহোত্রী হয়, তাহার নাম পরিবেত্তা এবং তাহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম পরিবিত্তি। ২২ পরিবিত্তির কৃচ্ছ্রদ্বয়, কন্যার এক কৃচ্ছ্র, কন্যাদাতার কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র, পুরোহিতের চান্দ্রায়ণ ব্রতরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে। ২৩ যদি জ্যেষ্ঠ ভ্রাতা কুব্জ বামন ষণ্ড গদগদ অর্থাৎ তোতা জড় জন্মান্ধ বধির ও মূক অর্থাৎ বোবা হয়, তাহা হইলে পরিবেদনে দোষ নাই অর্থাৎ উক্ত প্রকার জ্যেষ্ঠ ভ্রাতা থাকিতে

দারাগ্নিহোত্রসংযোগে ন দোষঃ পরিবেদনে ॥২৫॥
জ্যেষ্ঠো ভ্রাতা যদা তিষ্ঠেদাধানং নৈব চিন্তয়েৎ।
অনুজ্ঞাতস্তু কুর্ব্বীত শঙ্খস্য বচনং যথা ॥২৬॥
নষ্টে মৃতে প্রব্রজিতে ক্লীবে চ পতিতে পতৌ।
পঞ্চস্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধীয়তে ॥২৭॥
মৃতে ভর্ত্তরি যা নারী ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা।
সা মৃতা লভতে স্বর্গং যথা তে ব্রহ্মচারিণঃ ॥২৮॥
তিস্রঃ কোট্যর্দ্ধকোটী চ যানি রোমাণি মানবে।
তাবৎ কালং বসেৎ স্বর্গং ভর্ত্তারং যানুগচ্ছতি ॥২৯॥

কনিষ্ট ভ্রাতা বিবাহ করিতে পারে। ২৪ পিতৃব্যপুত্র বৈমাত্রেয় ভ্রাতা ও পরনারীপুত্র ঈদৃশ ভ্রাতা যদি জ্যেষ্ঠ ও অবিবাহিত থাকে, তাহা হইলে কনিষ্ঠের দার পরিগ্রহ ও অগ্নিহোত্র সংযোগে দোষ ঘটে না। ২৫ যদি জ্যেষ্ঠ সহোদর বিদ্যমান থাকিয়াও দার পরিগ্রহ করিতে অনভিলাষী হন। তাহা হইলে তাঁহার অনুজ্ঞা লইয়া কনিষ্ঠ ভ্রাতা বিবাহ করিতে পারিবেন। এবিষয় শঙ্খ বচনেরও অনুমোদিত। ২৬

স্বামী যদি নিরুদ্দেশ হয়, কালগ্রাসে পতিত হয়, প্রব্রজ্যা অবলম্বন করে, ক্লীব স্থির হয়, পতিত হয়, তাহা হইলে এই পঞ্চবিধ আপদেই নারীর অন্য পতি শাস্ত্র বিহিত হইতে পারে। ২৭ পরন্তু স্বামীর মৃত্যু হইলে যে নারী ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক অবস্থান করে, সে মৃত্যুর পর নৈষ্ঠিক ব্রহ্মচারীর ন্যায় স্বর্গ লাভ করিয়া থাকে। ২৮ যে নারী স্বামীর অনুগমন করে সে, শরীরে

ব্যালগ্রাহী যথা ব্যালং বিলাদুদ্ধরতে বলাৎ।
এবমুদ্ধৃত্য ভর্ত্তারং তেনৈব সহ মোদতে ॥৩০॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে চতুর্থোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

যে সার্দ্ধ ত্রিকোটি লোম আছে, তাবৎ পরিমিত বৎসর পর্য্যন্ত স্বর্গে বাস করে।২৯ ব্যালগ্রাহী যেমন বলপূর্ব্বক গর্ত্ত হইতে সর্পকে উদ্ধার করে, তাহার ন্যায় সেই (সহমরণ প্রবৃত্তা) নারী ভর্ত্তাকে উদ্ধার করিয়া তাঁহার সহিত স্বর্গসুখ অনুভব করেন। ৩০

পরাশর সংহিতা চতুর্থ অধ্যায়
সমাপ্ত।

পঞ্চমোঽধ্যায়ঃ।

বৃকশ্বাভ্যাং শৃগালাদ্যৈর্যদি দষ্টস্তু ব্রাহ্মণঃ।
স্নাত্বা জপেত গায়ত্রীং পবিত্রাং বেদমাতরম্ ॥১॥

যদি কোন ব্রাহ্মণ কুক্কুর কর্ত্তৃক, বৃক কর্ত্তৃক বা শৃগালাদি কর্ত্তৃক দষ্ট হন, তাহা হইলে স্নান পূর্ব্বক বেদমাতা পবিত্র গায়ত্রী

গবাং শৃঙ্গোদকে স্নাতো মহানদ্যান্তু সঙ্গমে।
সমুদ্রদর্শনাদ্বাপি শুনা দষ্টঃ শুচির্ভবেৎ ॥২॥
বেদবিদ্যাব্রতস্নাতঃ শুনা দষ্টস্তু ব্রাহ্মণঃ।
স হিরণ্যোদকে স্নাত্বা ঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতি ॥৩॥
সব্রতস্তু শুনা দষ্টস্ত্রিরাত্রং সমুপোষিতঃ।
ঘৃতং কুশোদকং পীত্বা ব্রতশেষং সমাপয়েৎ ॥৪॥
অব্রতঃ সব্রতো বাপি শুনা দষ্টো ভবেদ্দ্বিজঃ।
প্রণিপত্য ভবেৎ পূতো বিপ্রৈশ্চাপ্যনুনিরীক্ষিতঃ ॥৫॥
শুনাঘ্রাতাবলীঢ়স্য নখৈর্বিলিখিতস্য চ।
অদ্ভিঃ প্রক্ষালনাচ্ছুদ্ধিরগ্নিনা চোপচূলনম্ ॥৬॥

জপ করিবেন। ১ কুক্কুরদষ্ট ব্যক্তি গোশৃঙ্গোদকে অথবা মহানদী সঙ্গমে স্নান করিয়া অথবা সমুদ্র দর্শন করিয়া শুচি হইবে। ২ বেদ পাঠ দ্বারা বিদ্যা দ্বারা ব্রতাচরণ দ্বারা পবিত্র কোন ব্রাহ্মণ যদি কুক্কুর কর্তৃক দষ্ট হন তাহা হইলে তিনি সুবর্ণ সংযুক্ত সলিলে স্নান পূর্ব্বক ঘৃতপান করিয়া শুদ্ধি লাভ করিবেন। ৩ ব্রতনিষ্ঠ ব্রাহ্মণ কুক্কুর কর্তৃক দষ্ট হইলে ত্রিরাত্রি উপোষিত থাকিয়া ঘৃত ও কুশোদক পান পূর্ব্বক ব্রত শেষ সমাধান করিবেন। ৪

ব্রাহ্মণ ব্রতনিষ্ঠ বা ব্রতহীন হউন, যদি তিনি কুক্কুর কর্তৃক দষ্ট হন, তাহা হইলে তিনি প্রণিপাত পূর্ব্বক ব্রাহ্মণ কর্তৃক নিরীক্ষিত হইয়া পবিত্র হইবেন। ৫ যদি কোন ব্যক্তি কুক্কুর কর্তৃক আঘ্রাত অবলীঢ় অথবা নখ দ্বারা বিলিখিত হন, তাহা হইলে জল দ্বারা প্রক্ষালন পূর্ব্বক সেই স্থানে অগ্নি স্পর্শ করাইলে শুদ্ধি লাভ করিতে পারেন। ৬

শুনা চ ব্রাহ্মণী দষ্টা জম্বুকেন বৃকেণ বা।
উদিতং সোমনক্ষত্রং দৃষ্ট্বা সদ্যঃ শুচির্ভবেৎ ॥৭॥
কৃষ্ণপক্ষে যদা সোমো ন দৃশ্যেত কদাচন।
যাং দিশং ব্রজতে সোমস্তাং দিশঞ্চাবলোকয়েৎ ॥৮॥
অসদ্‌ব্রাহ্মণকে গ্রামে শুনা দষ্টস্তু ব্রাহ্মণঃ।
বৃষং প্রদক্ষিণীকৃত্য সদ্যঃ স্নানাদ্বিশুদ্ধ্যতি ॥৯॥
চাণ্ডালেন শ্বপাকেন গোভির্ব্বিপ্রৈর্হতো যদি।
আহিতাগ্নির্ম্মৃতো বিপ্রো বিষেণাত্মহতো যদি ॥১০॥
দহেত্তং ব্রাহ্মণং বিপ্রো লোকাগ্নৌ মন্ত্রবর্জ্জিতম্।
স্পৃষ্ট্বা চোহ্য চ দগ্ধ্বা চ সপিণ্ডেষু চ সর্ব্বথা ॥১১॥
প্রাজাপত্যং চরেৎ পশ্চাদ্বিপ্রাণামনুশাসনাৎ।

ব্রাহ্মণী যদি কুকুর কর্ত্তৃক, জম্বুক কর্ত্তৃক, বৃষ কর্ত্তৃক দষ্টা হন, তাহা হইলে চন্দ্র ও নক্ষত্রের উদয় দেখিয়া সদ্যই শুদ্ধি লাভ করেন। ৭ যদি কৃষ্ণপক্ষে কোনরূপে চন্দ্র দর্শন না হয়, তাহা হইলে চন্দ্র যে দিকে থাকেন, সেই দিক্ অবলোকন করিবে। ৮ যে গ্রামে অপর কোন ব্রাহ্মণ নাই, সেই গ্রামে যদি কোন ব্রাহ্মণ কুকুর কর্ত্তৃক দষ্ট হন, তাহা হইলে তিনি বৃষ প্রদক্ষিণ পূর্ব্বক সদ্য স্নান করিয়া শুদ্ধি লাভ করিবেন। ৯

যদি আহিতাগ্নি ব্রাহ্মণ, শ্বপাক চাণ্ডাল বা গো কর্ত্তৃক হত হইয়া মৃত্যুমুখে পতিত হন, অথবা যদি তিনি বিষ প্রয়োগ পূর্ব্বক আত্মহত্যা করেন।১০ তাহা হইলে লৌকিক অগ্নিতে তাঁহাকে বিনা-মন্ত্রে দগ্ধ করিবে। যে সকল সপিণ্ড ব্রাহ্মণ, দহন বহন ও স্পর্শ

দগ্ধাস্থীনি পুনর্গৃহ্য ক্ষীরৈঃ প্রক্ষালয়েদ্দ্বিজঃ ॥১২॥
পুনর্দ্দহেৎ স্বকাগ্নৌ তন্মন্ত্রেণ চ পৃথক্ পৃথক্ ॥১৩॥
আহিতাগ্নির্দ্বিজঃ কশ্চিৎ প্রবসন্ কালচোদিতঃ।
দেহনাশমনুপ্রাপ্তস্তস্যাগ্নির্ব্বর্ত্ততে গৃহে ॥১৪॥
শ্রৌতাগ্নিহোত্রসংস্কারঃ শ্রূয়তামৃষিসত্তমাঃ।
কৃশাজিনং সমাস্তীর্য্য কুশৈশ্চ পুরুষাকৃতিম্ ॥১৫॥
ষট্‌শতানি শতং চৈব পলাশানাঞ্চ বৃন্তকম্।
চত্বারিংশচ্ছিরে দদ্যাৎ ষষ্টিং কণ্ঠে বিনির্দ্দিশেৎ ॥১৬॥
বাহুভ্যাঞ্চ শতং দদ্যাদঙ্গুলীষু দশৈব তু।
শতঞ্চোরসি সংদদ্যাত্রিংশচ্চৈবোদরে ন্যসেৎ ॥১৭॥

করিবেন। ১১ তাঁহারা প্রাজাপত্য ব্রতের অনুষ্ঠান করিবেন। পরে ব্রাহ্মণের অনুমতি লইয়া দগ্ধ অস্থি সংগ্রহ পূর্ব্বক দুগ্ধে প্রক্ষালন পূর্ব্বক। ১২ পুনর্ব্বার স্বকীয় অগ্নিতে মন্ত্রপূর্ব্বক দাহ করিকে। ১৩ যদি কোন আহিতাগ্নি ব্রাহ্মণ প্রবাসে গমন পূর্ব্বক কালপ্রেরিত হইয়া মৃত্যুমুখে পতিত হন, তাহা হইলে তাঁহার গৃহে অগ্নি নির্ব্বাপিত হইবে।১৪

মহর্ষিগণ! এক্ষণে শ্রৌত অগ্নিহোত্র সংস্কার বিবরণ বলিতেছি, শ্রবণ কর। কৃষ্ণাজিন আস্তীর্ণ করিয়া তদুপরি কুশ-নির্ম্মিত পুরুষ সংস্থাপন করিবে। ১৫ সপ্তশত পলাশবৃন্ত সংগ্রহ করিয়া মস্তকে চত্বারিংশৎ, কণ্ঠে ষষ্টিসংখ্য প্রদান করিবে। ১৬ বাহুদ্বয়ে একশত, অঙ্গুলীতে দশসংখ্য, বক্ষঃস্থলে একশত, উদরে ত্রিংশৎ।১৭ বৃষণদ্বয়ে অষ্টসংখ্য, মেঢ্রে পঞ্চসংখ্য, ঊরুদ্বয়ে এক-

অষ্টৌ বৃষণয়োর্দ্দদ্যাৎ পঞ্চ মেঢ্রেচ বিন্যসেৎ।
একবিংশতিমূরুভ্যাং জানুজঙ্ঘে চ বিংশতিম্ ॥১৮॥
পাদাঙ্গুল্যোঃ শতার্দ্ধঞ্চ পত্রাণি চ তথা ন্যসেৎ।
শম্যাং শিশ্নে বিনিঃক্ষিপ্য অরণীং বৃষণে তথা ॥১৯॥
জুহূং দক্ষিণহস্তেন বামহস্তে তথোপসৎ।
কর্ণে চোদূখলং দদ্যাৎ পৃষ্ঠে চ মূষলং ততঃ ॥২০॥
নিঃক্ষিপ্যোরসি দৃশদং তণ্ডুলাজ্যতিলান্মুখে।
শ্রোত্রে চ প্রোক্ষণীং দদ্যাদাজ্যস্থালীঞ্চ চক্ষুষোঃ॥২১॥
কর্ণে নেত্রে মুখে ঘ্রাণে হিরণ্যশকলং ক্ষিপেৎ।
অগ্নিহোত্রোপকরণং গাত্রে শেষং প্রবিন্যসেৎ ॥২২॥
অসৌ স্বর্গায় লোকায় স্বাহেতি চ ঘৃতাহুতীঃ।
দদ্যাৎ পুত্রোঽথবা ভ্রাতা হ্যন্যে বাপি স্বধর্ম্মিণঃ ॥২৩॥
যথা দহনসংস্কারস্তথা কার্য্যং বিচক্ষণৈঃ।

বিংশতি, জানু এবং জঙ্ঘাতে বিংশতি সঙ্খ্যা। ১৮ চরণাঙ্গুলি সমুদায়ে পঞ্চাশৎ পলাশবৃন্ত নিক্ষেপ করিবে। শিশ্নে এবং বৃষণেতে শমীকাষ্ঠ নির্ম্মিত অরণি সংস্থাপন করিবে। ১৯ দক্ষিণ হস্তে জুহূ, বাম হস্তে উপসৎ, কর্ণে উদূখল, পৃষ্ঠে মুষল। ২০ বক্ষঃস্থলে প্রস্তর, মুখে তণ্ডুল ঘৃত তিল, কর্ণে প্রোক্ষণী, নেত্রদ্বয়ে আজ্যস্থালী নিক্ষেপ করিবে। ২১ কর্ণে নেত্রে মুখে নাসিকাতে স্বর্ণখণ্ড প্রদান করিয়া অবশিষ্ট অগ্নিহোত্রোপকরণ সমুদায় গাত্রে নিক্ষেপ করিবে। ২২

অনন্তর পুত্র ভ্রাতা বা অন্য কোন স্বধর্ম্মী, "অসৌ স্বর্গায়

ঈদৃশন্তু বিধিং কুর্য্যাদ্ব্রহ্মলোকে গতির্ধ্রুবম্ ॥ ২৪ ॥
যে দহন্তি দ্বিজাস্তন্তু তে যান্তি পরমাং গতিম্ ॥ ২৫ ॥
অন্যথা কুর্ব্বতে কিঞ্চিদাত্মবুদ্ধিপ্রবোধিতাঃ।
ভবন্ত্যল্পায়ুষস্তে বৈ পতন্তি নরকে ধ্রুবম্ ॥ ২৬ ॥

ইতি পরাশরে ধর্ম্মশাস্ত্রে পঞ্চমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

লোকায় স্বাহা" এই মন্ত্র পাঠ করিয়া ঘৃতাহুতি প্রদান করিবে।২৩ অনন্তর বিচক্ষণ ব্যক্তি দহন কার্য্যের বিধানানুসারে সমুদায় কার্য্য করিবেন। ঈদৃশ বিধিবিহিত কার্য্য করিলে ব্রহ্মলোক প্রাপ্তি হয়, সন্দেহ নাই। ২৪ যে সকল ব্রাহ্মণ ঈদৃশ ব্রাহ্মণের দাহ করে, তাহারা পরম গতি লাভ করিয়া থাকে। ২৫ যাহারা নিজ বুদ্ধি অনুসারে যুক্তি অবলম্বন করিয়া ইহার অন্যথাচরণে প্রবৃত্ত হয়, তাহারা অল্পায়ু হয় ও নরকে গমন করে। ২৬

ইতি পরাশর সংহিতা পঞ্চম অধ্যায়
সমাপ্ত।

ষষ্ঠ অধ্যায়।

অতঃ পরং প্রবক্ষ্যামি প্রাণিহত্যাসু নিষ্কৃতিম্।
পরাশরেণ পূর্ব্বোক্তাং মন্বর্থেঽপি চ বিস্মৃতাম্ ॥ ১ ॥

হংসসারসক্রৌঞ্চাংশ্চ চক্রবাকং সকুক্কুটম্।
জালপাদাংশ্চ শরভমহোরাত্রেণ শুধ্যতি ॥ ২ ॥
বলাকাটিট্টিভানাঞ্চ শুকপারাবতাদিনাম্।
আটিনাঞ্চ বকানাঞ্চ শুধ্যতে নক্তভোজনাৎ ॥ ৩ ॥
ভাসকাককপোতানাং শারীতিত্তিরিঘাতকঃ।
অন্তর্জলে উভে সন্ধ্যে প্রাণায়ামেন শুধ্যতি ॥ ৪ ॥
গৃধ্রশ্যেনশিখিগ্রাহচাসোলূকনিপাতনে।
অপক্বাশী দিনং তিষ্ঠেত্ত্রিকালং মারুতাশনঃ ॥ ৫ ॥
বল্গুলীচটকানাঞ্চ কোকিলাখঞ্জরীটকান্।

অনন্তর কি রূপে প্রাণিহত্যা পাতক হইতে মুক্তি লাভ করিতে পারা যায়, তাহা বলিতেছি। মহর্ষি মনু বলিতে বিস্মৃত হইয়াছিলেন বটে, কিন্তু পূর্ব্বে পরাশর ইহা ব্যক্ত করিয়াছেন। ১

হংস, সারস, বক, চক্রবাক, কুক্কুট জালপাদ নামক হংসবিশেষ শরভ, এই সমস্ত প্রাণী হত্যা করিলে এক দিবারাত্র উপবাস করিয়া শুদ্ধি লাভ করিতে পারে। ২ যদি বলাকা,টিট্টিভ, শুক, পারাবত, আটি, বক প্রভৃতি পক্ষি বধ করে, তাহা হইলে দিবসে উপবাস পূর্ব্বক রাত্রিতে আহার করিলে শুদ্ধি লাভ করিতে পারে। ৩ ভাস, কাক, কপোত অর্থাৎ পারাবতবিশেষ শারী তিত্তিরী বিনাশ করিলে প্রাতঃকালে ও সায়ংকালে জলমধ্যে দাঁড়াইয়া প্রাণায়াম করিলে শুদ্ধি লাভ করিতে পারে। ৪ যদি কোন ব্যক্তি গৃধ্র, শ্যেন, ময়ূর, কুম্ভীরাদি গ্রাহ স্বর্ণচাতক উলূক, এই সমুদায় প্রাণী বিনাশ করে, এক দিন অপক্ব দ্রব্য ভক্ষণ করিয়া

লাবকারক্তপাদাংশ্চ শুধ্যন্তে নক্তভোজনাৎ ॥ ৬ ॥
কারণ্ডবচকোরাণাং পিঙ্গলাকুররস্য চ।
ভারদ্বাজনিহন্তা চ শুধ্যতে শিবপূজনাৎ ॥ ৭ ॥
ভেরুণ্ডশ্যেনভাসঞ্চ পারাবতকপিঞ্জলান্।
পক্ষিণামেব সর্ব্বেষামহোরাত্রেণ শুধ্যতি ॥ ৮ ॥
হত্বা নকুলমার্জারসর্পাজগরডুণ্ডুভান।
কৃশরং ভোজয়েদ্বিপ্রান্ লোহদণ্ডঞ্চ দক্ষিণাম্ ॥ ৯ ॥
শল্লকীশশকাগোধামৎস্যকূর্ম্মাভিপাতনে।

পরে ত্রিকাল বায়ু ভক্ষণ করিয়া থাকিবে। ৫ বল্গুণী, চটক, কোকিল খঞ্জরীট লাবক, রক্তপাদ, এই সমুদায় প্রাণী বিনাশ করিলে যদি দিবসে উপবাসী থাকিয়া রাত্রিতে আহার করে, তাহা হইলে শুদ্ধি লাভ করিতে পারে। ৬ কারণ্ডব, চকোর, পিঙ্গল, কুরর, ভারদ্বাজ, এই সমুদায় পক্ষী বিনাশ করিলে শিবপূজা করিয়া শুদ্ধি লাভ করিতে পারে। ৭ যদি কোন ব্যক্তি ভেরুণ্ড শ্যেন ভাস পারাবত কপিঞ্জল, এই সমুদায় পক্ষীর প্রাণ নাশ করে, তাহা হইলে অথবা অন্য যে কোন পক্ষী বিনাশ করিলে এক অহোরাত্র উপবাস করিয়া সেই পাপ হইতে মুক্তি লাভ করিতে পারিবে। ৮

যদি কোন ব্যক্তি নকুল মার্জ্জার সর্প অজগর ডুণ্ডুভ কৃশর, এই সমস্ত প্রাণীর মধ্যে কোন প্রাণী বিনাশ করে, তাহা হইলে লৌহদণ্ড দক্ষিণা প্রদান পূর্ব্বক ব্রাহ্মণকে তিলান্ন ভোজন করাইয়া শুদ্ধি লাভ করিতে পারিবে। ৯ যদি কেহ শল্লকী শশক গোধা মৎস্য

বৃন্তাকফলভোক্তা চ হ্যহোরাত্রেণ শুদ্ধ্যতি ॥ ১০ ॥
বৃকজম্বুকঋক্ষাণাং তরক্ষূণাঞ্চ ঘাতনে।
তিলপ্রস্থং দ্বিজে দদ্যাদ্বায়ুভক্ষো দিনত্রয়ম্ ॥ ১১॥
গজগবয়তুরঙ্গাণাং মহিষোষ্ট্রনিপাতনে।
শুধ্যতে সপ্তরাত্রেণ বিপ্রাণাং তর্পণেন চ ॥ ১২ ॥
মৃগং রুরুং বরাহঞ্চ অজ্ঞানাদ্‌যস্তু ঘাতয়েৎ।
অফালকৃষ্টমশ্নীয়াদহোরাত্রেণ শুধ্যতি ॥ ১৩ ॥

কূর্ম্ম, এই সমুদায় জীবের, মধ্যে কোন জীব হত্যা করে, তাহা হইলে এক দিবারাত্র বার্ত্তাকু ফল ভক্ষণ করিয়া থাকিলে পাপ হইতে মুক্তি লাভ করিতে পারিবে। ১০ যদি কোন ব্যক্তি বৃক জম্বুক ভল্লূক তরক্ষু, এই সমুদায় জন্তর মধ্যে কোন জন্ত বিনাশ করে, তাহা হইলে তিন দিন বায়ু ভক্ষণ পূর্ব্বক থাকিয়া ব্রাহ্মণকে এক প্রস্থ পরিমিত অর্থাৎ দীর্ঘে প্রস্থে এক হস্ত পরিমিত পাত্রের ৬৪ চতুঃ-ষষ্টিতম অংশ পরিমিত পাত্রের এক পাত্র তিল প্রদান করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবে। ১১

যদি কোন ব্যক্তি গজ গবয় তুরঙ্গম মহিষ উষ্ট্র এই সমুদায় বৃহদাকার জীবের মধ্যে কোন জীব বিনাশ করে, তাহা হইলে সপ্তরাত্রি উপবাস পূর্ব্বক ব্রাহ্মণদিগকে পরিতুষ্ট করিয়া পাপ হইতে মুক্তিলাভ করিতে পারিবে। ১২ যদি কোন ব্যক্তি মৃগ রুরু বরাহ, এই সমুদায় প্রাণীর মধ্যে কোন প্রাণীকে অজ্ঞান পূর্ব্বক বধ করে, তাহা হইলে সে এক দিবারাত্র লাঙ্গল দ্বারা অকৃষ্ট শস্য ভক্ষণ পূর্ব্বক

এবং চতুষ্পদানাঞ্চ সর্ব্বেষাং বনচারিণাম্।
অহোরাত্রোষিতস্তিষ্ঠেজ্জপন্ বৈ জাতবেদসম্॥ ১৪॥
শিল্পিনং কারুকং শূদ্রং স্ত্রিয়ং বা যস্তু ঘাতয়েৎ।
প্রাজাপত্যদ্বয়ং কুর্য্যাদ্বৃষৈকাদশ দক্ষিণা॥ ১৫॥
বৈশ্যং বা ক্ষত্রিয়ং বাপি নির্দ্দোষমভিঘাতয়েৎ।
সোঽতিকৃচ্ছ্রদ্বয়ং কুর্য্যাদ্গোবিংশং দক্ষিণাং দদেৎ॥১৬
বৈশ্যং শূদ্রং ক্রিয়াসক্তং বিকর্ম্মস্থং দ্বিজোত্তমম্।
হত্বা চান্দ্রায়ণং কুর্য্যাদ্দদ্যাদ্গোত্রিংশদক্ষিণাম্॥ ১৭॥
ক্ষত্রিয়েণাপি বৈশ্যেন শূদ্রেণৈবেতরেণ বা।
চাণ্ডালবধসংপ্রাপ্তঃ কৃচ্ছ্রার্দ্ধেন বিশুধ্যতি॥ ১৮॥

থাকিয়া পাপ হইতে নিষ্কৃতি পাইবে॥ ১৩ এইরূপ বনচর চতুষ্পদ অন্যান্য জন্তু বধ করিলে এক দিবারাত্র উপবাস করিয়া বহ্নিবীজ জপ করিলে শুদ্ধি লাভ করিতে পারিবে। ১৪

যদি কোন ব্যক্তি শিল্পজীবী কারুকর শূদ্র ও নারীকে বধ করে, তাহা হইলে সে দুইটী প্রাজাপত্য ব্রত করিয়া এগারটী বৃষ দক্ষিণা দিবে। ১৫ যে ব্যক্তি বিনাপরাধে ক্ষত্রিয় বা বৈশ্যকে বিনাশ করিবে, সে দুইটী অতিকৃচ্ছ্র ব্রতানুষ্ঠান করিয়া বিংশতি-সংখ্য গো দক্ষিণা প্রদান করিলে পাপ হইতে মুক্তি লাভ করিতে পারিবে। ১৬ যদি কেহ যাগক্রিয়াসক্ত বৈশ্য শূদ্র ও ক্রিয়াহীন ব্রাহ্মণকে বিনাশ করে, তাহা হইলে সে চান্দ্রায়ণ ব্রত করিয়া ব্রাহ্মণকে ত্রিশটী গরু দক্ষিণা দিলে পাপ হইতে নিষ্কৃতি পাইবে। ১৭ যদি ক্ষত্রিয় বৈশ্য বা শূদ্র কোন চণ্ডাল বধ করে,

চৌরাঃ শ্বপাকচাণ্ডালা বিপ্রেণাপি হতা যদি।
অহোরাত্রোপবাসেন প্রাণায়ামেন শুধ্যতি ॥ ১৯ ॥
শ্বপাকং বাপি চাণ্ডালং বিপ্রঃ সংভাষতে যদি।
দ্বিজসম্ভাষণং কুর্য্যাদ্ গায়ত্রীং সকৃজ্জপেৎ ॥ ২০ ॥
চাণ্ডালৈঃ সহ সুপ্তস্তু ত্রিরাত্রমুপবাসয়েৎ।
চাণ্ডালৈকপথঙ্গত্বা গায়ত্রীস্মরণাচ্ছুচিঃ ॥ ২১ ॥
চাণ্ডালদর্শনেনৈব আদিত্যমবলোকয়েৎ।
চাণ্ডালস্পর্শনে চৈব সচেলং স্নানমাচরেৎ ॥ ২২ ॥

তাহা হইলে অর্দ্ধকৃচ্ছ্র ব্রত দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবে।১৮ যদি কোন ব্রাহ্মণ চোর শ্বপাক বা চাণ্ডালকে বিনাশ করে, তাহা হইলে এক দিবারাত্র উপবাস পূর্ব্বক প্রাণায়াম করিলে পাপ হইতে মুক্তিলাভ করিতে পারিবে। ১৯ যদি কোন ব্রাহ্মণ চাণ্ডাল বা শ্বপাকের সহিত আলাপ করেন, তাহা হইলে তিনি ব্রাহ্মণের সহিত সম্ভাষণ পূর্ব্বক একবার গায়ত্রী জপ করিলে শুদ্ধি লাভ করিতে পারিবেন। ২০ যদি কোন ব্রাহ্মণ চাণ্ডালের সহিত একত্র শয়ন করেন, তাহা হইলে তিনি ত্রিরাত্রি উপবাস করিয়া পাপ মুক্ত হইবেন। যদি কোন ব্রাহ্মণ চাণ্ডালের সহিত এক পথে গমন করেন, তাহা হইলে তিনি গায়ত্রী স্মরণ পূর্ব্বক শুদ্ধি লাভ করিতে পারিবেন। ২১ যদি কোন ব্রাহ্মণ চাণ্ডাল দর্শন করেন, তাহা হইলে তিনি দিবাকর দর্শন করিয়া শুদ্ধ হইবেন। যদি কেহ চাণ্ডাল স্পর্শ করেন, তাহা হইলে তিনি সেই বস্ত্রেই জলে অবগাহন করিয়া

চাণ্ডালখাতবাপীষু পীত্বা সলিলমগ্রজঃ।
অজ্ঞানাচ্চৈব নক্তেন ত্বহোরাত্রেণ শুধ্যতি ॥ ২৩ ॥
চাণ্ডালভাণ্ডসংস্পৃষ্টং পীত্বা কূপগতং জলম্।
গোমূত্রযাবকাহারস্ত্রিরাত্রাচ্ছুদ্ধিমাপ্নুয়াৎ ॥ ২৪ ॥
চাণ্ডালোদকভাণ্ডে তু অজ্ঞানাৎ পিবতে জলম্।
তৎক্ষণাৎ ক্ষিপতে যস্তু প্রজাপত্যং সমাচরেৎ ॥ ২৫ ॥
যদি ন ক্ষিপ্যতে তোয়ং শরীরে যস্য জীর্য্যতি।
প্রাজাপত্যং ন দাতব্যং কৃচ্ছ্রং সান্তপনঞ্চরেৎ ॥ ২৬ ॥

স্নান করিলে শুদ্ধ হইবেন। ২২ যদি কোন ব্রাহ্মণ না জানিয়া চাণ্ডালখাত পুষ্করিণী বা দীর্ঘিকাতে জল পান করেন, তাহা হইলে তিনি দুই রাত্রি ও এক দিবস উপবাস করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবেন। ২৩ যদি কোন ব্রাহ্মণ চাণ্ডালের ভাণ্ড স্পৃষ্ট কূপস্থিত জলপান করেন, তাহা হইলে তিনি তিন রাত্রি গোমূত্র ও যাবক* আহার পূর্ব্বক থাকিয়া শুদ্ধি লাভ করিতে পারিবেন। ২৪ যদি কোন ব্রাহ্মণ না জানিয়া চাণ্ডালের জল পাত্রে জল পান করেন ও যদি ঐ জল তৎক্ষণাৎ বমন করিয়া ফেলেন, তাহা হইলে প্রাজাপত্য ব্রতাচরণ করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবেন।২৫ যদি কোন ব্রাহ্মণ অজ্ঞানতা নিবন্ধন চণ্ডালের জলপাত্রে জলপান করেন, ও যদি সেই জল বমন করিয়া না ফেলিয়া জীর্ণ করিয়া ফেলেন, তাহা হইলে তিনি প্রাজাপত্য ব্রতানুষ্ঠান না করিয়া কৃচ্ছ্র সান্তপন ব্রতাচরণ করিলে শুদ্ধি লাভ করিতে পারিবেন। ২৬

* যাবক—দোবরা ধান। অর্দ্ধপক্ক যব।

চরেৎ সান্তপনং বিপ্রঃ প্রাজাপত্যন্তু ক্ষত্রিয়ঃ।
তদৰ্দ্ধন্তু চরেদ্বৈশ্যঃ পাদং শূদ্রস্য দাপয়েৎ ॥ ২৭ ॥
ভাণ্ডস্থমন্ত্যজানান্তু জলং দধি পয়ঃ পিবেৎ।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রশ্চৈব প্রমাদতঃ ॥ ২৮ ॥
ব্রহ্মকূর্চ্চোপবাসেন দ্বিজাতীনান্তু নিষ্কৃতিঃ।
শূদ্রস্য চোপবাসেন তথা দানেন শক্তিতঃ ॥ ২৯ ॥
ব্রাহ্মণো জ্ঞানতো ভুঙ্‌ক্তে চাণ্ডালান্নং কদাচন।
গোমূত্রযাবকাহারাদ্দশরাত্রেণ শুধ্যতি ॥৩০ ॥
একৈকং গ্রাসমশ্নীয়াদ্ গোমূত্রযাবকস্য চ।
দশাহনিয়মস্থস্য ব্রতং তত্র বিনির্দ্দিশেৎ ॥ ৩১ ॥

যে স্থলে ব্রাহ্মণ সান্তপন ব্রত করিবেন, সে স্থলে ক্ষত্রিয় প্রাজাপত্য ব্রত, বৈশ্য অৰ্দ্ধপ্রাজাপাত্যব্রত, শূদ্র একপাদ প্রাজাপত্য ব্রতাচরণ করিলে শুদ্ধি লাভ করিতে পারিবে। ২৭ যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য বা শূদ্র প্রমাদ বশত অন্ত্যজ জাতির ভাণ্ডস্থিত জল, দধি বা দুগ্ধ পান করে, ২৮ তাহা হইলে দ্বিজগণ উপবাস পূর্ব্বক ব্রহ্মমন্ত্র বা কূর্চ্চমন্ত্র জপ দ্বারা এবং শূদ্র-গণ উপবাস ও যথাশক্তি দান দ্বারা শুদ্ধি লাভ করিতে পারে। ২৯ যদি কোন ব্রাহ্মণ কখন জ্ঞান পূর্ব্বক চাণ্ডালান্ন ভোজন করেন, তাহা হইলে তিনি দশ রাত্রি গোমূত্র ও যাবক আহার করিয়া থাকিলে শুদ্ধি লাভ করিতে পারিবেন। ৩০ এই ব্যক্তিকে দশ দিবস এইরূপ নিয়ম প্রতিপালন করিতে হইবে যে, প্রতি দিবস গোমূত্র ও যাবকের এক এক গ্রাস ভক্ষণ করিয়া ব্রত পূর্ণ

অবিজ্ঞাতশ্চ চাণ্ডালঃ সন্তিষ্ঠেত্তস্য বেশ্মনি।
বিজ্ঞাতে তূপসংন্যস্য দ্বিজাঃ কুর্ব্বন্ত্যনুগ্রহম্॥ ৩২॥
ঋষিবক্ত্রাচ্ছ্রুতা ধর্ম্মাস্ত্রায়ন্তে বেদপাবনাঃ।
পতন্তমুদ্ধরেয়ুস্তে ধর্ম্মজ্ঞাঃ পাপসঙ্কটাৎ। ৩৩॥
দধ্না চ সর্পিষা চৈব ক্ষীরগোমূত্রযাবকম্।
ভুঞ্জীত সহ সর্ব্বৈশ্চ ত্রিসন্ধ্যমবগাহনম্॥ ৩৪॥
ত্র্যহং ভুঞ্জীত দধ্না চ ত্র্যহং ভুঞ্জীত সর্পিষা।
ত্র্যহং ক্ষীরেণ ভুঞ্জীত একৈকেন দিনত্রয়ম্॥ ৩৫॥
ভাবদুষ্টং ন ভুঞ্জীয়ান্নোচ্ছিষ্টং কৃমিদূষিতম্।
ত্রিপলং দধিদুগ্ধস্য পলমেকন্তু সর্পিষঃ॥ ৩৬॥

করিবেন। ৩১ যদি কোন ব্রাহ্মণের গৃহে চাণ্ডাল অপরিজ্ঞাতরূপে বাস করে এবং যদি পরে তাহা জানিতে পারা যায়, তাহা হইলে ব্রাহ্মণেরা বক্ষ্যমাণ উপসংন্যাস করিয়া অনুগ্রহ পূর্ব্বক তাহাকে পাপমুক্ত করিয়া দিবেন। ৩২

ঋষিমুখে শ্রুত বেদপাবন ধর্ম্ম, সকলকে রক্ষা করিতেছে। এই ধর্ম্মজ্ঞ ব্যক্তিরা পতিত ব্যক্তিকে পাপ সঙ্কট হইতে উদ্ধার করেন।৩৩ উপসংন্যাস এই যে, ব্রাহ্মণগণের সহিত একত্র হইয়া দধির সহিত ঘৃতের সহিত ও দুগ্ধের সহিত গোমূত্র এবং তিলান্ন আহার করিবে, ত্রিসন্ধ্যা স্নান করিবে। ৩৪ পরন্তু তিন দিন দুগ্ধের সহিত, তিন দিন ঘৃতের সহিত ও তিন দিন দধির সহিত, এইরূপে এক এক দ্রব্যের সহিত তিন দিন করিয়া গোমূত্রযুক্ত তিলান্ন আহার করিতে হইবে। ৩৫ ভাবদুষ্ট কৃমি দূষিত বা উচ্ছিষ্ট দ্রব্য ভোজন করিবে

ভস্মনা তু ভবেচ্ছুদ্ধিরুভয়োস্তাম্রকাংশ্যয়োঃ।
জলশৌচেন বস্ত্রাণাং পরিত্যাগেন মৃণ্ময়ম্ ॥ ৩৭ ॥
কুসুম্ভগুড়কার্পাসলবণং তৈলসর্পিষী।
দ্বারে কৃত্বা তু ধান্যানি গৃহে দদ্যাদ্ধুতাশনম্ ॥ ৩৮ ॥
এবং শুদ্ধস্ততঃ পশ্চাৎ কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্।
ত্রিংশতং গা বৃষঞ্চৈকং দদ্যাদ্বিপ্রেষু দক্ষিণাম্ ॥ ৩৯ ॥
পুনর্লেপনয়া তেন হোমজপ্যেন শুধ্যতি।
আধারেণ চ বিপ্রাণাং ভূমিদোষো ন বিদ্যতে ॥ ৪০ ॥
রজকী চর্ম্মকারী চ লুব্ধকস্য চ পুক্কসী।

না। দধি ও দুগ্ধ তিন পল এবং ঘৃত এক পল আহার করিবে। ৩৬ সেই ভবনস্থিত তাম্র পাত্র ও কাংস্য পাত্র ভস্ম দ্বারা মার্জ্জিত করিলে শুদ্ধ হইবে। বস্ত্র সমুদায় জল দ্বারা ধৌত করিয়া লইতে হইবে। মৃণ্ময় পাত্র সমুদায় পরিত্যাগ করিতে হইবে। ৩৭ অনন্তর গৃহদ্বারে কুসুম্ভ গুড় কার্পাস লবণ তৈল ঘৃত ধান্য, এই সমুদায় বস্তু সংস্থাপন করিয়া গৃহে অগ্নি প্রদান পূর্ব্বক জ্বালাইয়া দিবে। ৩৮

এইরূপে শুদ্ধি লাভ করিয়া পশ্চাৎ ব্রাহ্মণ ভোজন করাইতে হইবে। পরে ত্রিশটি গাভি ও একটী বৃষ দক্ষিণা প্রদান করিবে। ৩৯ অনন্তর সেই স্থান পুনর্ব্বার বিলেপন দ্বারা হোম দ্বারা ও জপ দ্বারা শুদ্ধ হইবে। ব্রাহ্মণগণের আধারার্থ ভূমি দোষ ঘটে না। ৪০

যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য বা শূদ্রের গৃহে অপরিজ্ঞাতরূপে

চাতুর্বর্ণ্যগৃহে যস্য হ্যজ্ঞানাদধিতিষ্ঠতি ॥ ৪১ ॥
জ্ঞাত্বা তু নিষ্কৃতিং কুর্য্যাৎ পূর্ব্বোক্তস্যার্দ্ধমেব চ।
গৃহদাহং ন কুর্ব্বীতাপ্যন্যৎ সর্ব্বঞ্চ কারয়েৎ ॥ ৪২॥
গৃহস্যাভ্যন্তরে গচ্ছেচ্চাণ্ডালো যস্য কস্যচিৎ।
তস্মাদ্গৃহাদ্বিনিঃসৃত্য গৃহভাণ্ডানি বর্জয়েৎ ॥ ৪৩ ॥
রসপূর্ণন্তু যদ্ভাণ্ডং ন ত্যজেচ্চ কদাচন।
গোরসেন তু সংমিশ্রৈর্জলৈঃ প্রোক্ষেৎ সমন্ততঃ ॥৪৪॥
ব্রাহ্মণস্য ব্রণদ্বারে পূযশোণিতসম্ভবে।
কৃমিরুৎপদ্যতে যস্য প্রায়শ্চিত্তং কথং ভবেৎ॥ ৪৫ ॥
গবাং মূত্রপুরীষেণ দধ্না ক্ষীরেণ সর্পিষা।

রজকী চর্ম্মকারী লুব্ধকী বা পুক্কসী অবস্থান করে, তাহা হইলে, ৪১ যখন জানিতে পারিবে, তখন পূর্ব্বোক্ত কার্য্য সমুদায়ের অর্দ্ধ অনুষ্ঠান করিবে। পরন্তু গৃহ দগ্ধ করিতে হইবে না। ৪২

যাহার গৃহ মধ্যে চাণ্ডাল প্রবেশ করিবে, সেই ব্যক্তি গৃহের সমুদায় ভাণ্ড বাহির করিয়া ফেলিয়া দিবে। ৪৩

যে ভাণ্ডে তৈল মধু সুরা ঘৃত প্রভৃতি রস দ্রব্য থাকিবে, তাহা কখনই পরিত্যাগ করিবে না। ঐ সকল ভাণ্ড গোরস মিশ্রিত জল দ্বারা সর্ব্বাংশে প্রোক্ষিত করিয়া লইবে। ৪৪

ব্রাহ্মণের ব্রণ স্থানে পূয রক্ত মধ্যে যদি কৃমি উৎপন্ন হয়, তাহা হইলে তাহার কিরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে, বলিতেছি। ৪৫ তিন দিবস দধি দুগ্ধ ঘৃত ও গাভির মূত্র পুরীষ দ্বারা স্নান

ত্র্যহং স্নাত্বা চ পীত্বা চ কৃমিদুষ্টঃ শুচির্ভবেৎ ॥ ৪৬ ॥
ক্ষত্রিয়োঽপি সুবর্ণস্য পঞ্চ মাষান্ প্রদাপয়েৎ।
গোদক্ষিণান্তু বৈশ্যস্যাপ্যুপবাসং বিনির্দ্দিশেৎ ॥ ৪৭ ॥
শূদ্রাণাং নোপবাসঃ স্যাচ্ছূদ্রো দানেন শুধ্যতি।
ব্রাহ্মণাংস্তু নমস্কৃত্য পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ৪৮ ॥
অচ্ছিদ্রমিতি যদ্‌বাক্যং বদন্তি ক্ষিতিদেবতাঃ।
প্রণম্য শিরসা ধার্য্যমগ্নিষ্টোমফলং হি তৎ ॥ ৪৯ ॥
ব্যাধিব্যসনিনি শ্রান্তে দুর্ভিক্ষে ডামরে তথা।
উপবাসো ব্রতো হোমো দ্বিজসম্পাদিতানি বা ॥ ৫০ ॥
অথবা ব্রাহ্মণাস্তুষ্টাঃ স্বয়ং কুর্বন্ত্যনুগ্রহম্।

করিলে এবং তিন দিবস ঐ সমস্ত দ্রব্য পান করিলে কৃমিদূষিত ব্রাহ্মণ শুদ্ধি লাভ করিতে পারে। ৪৬ ঈদৃশ স্থলে ক্ষত্রিয় উক্তরূপ প্রায়শ্চিত্ত না করিয়া পাঁচ মাষা সুবর্ণ দান করিবে এবং বৈশ্যজাতি একটী উপবাস করিয়া গোদক্ষিণা প্রদান করিবে। ৪৭ ঈদৃশ স্থলে শূদ্রের উপবাস নাই, শূদ্রেরা পঞ্চ গব্য পান পূর্ব্বক ব্রাহ্মণকে নমস্কার করিয়া এবং দান করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবে। ৪৮ ব্রাহ্মণেরা যে, অচ্ছিদ্রমস্তু এই বাক্য বলিবেন, তাহা প্রণাম পূর্ব্বক মস্তকে ধারণ করিতে হইবে। তাহা করিলে অগ্নিষ্টোমের ফল লাভ হইবে। ৪৯

শূদ্রের পীড়া ব্যসন শ্রান্তি দুর্ভিক্ষ ও ডামর প্রভৃতি উপস্থিত হইলে সে, ব্রাহ্মণ দ্বারা উপবাস ব্রত হোম প্রভৃতি সম্পাদন

ব্রাহ্মণা যানি ভাষন্তে ভাষন্তে তানি দেবতাঃ।
সর্বদেবময়া বিপ্রা ন তদ্বচনমন্যথা॥ ৪১॥
অন্নাদ্যে কীটসংযুক্তে মক্ষিকাকীটদূষিতে।
অন্তরা সংস্পৃশেচ্চাপস্তদন্নং ভস্মনা স্পৃশেৎ॥ ৬২॥
ভুঞ্জনো হি যদা বিপ্রঃ পাদং হস্তেন সংস্পৃশেৎ।
উচ্ছিষ্টং হি স বৈ ভুঙ্‌ক্তে যো ভুঙ্‌ক্তে মুক্তভাজনে॥৬৩
পাদুকাস্থো ন ভুঞ্জীত পর্য্যঙ্কে সংস্থিতোঽপি বা।
শুনা চাণ্ডালদৃষ্টো বা ভোজনং পরিবর্জ্জয়েৎ॥ ৬৪॥
পক্কান্নঞ্চ নিষিদ্ধং যদন্নশুদ্ধিস্তথৈব চ।
যথা পরাশরেণোক্তং তথৈবাহং বদামি বঃ॥ ৬৫॥

ব্রাহ্মণের মুখে যে বাক্য নির্গত হয়, তাহা দেবতাদিগের কথিত বাক্য, কারণ ব্রাহ্মণেরা সর্ব্বদেবময়, সুতরাং তাঁহাদের বাক্য অন্যথা হইতে পারে না। ৬১

যদি অন্ন প্রভৃতিতে কীট থাকে বা অন্নাদি মক্ষিকা ও কীটাদি দ্বারা দূষিত হয়, তাহা হইলে ভোজন কালে সেই অন্ন জল দ্বারা প্রোক্ষিত করিয়া তাহাতে ভস্মস্পর্শ করাইবে। ৬২ যদি ব্রাহ্মণ, ভোজন করিবার সময় চরণে বাম হস্তপ্রদান করিয়া থাকেন ও যদি ভোজন পাত্রে বাম হস্ত না দিয়া ভোজন করেন, তাহা হইলে তাঁহার উচ্ছিষ্ট ভোজন করা হয়। ৫৩ চরণে পাদুকাযুক্ত হইয়া বা পল্যঙ্কে উপবেশন করিয়া ভোজন করিবে না। যদি ভোজন কালে কুক্কুর কর্ত্তৃক বা চাণ্ডাল কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে ভোজন পরিত্যাগ করিবে।৬৪

যে অন্ন শুদ্ধ ও যে অন্ন অশুদ্ধ, তাহা পরাশরের বচনানুসারে

মিতং দ্রোণাঢ়কস্যান্নং কাকশ্বানোপঘাতিতম্।
কেনৈতচ্ছুধ্যতে চান্নং ব্রাহ্মণেভ্যো নিবেদয়েৎ ॥৬৬॥
কাকশ্বানাবলীঢ়ন্তু দ্রোণান্নং ন পরিত্যজেৎ।
বেদবেদাঙ্গবিদ্বিপ্রৈর্ধর্ম্মশাস্ত্রানুপালকৈঃ ॥ ৬৭ ॥
প্রস্থা দ্বাত্রিংশতির্দ্রোণঃ স্মৃতো দ্বিপ্রস্থ আঢ়কঃ।
ততো দ্রোণাঢ়কস্যান্নং শ্রুতিস্মৃতিবিদো বিদুঃ ॥ ৬৮ ॥
কাকশ্বানাবলীঢ়ং তু গবাঘ্রাতং খরেণ বা।
স্বল্পমন্নং ত্যজেদ্বিপ্রঃ শুদ্ধির্দ্রোণাঢ়কে ভবেৎ ॥ ৬৯ ॥

আমি তোমাদের নিকট বলিতেছি।৬৫ দ্রোণপরিমিত অন্ন বা আঢ়ক পরিমিত অন্ন যদি কাক দ্বারা বা কুক্কুর দ্বারা উপহত হয়, তাহা হইলে তাহা কিরূপে শুদ্ধ হইতে পারে, তাহার বিধান ব্রাহ্মণগণের নিকট জিজ্ঞাসা করিবে। ৬৬ ধর্ম্মশাস্ত্র বিহিত আচারজ্ঞ বেদবেদাঙ্গবিৎ ব্রাহ্মণগণ, বিধি দিবেন যে, কাকোচ্ছিষ্ট বা কুক্কুরোচ্ছিষ্ট দ্রোণান্ন বা আঢ়কান্ন পরিত্যাগ করিবে না। ৬৭

বত্রিশ প্রস্থে এক দ্রোণ হয়। দুই প্রস্থে এক আঢ়ক হইয়া থাকে। শ্রুতি স্মৃতি বিশারদ পণ্ডিতগণ এই বত্রিশ প্রস্থ পরিমিত অন্নকে দ্রোণান্ন ও দুই প্রস্থ পরিমিত অন্নকে আঢ়কান্ন * বলিয়া থাকেন। ৬৮ যে অন্নে কাক বা কুক্কুরে মুখ দিয়াছে, যে অন্ন

* আলমগীর সাহ নামক সম্রাট্ এই রূপ পরিমাণের কিঞ্চিৎ পরিবর্ত্ত করিয়া এইরূপ নিয়ম প্রচলিত করেন যে, দীর্ঘে এক হাত প্রস্থে এক হাত উচ্চে এক হাত পরিমাণকে মাগধীয় খারী বলা যায়। খারীর ষোড়শাংশে এক দ্রোণ হয়। দ্রোণের চতুর্থাংশে এক আঢ়ক হয়। আঢ়কের অপভ্রংশ আড়া হইয়াছে। আঢ়কের চতুর্থাংশকে প্রস্থ বলে। প্রস্থের চতুর্থাংশ, কুড়ব শব্দে নির্দ্দিষ্ট হইয়া থাকে।

অন্নস্যোদ্ধৃত্য তন্মাত্রং যচ্চ নোপহতং ভবেৎ।
সুবর্ণোদকমভ্যুক্ষ্য হুতাশেনৈব তাপয়েৎ ॥ ৭০ ॥
হুতাশনেন সংস্পৃষ্টং সুবর্ণসলিলেন চ।
বিপ্রাণাং ব্রহ্মঘোষেণ ভোজ্যং ভবতি তৎক্ষণাৎ ॥৭১॥

ইতি পরাশরে ধর্মশাস্ত্রে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

গো বা গর্দ্দভ কর্ত্তৃক আঘ্রাত হইয়াছে, তাহা যদি অল্প পরিমিত হয়, তাহা হইলে তাহা পরিত্যাগ করিবে। ঐ অন্ন দ্রোণান্ন বা আঢ়কান্ন হইলে অশুদ্ধ ও পরিত্যাগ যোগ্য হইবে না। ৬৯ পরন্তু ঐ অন্নের যে স্থানে কাক বা কুক্কুরে মুখ দিয়াছে, তাহার কিঞ্চিৎ পরিত্যাগ করিয়া যে অংশে মুখ দেয় নাই বা যে অংশ দূষিত হয় নাই, তাহা সুবর্ণ স্পৃষ্ট সলিল দ্বারা প্রোক্ষিত করিয়া অগ্নি দ্বারা উত্তপ্ত করিয়া লইবে। ৭০ ঐ অন্ন, ব্রাহ্মণবাক্য দ্বারা, সুবর্ণসলিল স্পর্শ দ্বারা ও অগ্নির উত্তাপ দ্বারা শোধিত হইলে সকলেই তাহা অনায়াসে ভোজন করিতে পারিবে। ৭১

ইতি পরাশর সংহিতা ষষ্ঠ অধ্যায়
সমাপ্ত।

সপ্তম অধ্যায়।

অথাতো দ্রব্যসংশুদ্ধিঃ পরাশরবচো যথা।
দারবাণান্তু পাত্রাণাং তক্ষণাচ্ছুদ্ধিরিষ্যতে ॥ ১ ॥
মার্জ্জনাদ্যজ্ঞপাত্রাণাং পাণিনা যজ্ঞকর্ম্মণি।
চমসানাং গ্রহাণাঞ্চ শুদ্ধিঃ প্রক্ষালনেন তু ॥ ২ ॥
চরূণাং স্রুক্স্রুবাণাঞ্চ শুদ্ধিরুষ্ণেন বারিণা।
ভস্মনা শুধ্যতে কাংস্যং তাম্রমম্লেন শুধ্যতি ॥ ৩ ॥
রজসা শুধ্যতে নারী বিকলং যা ন গচ্ছতি।
নদীবেগেন শুধ্যেত লেপো যদি ন দৃশ্যতে ॥ ৪ ॥

অতঃপর পরাশরের বচন অনুসারে দ্রব্য শোধন বলিতেছি। কাষ্ঠনির্ম্মিত পাত্র চাঁচিয়া ফেলিলে শুদ্ধ হয়। যজ্ঞস্থলে যজ্ঞপাত্র হস্ত দ্বারা মার্জ্জন করিলেই শুদ্ধ হইবে। চাম্‌চে ও কাঁটা জলে প্রক্ষালন করিলেই শুদ্ধ হয়। ২ চরুর সময় স্রুক্ স্রুব প্রভৃতি যজ্ঞপাত্র সমুদায় উষ্ণসলিলে ধৌত করিলেই শুদ্ধ হইয়া থাকে। কাংস্যপাত্র ভস্ম দ্বারা মার্জ্জিত করিলেই পবিত্র হয়। অম্ল দ্বারা মার্জ্জিত করিলে তাম্রপাত্র শুদ্ধ হয়। ৩ যদি পরপুরুষ সম্ভোগ দ্বারা কোন অঙ্গবৈকল্য না হইয়া থাকে অর্থাৎ যদি নারীর সমুদায় অঙ্গ পূর্ব্ববৎ অক্ষত থাকে, তাহা হইলে পুনর্ব্বার রজস্বলা হইলেই পরপুরুষসংসর্গদূষিতা নারী শুদ্ধ হয়। যদি মল ভূমিতে সংলগ্ন না থাকে, তাহা হইলে নদীবেগ দ্বারাই তাহা পরিশুদ্ধ হয়। ৪

বাপীকূপতড়াগেষু দূষিতেষু কথঞ্চন ।
উদ্ধৃত্য বৈ ঘটশতং পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ৫ ॥
অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী ।
দশবর্ষা ভবেৎ কন্যা অত ঊর্দ্ধং রজস্বলা ॥ ৬ ॥
প্রাপ্তে তু দ্বাদশে বর্ষে যঃ কন্যাং ন প্রযচ্ছতি ।
মাসি মাসি রজস্তস্যাঃ পিবন্তি পিতরঃ স্বয়ম্ ॥ ৭ ॥
মাতা চৈব পিতা চৈব জ্যেষ্ঠো ভ্রাতা তথৈবচ ।
ত্রয়স্তে নরকং যান্তি দৃষ্ট্বা কন্যাং রজস্বলাম্ ॥৮॥
যস্তাং সমুদ্বহেৎ কন্যাং ব্রাহ্মণোঽজ্ঞানমোহিতঃ ।
অসম্ভাষ্যোহ্যপাঙ্‌ক্তেয়ঃ স বিপ্রো বৃষলীপতিঃ ॥ ৯ ॥

যদি বাপীকূপ তড়াগ প্রভৃতির জল কোন কারণে অপবিত্র হয়, তাহা হইলে তাহা হইতে একশত কলস জল উঠাইয়া দিয়া তাহাতে পঞ্চগব্য নিক্ষেপ করিলেই তাহা পবিত্র হইবে। ৫

অষ্টমবর্ষবয়স্কা কন্যাকে গৌরী, নবমবর্ষবয়স্কা কন্যাকে রোহিণী, দশমবর্ষবয়স্কা কন্যাকে কন্যা বলা যায়। দশমবর্ষের পর কন্যা রজস্বলা হইয়া থাকে। ৬ কন্যার দ্বাদশ বৎসর বয়ঃক্রম হইলেও যে ব্যক্তি কন্যা সম্প্রদান না করে, তাহার পিতৃগণ মাসে মাসে সেই কন্যার মাসিক আর্ত্তব পান করিয়া থাকে। ৭ কন্যা যদি অবিবাহিতাবস্থায় রজস্বলা হয়, তাহা হইলে তাহাকে দেখিবামাত্র তাহার মাতা পিতা ও জ্যেষ্ঠ ভ্রাতা তিন জনেই নরকগামী হন। ৮ যে ব্রাহ্মণ অজ্ঞান দ্বারা মোহিত হইয়া ঐ ঋতযোনি কন্যা বিবাহ করেন, সে ব্যক্তি শূদ্রাপতি সদৃশ। তাহার সহিত

যঃ করোত্যেকরাত্রেণ বৃষলীসেবনং দ্বিজঃ।
স ভৈক্ষ্যভুগ্ জপন্নিত্যং ত্রিভির্বর্ষৈর্বিশুধ্যতি ॥ ১০ ॥
অস্তং গতে যদা সূর্য্যে চাণ্ডালং পতিতং স্ত্রিয়ম্।
সূতিকাং স্পৃশতশ্চৈব কথং শুদ্ধির্বিধীয়তে ॥ ১১ ॥
জাতবেদং সুবর্ণঞ্চ সোমমার্গং বিলোক্য চ।
ব্রাহ্মণানুগতশ্চৈব স্নানং কৃত্বা বিশুধ্যতি ॥ ১২ ॥
স্পৃষ্ট্বা রজস্বলান্যোন্যং ব্রাহ্মণী ব্রাহ্মণী তথা।
তাবত্তিষ্ঠেন্নিরাহারা ত্রিরাত্রেণৈব শুধ্যতি ॥ ১৩ ॥
স্পৃষ্ট্বা রজস্বলান্যোন্যং ব্রাহ্মণী ক্ষত্রিয়া তথা।
অর্দ্ধকৃচ্ছ্রং চরেৎ পূর্ব্বা পাদমেকমনন্তরা ॥ ১৪ ॥

কেহ এক পঙ্ক্তিতে ভোজন করিবে না, এবং কেহ তাহার সহিত সম্ভাষণও করিবে না। ৯

যে ব্রাহ্মণ এক রাত্রিমাত্র শূদ্রা গমন করিবে, সে তিন বৎসর ভিক্ষান্ন ভোজন পূর্ব্বক নিত্য জপ করিলে শুদ্ধিলাভ করিতে পারিবে। ১০ সূর্য্য অস্ত গমন করিলে যদি কোন ব্রাহ্মণ চাণ্ডালকে, পতিত ব্যক্তিকে ও সূতিকাস্ত্রীকে স্পর্শ করে, তাহা হইলে কিরূপে শুদ্ধি লাভ করিবে, তাহা বলিতেছি। ১১ অগ্নি সুবর্ণ ও চন্দ্র বা চন্দ্রগমনপথ অবলোকন পূর্ব্বক ব্রাহ্মণের আনুগত্য করিয়া স্নান করিলে শুদ্ধি লাভ করিতে পারে। ১২

দুই জন ব্রাহ্মণকন্যা রজস্বলা হইয়া যদি পরস্পর পরস্পরকে স্পর্শ করে, তাহা হইলে তিন রাত্রি নিরাহারে থাকিয়া শুদ্ধি লাভ করিতে পারে। ১৩ যদি ব্রাহ্মণকন্যা ও ক্ষত্রিয়কন্যা উভয়ে রজ-

স্পৃষ্ট্বা রজস্বলান্যোন্যং ব্রাহ্মণী বৈশ্যজা তথা।
পাদোনং চৈব পূর্ব্বায়াঃ পরায়াঃ কৃচ্ছ্রপাদকম্ ॥ ১৫ ॥
স্পৃষ্ট্বা রজস্বলান্যোন্যং ব্রাহ্মণী শূদ্রজা তথা।
কৃচ্ছ্রেণ শুধ্যতে পূর্ব্বা শূদ্রা দানেন শুধ্যতি ॥ ১৬ ॥
স্নাতা রজস্বলা যা তু চতুর্থেঽহনি শুধ্যতি।
কুর্য্যাদ্রজোনিবৃত্তৌ তু দৈবপিত্র্যাদিকর্ম্ম চ ॥ ১৭ ॥
রোগেণ যদ্রজঃ স্ত্রীণামন্বহস্তু প্রবর্ত্ততে।
নাশুচিঃ সা ততস্তেন তৎ স্যাদ্বৈকালিকং মতম্ ॥ ১৮॥

স্বলা হইয়া পরস্পর পরস্পরকে স্পর্শ করে, তাহা হইলে ব্রাহ্মণী অর্দ্ধকৃচ্ছ্র ব্রত করিবে, ক্ষত্রিয়দুহিতা চতুর্থাংশ কৃচ্ছ্রব্রত করিয়া শুদ্ধি লাভ করিবে। ১৪ যদি ব্রাহ্মণকন্যা ও বৈশ্যকন্যা উভয়ে রজস্বলা হইয়া পরস্পর পরস্পকে স্পর্শ করে, তাহা হইলে ব্রাহ্মণ-তনয়া পাদোন কৃচ্ছ্রব্রত ও বৈশ্যতনয়া চতুর্থাংশ কৃচ্ছ্রব্রত করিয়া শুদ্ধিলাভ করিবে। ১৫ যদি ব্রাহ্মণকন্যা ও শূদ্রকন্যা উভয়ে রজ-স্বলা হইয়া পরস্পরকে স্পর্শ করে, তাহা হইলে ব্রাহ্মণকন্যা একটী সম্পূর্ণ কৃচ্ছ্রব্রত দ্বারা ও শূদ্রকন্যা দান দ্বারা শুদ্ধিলাভ করিতে পারিবে। ১৬

রজস্বলা রমণী চতুর্থ দিবসে স্নান করিয়া শুদ্ধি লাভ করিবে, পরন্তু রজোনিবৃত্তি হইলে দৈবকর্ম্ম পৈত্র্য কর্ম্ম সমুদায় করিতে পারিবে। ১৭ যে রমণীর রোগ বশত প্রতিদিন রজঃপ্রবৃত্তি হয়, সেই নারী সেই রজোযোগে অশুচি হইবে না, কারণ সেই রজঃ-প্রবৃত্তি প্রাকৃতিক নহে। ১৮ রমণীরা রজস্বলা হইলে প্রথম

প্রথমেঽহনি চাণ্ডালী দ্বিতীয়ে ব্রহ্মঘাতিনী।
তৃতীয়ে রজকী প্রোক্তা চতুর্থেঽহনি শুধ্যতি ॥ ১৯ ॥
আতুরে স্নান উৎপন্নে দশকৃত্বো হ্যনাতুরঃ।
স্নাত্বা স্নাত্বা স্পৃশেদেনং ততঃ শুধ্যেৎ স আতুরঃ ॥২০॥
উচ্ছিষ্টোচ্ছিষ্টসংস্পৃষ্টঃ শুনা শূদ্রেণ বা দ্বিজঃ।
উপোষ্য রজনীমেকাং পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ২১ ॥
অনুচ্ছিষ্টেন শূদ্রেণ স্পর্শে স্নানং বিধীয়তে।
উচ্ছিষ্টেন চ সংস্পৃষ্টঃ প্রাজাপত্যং সমাচরেৎ ॥ ২২ ॥
ভস্মনা শুধ্যতে কাংস্যং সুরয়া যন্ন লিপ্যতে।

দিবস চাণ্ডালী সদৃশী, দ্বিতীয় দিবস ব্রহ্মহত্যা পাতকে পাতকিনী সদৃশী, তৃতীয় দিবসে রজকী সদৃশী হয়, চতুর্থ দিবসে শুদ্ধিলাভ করে। ১৯ যদি কোন রোগাভিভূতা কামিনী রজস্বলা হয়, এবং যদি ঐ অবস্থায় তাহার স্নানের দিন উপস্থিত হয়, তাহা হইলে অনাতুর কোন ব্যক্তি দশবার স্নান করিয়া ঐ আতুরা রমণীকে ঐ দশ বার স্পর্শ করিবে। ঐ রূপ দশবার স্পর্শে ঐ পীড়িতা নারী শুচি হইবে। ২০

যদি কোন উচ্ছিষ্টযুক্ত শূদ্র ও কুক্কুর কর্ত্তৃক স্পৃষ্ট হইয়া কোন ব্যক্তি কোন দ্বিজকে স্পর্শ করে, তাহা হইলে সেই দ্বিজ এক রাত্রি উপবাস করিয়া পঞ্চগব্য সেবন দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবে। ২১ যদি কোন উচ্ছিষ্ট বিরহিত শূদ্র কোন ব্রাহ্মণকে স্পর্শ করে, তাহা হইলে ব্রাহ্মণের স্নান করা বিধি বিহিত হইতেছে। ২২

সুরামাত্রেণ সংস্পৃষ্টং শুধ্যতেহগ্ন্যুপলেপনৈঃ ॥ ২৩ ॥
গবাঘ্রাতানি কাংস্যানি শ্বকাকোপহতানি চ।
শুধ্যন্তি দশভিঃ ক্ষারৈঃ শূদ্রোচ্ছিষ্টানি যানি চ ॥২৪॥
গণ্ডূষং পাদশৌচঞ্চ কৃত্বা বৈ কাংস্যভাজনে।
ষণ্মাসান্ ভুবি নিঃক্ষিপ্য উদ্ধৃত্য পুনরাহরেৎ ॥ ২৫ ॥
আয়সেষ্বপসারেণ শীষস্যাগ্নৌ বিশোধনম্।
দন্তমস্থি তথা শৃঙ্গং রৌপ্যং সৌবর্ণভাজনম্ ॥ ২৬ ॥
মণিপাষাণশঙ্খাশ্চ এতান্ প্রক্ষালয়েজ্জলৈঃ।
পাষাণে তু পুনর্ঘৃষ্টিরেষা শুদ্ধিরুদাহৃতা ॥ ২৭ ॥

কাংস্যপাত্র যদি সুরাপৃষ্ট না হয়, তাহা হইলে ভস্ম দ্বারাই পবিত্র হইতে পারে। পরন্তু যে কাংস্যপাত্রে সুরা নিহিত হইয়াছে, তাহা অগ্নিতে উত্তপ্ত করিলে শুদ্ধ হইবে। ২৩ যে কাংস্য পাত্র গাভি কর্ত্তৃক আঘ্রাত হইয়াছে, যে কাংস্যপাত্র কাক বা কুক্কুর দ্বারা উচ্ছিষ্ট হইয়াছে, যে কাংস্যপাত্র শূদ্রোচ্ছিষ্ট হইয়াছে, তাহা দশবার ক্ষার দিয়া মার্জ্জন করিলে শুদ্ধ হইতে পারিবে। ২৪ যদি কোন ব্যক্তি কাঁসার পাত্রে আঁচায় বা পাদ ধৌত করে, তাহা হইলে ঐ কাংস্যপাত্র ছয় মাস ভূমধ্যে প্রোথিত করিয়া রাখিবে। ছয় মাসের পর ঐ কাংস্য পাত্র গ্রহণ পূর্ব্বক ব্যবহার করিতে পারিবে। ২৫

লৌহপাত্র স্থানান্তরিত করিলেই শুদ্ধ হইবে। শীষক অগ্নিস্পর্শে পবিত্র হইবে। দন্ত অস্থি শৃঙ্গ রৌপ্য ও সুবর্ণের পাত্র, ২৬ মণিময়পাত্র পাষাণময়পাত্র ও শঙ্খ, জল দ্বারা প্রক্ষালন করিলে

মৃদ্ভাণ্ডদহনাচ্ছুদ্ধির্ধান্যানাং মার্জ্জনাদপি ॥ ২৮ ॥
অদ্ভিস্তু প্রোক্ষণং শৌচং বহূনাং ধান্যবাসসাম্।
প্রক্ষালনেন ত্বল্পানামদ্ভিঃ শৌচং বিধীয়তে ॥ ২৯ ॥
বেণুবল্কলচীরাণাং ক্ষৌমকার্পাসবাসসাম্।
ঔর্ণানাং নেত্রপট্টানাং জলাচ্ছৌচং বিধীয়তে ॥ ৩০ ॥
তূলিকাদ্যুপধানানি পীতরক্তাম্বরাণি চ।
শোষয়িত্বার্কতাপেন প্রোক্ষয়িত্বা শুচির্ভবেৎ ॥ ৩২ ॥
মুঞ্জোপস্করসূর্পাণাং শাণস্য ফলচর্ম্মণাম্।
তৃণকাষ্ঠাদিরজ্জূনামুদকপ্রোক্ষণং মতম্। ৩২।

শুদ্ধ হইবে। পাষাময়পাত্র পুনর্ব্বার মাজিয়া লওয়া উচিত। ২৭ মৃণ্ময় ভাণ্ড পোড়াইয়া লইলেই শুদ্ধ হয়। ধান্য মার্জ্জন পূর্ব্বক পরিষ্কার করিয়া লইলেই শুদ্ধ হইবে। ২৮ বহু ধান্য বা বহু বস্ত্র উচ্ছিষ্ট দ্বারা বা মলাদি দ্বারা অপবিত্র হইলে তাহা কিঞ্চিৎ জলবিন্দু দ্বারা প্রোক্ষিত করিবে। অল্প হইলে জল দ্বারা প্রক্ষালন করিয়া লইতে হইবে। ইহা দ্বারাই তাহা শুদ্ধ হইবে। ২৯ বংশ বল্কল ছিন্নবস্ত্র পট্টবস্ত্র কার্পাসবস্ত্র লোমজ বস্ত্র ক্ষৌম, এই সমুদায় জল দ্বারা শুদ্ধ হয়। ৩০ খাট বালিশ গদি লেপ প্রভৃতি পীতবস্ত্র রক্তবস্ত্র, এতৎসমুদায় রৌদ্রে উত্তপ্ত করিয়া জল দ্বারা প্রোক্ষিত করিলে শুদ্ধ হইবে। ৩১ মুঞ্জ ঝাঁটা কুলো অস্ত্র শাণাইবার ফলক ও চর্ম্ম, তৃণ কাষ্ঠ প্রভৃতি বাঁধিবার রজ্জু, এই সমুদায় বস্তু জল দ্বারা প্রোক্ষিত হইলেই শুদ্ধ হইবে। ৩২

মার্জ্জারমক্ষিকাকীটপতঙ্গকৃমিদর্দ্দুরাঃ।
মেধ্যামেধ্যং স্পৃশন্ত্যেব নোচ্ছিষ্টান্ মনুরব্রবীৎ ।৩৩।
ভূমিং স্পৃষ্ট্বাগতং তোয়ং যশ্চাপ্যন্যোন্যবিপ্রুষঃ।
ভুক্তোচ্ছিষ্টং তথা স্নেহং নোচ্ছিষ্টং মনুরব্রবীৎ ।।৩৪।।
তাম্বূলেক্ষুফলে চৈব ভুক্তস্নেহানুলেপনে।
মধুপর্কে চ সোমে চ নোচ্ছিষ্টং মনুরব্রবীৎ।।৩৫।।
রথ্যাকর্দ্দমতোয়ানি নাবঃ শস্যতৃণানি চ।
মরুতার্কেণ শুধ্যন্তি পক্কেষ্টকচিতানি চ ।। ৩৬ ।।
অদুষ্টাঃ সন্ততা ধারা বাতোদ্ধূতাশ্চ রেণবঃ।
স্ত্রিয়ো বৃদ্ধাশ্চ বালাশ্চ ন দুষ্যন্তি কদাচন ॥ ৩৭ ॥

মার্জ্জার মক্ষিকা কীট পতঙ্গ কৃমি ভেক, ইহারা সর্ব্বদাই পবিত্র ও অপবিত্র দ্রব্য স্পর্শ করিয়া থাকে, সুতরাং ইহাদের দ্বারা কোন বস্তু উচ্ছিষ্ট হয় না, ইহা মনুও স্বীকার করেন। ৩৩ যে জল ভূমি স্পর্শ করিয়া চলিয়া গিয়াছে, যে জল অন্য জলের সহিত মিশ্রিত হইয়াছে, সে জল যদি ভুক্তোচ্ছিষ্ট হয়, তথাপি তাহা উচ্ছিষ্ট হইবে না। এইরূপ স্নেহ দ্রব্যও অপবিত্র হয় না, মনুও এরূপ ব্যবস্থা দিয়াছেন। ৩৪ তাম্বূল ইক্ষু ফল স্নেহ অনুলেপন মধুপর্ক সোমরস, এতৎসমুদায় উচ্ছিষ্ট হয় না, মনুও এই ব্যবস্থায় অনুমোদন করেন। ৩৫ পথের কর্দ্দম জল নৌকা পথ তৃণ পাকা ইষ্টক, এতৎসমুদায় বায়ু দ্বারা এবং রৌদ্র দ্বারা পরিশুদ্ধ হয়।৩৬

বায়ু দ্বারা উড্ডীন ধূলিসমূহ, এবং বিস্তৃত জলধারা দূষিত হয় না। নারীজাতি, বালিকাই হউক, যুবতীই হউক, বৃদ্ধই হউক, তাহারা

ক্ষুতে নিষ্ঠীবনে চৈব দন্তোচ্ছিষ্টে তথানৃতে।
পতিতানাঞ্চ সম্ভাষে দক্ষিণং শ্রবণং স্পৃশেৎ ॥ ৩৮ ॥
অগ্নিরাপশ্চ বেদাশ্চ সোমসূর্য্যানিলাস্তথা।
এতে সর্ব্বেঽপি বিপ্রাণাং শ্রোত্রে তিষ্ঠন্তি দক্ষিণে ॥৩৯
প্রভাসাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা।
বিপ্রস্য দক্ষিণে কর্ণে সান্নিধ্যং মনুরব্রবীৎ ॥ ৪০ ॥
দেশভঙ্গে প্রবাসে বা ব্যাধিষু ব্যসনেষ্বপি।
রক্ষেদেব স্বদেহাদি পশ্চাদ্ধর্ম্মং সমাচরেৎ ॥ ৪১ ॥
যেন কেন চ ধর্ম্মেণ মৃদুনা দারুণেন চ।
উদ্ধরেদ্দীনমাত্মানং সমর্থো ধর্ম্মমাচরেৎ ॥ ৪২ ॥

কখন অপবিত্র হয় না। ৩৭ হাঁচিলে নিষ্ঠীবন করিলে কোন অঙ্গ দন্তোচ্ছিষ্ট হইলে অঙ্গীকৃত বাক্য মিথ্যা হইলে এবং পতিত ব্যক্তির সহিত আলাপ করিলে দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে। ৩৮ কারণ অগ্নি জল বেদ রবি সোম অনিল, ইহাঁরা সর্ব্বদা ব্রাহ্মণের দক্ষিণ কর্ণে বাস করেন। ৩৯ মনু বলিয়াছেন যে, প্রভাস প্রভৃতি তীর্থসমুদায় ও গঙ্গা প্রভৃতি নদী সমুদায় ব্রাহ্মণের দক্ষিণ কর্ণে সর্ব্বদা সন্নিহিত থাকেন। ৪০

দেশবিপ্লব হইলে বা দুর্ভিক্ষ ঘটিলে, প্রবাসে গমন করিলে পীড়াদি হইলে বিপদ্ উপস্থিত হইলে যে কোন রূপে আপনার দেহাদি রক্ষা করিবে। পশ্চাৎ সুস্থ ও নিরুদ্বেগ হইয়া ধর্ম্মানুষ্ঠান করিবে, ও শাস্ত্রের বিধি অনুসারে চলিবে। ৪১ আপনি

আপৎকালে তু সম্প্রাপ্তে শৌচাচারং ন চিন্তয়েৎ।
স্বয়ং সমুদ্ধরেৎ পশ্চাৎ স্বস্থো ধর্ম্মং সমাচরেৎ ॥ ৪৩ ॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।



বিপন্ন হইলে মৃদু বা দারুণ যে কোন উপায় দ্বারা দীন আত্মাকে উদ্ধার করিবে। পরে যখন সমর্থ হইবে, তখন ধর্ম্মানুষ্ঠান করিবে। ৪২ যখন বিপৎকাল উপস্থিত হইবে, তখন শৌচাচার কিছুই চিন্তা করিবে না। তখন যে কোন রূপে আপনাকে উদ্ধার করিবে। পরে যখন বিপদ্ দূর হইবে, ও স্বয়ং সুস্থ হইবে, তখন ধর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হইবে। ৪৩

ইতি পরাশর সংহিতা সপ্তম অধ্যায় সমাপ্ত।

অষ্টম অধ্যায়।

গবাং বন্ধনযোক্ত্রে তু ভবেন্মৃত্যুরকামতঃ।
অকামাৎ কৃতপাপস্য প্রায়শ্চিত্তং কথং ভবেৎ ॥ ১ ॥

কোন গাভি বা বৃষ যদি বন্ধনস্তম্ভে রজ্জুবদ্ধ থাকে, এবং যদি ঐ অবস্থায় অকামত তাহার মৃত্যু হয়, তাহা হইলে সে অকামকৃত

বেদবেদাঙ্গবিদুষাং ধৰ্ম্মশাস্ত্রং বিজানতাম্।
স্বকৰ্ম্মরতবিপ্রাণাং স্বকং পাপং নিবেদয়েৎ ॥ ২ ॥
অতউৰ্দ্ধং প্রবক্ষ্যামি উপস্থানস্য লক্ষণম্।
উপস্থিতো হি ন্যায়েন ব্রতাদেশনমৰ্হতি ॥ ৩ ॥
সদ্যো নিঃসংশয়ে পাপে ন ভুঞ্জীতানুপস্থিতঃ।
ভুঞ্জানো বৰ্দ্ধয়েৎ পাপং পর্ষদ্‌যত্র ন বিদ্যতে ॥ ৪ ॥
সংশয়ে তু ন ভোক্তব্যং যাবৎ কাৰ্য্যবিনিশ্চয়ঃ।
প্রমাদশ্চ ন কর্ত্তব্যো যথৈবাসংশয়স্তথা ॥ ৫ ॥

পাপ কিরূপে মোচন হইবে, তাহা নিরূপণ করা যাইতেছে। ১ এরূপ ঘটনা হইলে বেদবেদাঙ্গ পারগ ধৰ্ম্মশাস্ত্রজ্ঞ স্বকৰ্ম্মনিরত ব্রাহ্মণের নিকট আপনার পাপের বিষয় নিবেদন করিতে হইবে। ২ কৃতপাপ ব্যক্তি কিরূপে ধৰ্ম্মজ্ঞ ব্রাহ্মণের নিকট উপস্থিত হইবে, তাহা এক্ষণে বলিতেছি। কৃতপাপ ব্যক্তি ন্যায়ানুসারে উপস্থিত হইলে তাহাকে ব্রতোপদেশ করা ধৰ্ম্মজ্ঞ ব্রাহ্মণের কর্ত্তব্য। ৩

যদি কোন ব্যক্তির অন্তঃকরণে, পাপ হইয়াছে বলিয়া নিশ্চয় হয়, তাহা হইলে সে ব্যক্তি যে পৰ্য্যন্ত পরিষদের নিকট উপস্থিত না হইবে, সে পর্য্যন্ত আহার করিবে না। যেখানে পরিষদ নাই, সেখানেও যদি কেহ আপনি পাতকী হইয়াছে নিশ্চয় বুঝিতে পারিয়া পরিষদের নিকট না যাইয়া অগ্রে ভোজন করেন, তাহা হইলেও তাহার পাপ বৃদ্ধি হয়। ৪ যদি পাপ সন্দেহ হয়, তাহা হইলে সে পৰ্য্যন্ত তাহার নিশ্চয় না হইবে, সে পর্য্যন্ত আহার

কৃত্বা পাপং ন গূহেত গুহ্যমানং বিবর্দ্ধতে।
স্বল্পং বাথ প্রভূতং বা ধর্ম্মবিদ্ভ্যো নিবেদয়েৎ ॥ ৬ ॥
তে হি পাপে কৃতে বেদ্যা হন্তারশ্চৈব পাপ্মনাম্।
ব্যাধিতস্য যথা বৈদ্যা বুদ্ধিমন্তো রুজাপহাঃ ॥ ৭ ॥
প্রায়শ্চিত্তে সমুৎপন্নে হ্রীমান্ সত্যপরায়ণঃ।
মৃদুরার্জবসম্পন্নঃ শুদ্ধিং গচ্ছেত মানবঃ ॥ ৮ ॥
সচেলং বাগ্‌যতঃ স্নাত্বা ক্লিন্নবাসাঃ সমাহিতঃ।
ক্ষত্রিয়ো বাথ বৈশ্যো বা ততঃ পর্ষদমাব্রজেৎ ॥ ৯ ॥
উপস্থায় ততঃ শীঘ্রমার্ত্তিমান্ ধরণীং ব্রজেৎ।

করিবে না। যে পর্য্যন্ত নিঃসংশয় না হয়, সে পর্য্যন্ত সাবধান হইয়া থাকিবে। ৫

পাপ করিয়া কখনই তাহা গোপন করিবে না, কারণ পাতক গোপন করিলে, তাহা বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে। পাপ অল্পই হউক বা অধিক হউক তৎক্ষণাৎ তাহা ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণের নিকট নিবেদন করিবে। ৬ যেমন বুদ্ধিমান্ বৈদ্যগণ পীড়াভিভূত ব্যক্তির পীড়া নাশ করে, তাহার ন্যায় যে সকল ধর্ম্মশাস্ত্রজ্ঞ ব্রাহ্মণের নিকট আত্মকৃত পাপ নিবেদন করা হইবে, তাঁহাদের হইতে সেই পাপ-ধ্বংস হইবে। ৭ পরিষদের আদেশে কৃতপাপের প্রায়শ্চিত্ত হইলে লজ্জাযুক্ত সরল সত্যপরায়ণ ব্যক্তি শুদ্ধি লাভ করে। ৮

ক্ষত্রিয় হউক্ বা বৈশ্য হউক, পাতকী হইবামাত্র বাক্য সংযম পূর্ব্বক সেই বস্ত্রেই স্নান করিয়া আর্দ্র বস্ত্রে সমাহিত হৃদয়ে পরিষদের নিকট গমন করিবে। ৯ যত শীঘ্র হইয়া উঠে, পরিষদের

গাত্রৈশ্চ শিরসা চৈব নচ কিঞ্চিদুদাহরেৎ ॥ ১০ ॥
সাবিত্র্যাশ্চাপি গায়ত্র্যাঃ সন্ধ্যোপাস্ত্যগ্নিকার্য্যয়োঃ।
অজ্ঞানাৎ কৃষিকর্ত্তারো ব্রাহ্মণা নামধারকাঃ ॥ ১১ ॥
অব্রতানামমন্ত্রাণাং জাতিমাত্রোপজীবিনাম্।
সহস্রশঃ সমেতানাং পরিষত্ত্বং ন বিদ্যতে ॥ ১২ ॥
যদ্বদন্তি তমোমূঢ়া মূর্খা ধর্ম্মমতদ্বিদঃ।
তৎপাপং শতধা ভূত্বা তদ্বক্তৃরধিগচ্ছতি ॥ ১৩ ॥
অজ্ঞাত্বা ধর্ম্মশাস্ত্রাণি প্রায়শ্চিত্তং দদাতি যঃ।
প্রায়শ্চিত্তী ভবেৎ পূতঃ কিল্বিষং পরিষদ্‌ব্রজেৎ ॥ ১৪ ॥

নিকট গমন করিয়া কাতর হৃদয়ে মস্তক দ্বারা ও সর্ব্বাঙ্গ দ্বারা ধরণীতলে বিলুণ্ঠিত হইবে, কোন কথা কহিবে না। ১০

যে ব্যক্তি বেদ ও গায়ত্রী অবগত নহে, যে বক্তি সন্ধ্যোপাসনা করে না এবং অগ্নিতে আহুতি দেয় না, যে ব্যক্তি কৃষিকার্য্য করে, সে নামমাত্রে ব্রাহ্মণ। ফলতঃ ধর্ম্ম কর্ম্ম বিষয়ে তাহাকে ব্রাহ্মণ বলিয়া গণনা করা যাইতে পারে না। ১১ যে সকল ব্রাহ্মণ ব্রতরহিত মন্ত্ররহিত ও জাতিমাত্রোপজীবী, তাহার সহস্র ব্যক্তি একত্র মিলিত হইলেও পরিষদ্ শব্দে বাচ্য হইতে পারে না। ১২ অজ্ঞানাভিভূত মূর্খ ধর্ম্মশাস্ত্রানভিজ্ঞ ব্রাহ্মণেরা যদি প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেন, তাহা হইলে পাতকী ব্যক্তি পাপ হইতে মুক্ত হয় বটে কিন্তু সেই পাপ শতগুণ হইয়া সেই ব্যবস্থাদাতা ব্রাহ্মণদিগের শরীরে প্রবেশ করে। ১৩ যাঁহারা ধর্ম্মশাস্ত্র না জানিয়া প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেন, তাঁহাদের ব্যবস্থায় পাতকী পাপ হইতে মুক্ত

চত্বারো বা ত্রয়ো বাপি যং ব্রূয়ুর্বেদপারগাঃ।
স ধর্ম্ম ইতি বিজ্ঞেয়ো নেতরৈস্তু সহস্রশঃ॥ ১৫॥
প্রমাণমার্গং মার্গন্তো যে ধর্ম্মং প্রবদন্তি বৈ।
তেষামুদ্বিজতে পাপং সদ্ভূতগুণবাদিনাম্॥ ১৬॥
যথাশ্মনি স্থিতং তোয়ং মরুতার্কেণ শুধ্যতি।
এবং পরিষদাদেশান্নাশয়েদেব দুষ্কৃতম্॥ ১৭॥
নৈব গচ্ছতি কর্ত্তারং নৈব গচ্ছতি পর্ষদম্।
মারুতার্কাদিসংযোগাৎ পাপং নশ্যতি তোয়বৎ॥ ১৮।
অনাহিতাগ্নয়ো যেঽন্যে বেদবেদাঙ্গপারগাঃ।
পঞ্চ ত্রয়ো বা ধর্ম্মজ্ঞাঃ পরিষৎ সা প্রকীর্ত্তিতা॥ ১৯॥

হয় বটে কিন্তু সেই পাপ ব্যবস্থাপক পরিষদের শরীরে সংক্রান্ত হইয়া থাকে। ১৪ চারি জন বা তিন জন বেদ পারগ ব্রাহ্মণ যাহা ব্যবস্থাপিত করিবেন, তাহাই ধর্ম্ম। অপর সহস্র সহস্র ব্যক্তি যাহা বলিবেন, তাহা ধর্ম্ম হইতে পারিবে না। ১৫ যাঁহারা প্রামাণিক পথ অন্বেষণ পূর্ব্বক ধর্ম্মশাস্ত্রের ব্যবস্থা দেন, তাঁহারাই যথাযথ ধর্ম্মবাদী। পাপ তাঁহাদিগকেই ভয় করে। ১৬ যেমন প্রস্তরস্থিত সলিল বায়ু দ্বারা ও সূর্য্যের উত্তাপ দ্বারা শুষ্ক হয়, তাহার ন্যায় পরিষদের আদেশ দ্বারা পাপপুঞ্জ ক্ষয় হইয়া থাকে। ১৭ যেমন বায়ু ও রৌদ্র সংযোগে সলিল শুষ্ক হয়, তাহার ন্যায় পরিষদের আদেশে পাপ নষ্ট হইয়া থাকে। ঐ পাপ, কর্ত্তার শরীরেও থাকে না, পরিষদের শরীরেও সঞ্চারিত হয় না। ১৮ যে সকল বেদবেদাঙ্গ

মুনীনামাত্মবিদ্যানাং দ্বিজানাং যজ্ঞযাজিনাম্।
বেদব্রতেষু স্নাতানামেকোঽপি পরিষদ্ভবেৎ ॥ ২০ ॥
পঞ্চ পূৰ্ব্বং ময়া প্রোক্তাস্তেষাঞ্চৈব ত্বসম্ভবে।
স্ববৃত্তিপরিতুষ্টা যে পরিষৎ সা প্রকীৰ্ত্তিতা ॥ ২১॥
অত উৰ্দ্ধন্তু যে বিপ্রাঃ কেবলং নামধারকাঃ।
পারিষত্ত্বং ন তেষাং বৈ সহস্রগুণিতেষ্বপি ॥ ২২ ॥
যথা কাষ্ঠময়ো হস্তী যথা চৰ্ম্মময়ো মৃগঃ।
ব্রাহ্মণাস্ত্বনধীয়ানাস্ত্রয়স্তে নামধারকাঃ ॥ ২৩ ॥
গ্রামস্থানং যথা শূন্যং যথা কূপস্তু নির্জলঃ।

পারগ ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণ আহিতাগ্নি নহেন, তাঁহাদের পাঁচ জন বা তিন জনের সমবায়কে পরিষদ্ বলা যায়। ১৯

যে সকল ব্রাহ্মণ আত্মজ্ঞানসম্পন্ন, যাঁহারা যজ্ঞনিষ্ঠ দেবব্রত-পরায়ণ, তাঁহাদের এক ব্যক্তিও পরিষদ্ হইতে পারেন। ২০ পূর্ব্বে বলা হইয়াছে যে, পঞ্চ ব্রাহ্মণ দ্বারা পরিষদ্ হয়। পরন্ত যদি বেদপারগ পঞ্চ ব্রাহ্মণ প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে স্ববৃত্তি-পরায়ণ ব্রাহ্মণ দুই জন বা এক জন যাহা পাওয়া যায়, তাহারাও পরিষদ্ শব্দে নির্দ্দেশ করা যাইতে পারে। ২১ যে সকল ব্রাহ্মণ বেদজ্ঞ নহে, যাহারা কেবল নামমাত্র ব্রাহ্মণ, তাহারা সহস্র গুণ হইলেও পরিষদ্ শব্দের অভিধেয় হইতে পারে না। ২২ যেমন কাষ্ঠনির্ম্মিত হস্তী, যেমন চর্ম্মময় মৃগ, অধ্যয়ন বিহীন মূর্খ ব্রাহ্মণও সেইরূপ। ইহারা তিন জনেই নামমাত্র ধারণ করে, গুণ কিছুই ধারণ করে না। ২৩ শূন্য গ্রাম যেরূপ, নির্জ্জল কূপ যেরূপ, অগ্নি

যথা হুতমনগ্নৌ চ অমন্ত্রো ব্রাহ্মণস্তথা ॥ ২৪॥
যথা যণ্ডোঽফলঃ স্ত্রীষু যথা গৌরুষরাফলা।
যথা চাজ্ঞেঽফলং দানং তথা বিপ্রোঽনৃচোঽফলঃ ॥ ২৫।
চিত্রং কর্ম্ম যথানেকৈরঙ্গৈরুন্মীল্যতে শনৈঃ।
ব্রাহ্মণ্যমপি তদ্বৎ স্যাৎ সংস্কারৈর্বিধিপূর্ব্বকৈঃ ॥ ২৬॥
প্রায়শ্চিত্তং প্রযচ্ছন্তি যে দ্বিজা নামধারকাঃ।
তে দ্বিজাঃ পাপকর্ম্মাণঃ সমেতা নরকং যযুঃ ॥ ২৭ ॥
যে পঠন্তি দ্বিজা বেদং পঞ্চযজ্ঞরতাশ্চ যে।
ত্রৈলোক্যং ধারয়ন্ত্যেতে পঞ্চেন্দ্রিয়রতাশ্রয়াঃ ॥ ২৮ ॥
সম্প্রণীতঃ শ্মশানেষু দীপ্তোঽগ্নিঃ সর্ব্বভক্ষকঃ।

ব্যতিরিক্ত ভস্মাদিতে হোম যেরূপ, মন্ত্রানভিজ্ঞ ব্রাহ্মণও সেইরূপ নিষ্ফল। ২৪ যেমন কামিনী সম্ভোগ বিষয়ে নপুংসক নিষ্ফল, যেমন মরুভূমি নিষ্ফলা, যেমন মূর্খে দান নিষ্ফল, তাহার ন্যায় বেদানভিজ্ঞ ব্রাহ্মণও নিষ্ফল। ২৫ যেমন চিত্রকর্ম্ম বহুবিধ অঙ্গ প্রত্যঙ্গ নির্ম্মাণ দ্বারা ক্রমশ উন্মীলিত হয়, তাহার ন্যায় বিধিবিহিত নানা সংস্কার দ্বারা ব্রাহ্মণত্ব হইয়া থাকে। ২৬ যাহারা নামমাত্র ব্রাহ্মণ অর্থাৎ যাহাদের ব্রাহ্মণের লক্ষণ কিছুই নাই, যাহারা পাপকর্ম্মে নিরত, তাহারা যদি প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেয়, তাহারা নরকে গমন করিয়া থাকে। ২৭ যে সকল ব্রাহ্মণ বেদপাঠ করেন, যাঁহারা পঞ্চযজ্ঞে নিরত, তাঁহারা পঞ্চেন্দ্রিয়পরায়ণ মনুষ্যগণের আশ্রয়, তাঁহারাই এই ত্রৈলোক্য রক্ষা করিতেছেন। ২৮ যেমন মন্ত্র দ্বারা সংস্কৃত হুতাশন শ্মশানস্থ হইয়া সর্ব্বভক্ষ হন, তাহার

তথৈব জ্ঞানবান্ বিপ্রঃ সর্ব্বভক্ষশ্চ দৈবতম্ ॥ ২৯ ॥
অমেধ্যানি চ সর্ব্বাণি প্রক্ষিপন্ত্যদকে যথা।
তথৈব কিল্বিষং সর্ব্বং প্রক্ষেপ্তব্যং দ্বিজেঽমলে ॥ ৩০ ॥
গায়ত্রীরহিতো বিপ্রঃ শূদ্রাদপ্যশুচির্ভবেৎ।
গায়ত্রীব্রহ্মতত্ত্বজ্ঞাঃ সংপূজ্যন্তে দ্বিজোত্তমাঃ ॥ ৩১ ॥
দুঃশীলোঽপি দ্বিজঃ পূজ্যো ন শূদ্রো বিজিতেন্দ্রিয়ঃ।
কঃ পরিত্যজ্য দুষ্টাঙ্গাং দুহেচ্ছীলবতীং খরীম্ ॥ ৩২ ॥
ধর্ম্মশাস্ত্ররথারূঢ়া বেদখড়্গধরা দ্বিজাঃ।
ক্রীড়ার্থমপি যদ্ব্রূয়ুঃ স ধর্ম্মঃ পরমঃ স্মৃতঃ ॥ ৩৩॥
চাতুর্বেদ্যোঽবিকল্পী চ অঙ্গবিদ্ধর্ম্মপাঠকঃ।
প্রপঞ্চাশ্রমিণো মুখ্যাঃ পরিষৎ স্যুর্দশাবরাঃ ॥ ৩৪ ॥

ন্যায় ব্রহ্মজ্ঞান দ্বারা সংস্কৃত ব্রাহ্মণ সর্ব্বভক্ষ ও দেবতারূপী। ২৯ যেমন অপবিত্র বস্তু সমুদায় জলমধ্যে নিক্ষেপ করে, তাহার ন্যায় সমুদায় পাপ নির্ম্মল ব্রাহ্মণে নিক্ষেপ করিবে। ৩০ গায়ত্রী-হীন ব্রাহ্মণ শূদ্র অপেক্ষাও অশুচি ও অধম। যে সকল ব্রাহ্মণ গায়ত্রীনিষ্ঠ ও ব্রহ্মতত্ত্বজ্ঞ, তাঁহারাই পূজ্য ও ব্রাহ্মণশ্রেষ্ঠ। ৩১

ব্রাহ্মণ দুঃশীল হইলেও তাঁহার পূজা করিবে, তথাপি জিতে-ন্দ্রিয় শূদ্রের পূজা করিবে না। কোন্ ব্যক্তি দূষিতশরীর গাভি পরিত্যাগ করিয়া সুশীলা গর্দ্দভী দোহন করিতে প্রবৃত্ত হয়। ৩২ যে ব্রাহ্মণ ধর্ম্মশাস্ত্ররূপ রথে আরোহণ পূর্ব্বক বেদরূপখড়্গ ধারণ করিয়াছেন, তিনি পরিহাস পূর্ব্বকও যাহা বলিবেন, তাহাও পরম ধর্ম্ম জানিবে। ৩৩ যিনি চতুর্ব্বেদ বিশারদ নির্ব্বিকল্পহৃদয় বেদাঙ্গ-

রাজ্ঞাশ্চানুমতে চৈব প্রায়শ্চিত্তং দ্বিজো বদেৎ।
স্বয়মেব ন বক্তব্যা প্রায়শ্চিত্তস্য নিষ্কৃতিঃ ॥ ৩৫ ॥
ব্রাহ্মণাংশ্চ ব্যতিক্রম্য রাজা যৎ কর্ত্তুমিচ্ছতি।
তৎ পাপং শতধা ভূত্বা রাজানমুপগচ্ছতি ॥ ৩৬ ॥
প্রায়শ্চিত্তং সদা দদ্যাদ্দেবতায়তনাগ্রতঃ।
আত্মানং পাবয়েৎ পশ্চাজ্জপন্ বৈ বেদমাতরম্ ॥ ৩৭ ॥
সশিখং বপনং কৃত্বা ত্রিসন্ধ্যমবগাহনম্।
গবাং গোষ্ঠে বসেদ্রাত্রৌ দিবা তাঃ সমনুব্রজেৎ ॥ ৩৮ ॥
উষ্ণে বর্ষতি শীতে বা মারুতে বাতি বা ভৃশম্।

বিং ধর্ম্মপাঠক ও প্রাজ্ঞ, তিনি একাকীও উৎকৃষ্ট পরিষদ্ হইতে পারেন। অথবা দশ জন প্রধান আশ্রমী মধ্যম পরিষদ্ হন। ৩৪

ব্রাহ্মণ রাজার অনুমতিক্রমে প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিবেন, স্বয়ং কখনই ব্যবস্থা দিবেন না। ৩৫ যদি রাজা ব্রাহ্মণের সম্মতি না লইয়া কোন প্রায়শ্চিত্তের ব্যবস্থা দেন, তাহা হইলে সেই পাপ শতগুণ হইয়া রাজার শরীরে সঞ্চারিত হইয়া থাকে। ৩৬ ব্রাহ্মণ দেবালয়ের সম্মুখে থাকিয়া প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিবেন। পশ্চাৎ তিনি বেদমাতা গায়ত্রী জপ করিয়া আপনাকে পবিত্র করিবেন। ৪৭

প্রায়শ্চিত্তানুষ্ঠানের সময় প্রথমত শিখাসমেত সমুদায় কেশ বপন করিবে। পরে ত্রিসন্ধ্যা অবগাহন পূর্ব্বক দিবাভাগে গাভির অনুগমন করিবে, রাত্রিকালে গোশালায় শয়ন করিয়া থাকিবে। ৩৮ যদি প্রচণ্ড উষ্ণবায়ু বা দারুণ শীতল বায়ু বা ভীষণ ঝড় প্রবাহিত

ন কুর্ব্বীতাত্মনস্ত্রাণং গোরকৃত্বা তু শক্তিতঃ ॥ ৩৯ ॥
আত্মনো যদি বান্যেষাং গৃহে ক্ষেত্রেঽথবা খলে।
ভক্ষয়ন্তীং ন কথয়েৎ পিবন্তঞ্চৈব বৎসকম্ ॥৪০
পিবন্তীষু পিবেত্তোয়ং সংবিশন্তীষু সংবিশেৎ।
পতিতাং পঙ্কমগ্নাং বা সর্ব্বপ্রাণৈঃ সমুদ্ধরেৎ ॥ ৪১ ॥
ব্রাহ্মণার্থে গবার্থে বা যস্তু প্রাণান্ পরিত্যজেৎ।
মুচ্যতে ব্রহ্মহত্যাদ্যৈর্গোপ্তা গোব্রাহ্মণস্য চ ॥ ৪২॥
গোবধস্যানুরূপেণ প্রাজাপত্যং বিনির্দ্দিশেৎ।

হয় অথবা সাতিশয় বৃষ্টি হইতে থাকে, তথাপি কোন মতে আত্ম-রক্ষা করিবে না। প্রাণপণে গো রক্ষা করিতে থাকিবে। গো রক্ষার পর আত্মরক্ষা হইতে পারে। ৩৯ যদি আপনার বা অন্যের গৃহে ক্ষেত্রে অথবা উদূখলে গাভী কোন শস্যাদি ভক্ষণ করে, তাহা হইলে কিছুই বলিবে না এবং বৎস যদি গাভির স্তন পান করে, তাহা হইলেও কিছু বলিবে না। ৪০ গাভী জল পান করিলে পশ্চাৎ আপনি জল পান করিবে। গাভী শয়ন করিলে পশ্চাৎ আপনি শয়ন করিবে। যদি গাভী পড়িয়া যায় বা পঙ্কে নিমগ্ন হয়, তাহা হইলে সমুদায় শক্তি প্রয়োগ পূর্ব্বক তাহাকে উদ্ধার করিবে। ৪১ যে ব্যক্তি গোব্রাহ্মণের নিমিত্ত প্রাণ পরিত্যাগ করে, অথবা যে ব্যক্তি গোব্রাহ্মণের রক্ষার নিমিত্ত আপনার জীব-নের মমতা না করে, সে ব্রহ্মহত্যা প্রভৃতি সমুদায় পাপ হইতে মুক্ত হয়। ৪২

গোবধের প্রায়শ্চিত্তের নিমিত্ত একটী প্রাজাপত্য ব্যবস্থা

প্রাজাপত্যন্তু যৎ কৃচ্ছ্রং বিভজেত্তচ্চতুর্বিধম্ ॥ ৪৩ ॥
একাহমেকভক্তাশী একাহং নক্তভোজনঃ।
অযাচিতাশ্যেকমহরেকাহং মারুতাশনঃ ॥ ৪৪ ॥
দিনদ্বয়ং চৈকভক্তো দ্বিদিনং নক্তভোজনঃ।
দিনদ্বয়মযাচী স্যাদ্দ্বিদিনং মারুতাশনঃ ॥ ৪৫ ॥
ত্রিদিনঞ্চৈকভক্তাশী ত্রিদিনং নক্তভোজনঃ।
দিনত্রয়মযাচী স্যাত্রিদিনং মারুতাশনঃ ॥ ৪৬ ॥
চতুরহস্ত্বেকভক্তাশী চতুরহং নক্তভোজনঃ।
চতুর্দ্দিনমযাচী স্যাচ্চতুরহং মারুতাশনঃ ॥ ৪৭ ॥

করিবে। প্রাজাপত্য নামক কৃচ্ছ্রব্রতকে চারি ভাগে বিভক্ত করিবে। ৪৩ এক দিবস এক ভক্ত অর্থাৎ এক পাকে ভোজন করিবে। এক দিবস রাত্রিতে ভোজন করিবে। এক দিবস অযাচিত দ্রব্য ভোজন করিয়া থাকিবে। এক দিবস বায়ু ভোজন করিবে। ৪৪ দ্বিতীয় প্রকার প্রাজাপত্য এইরূপ যে দুই দিবস এক পাকে খাইবে, দুই দিবস রাত্রিতে ভোজন করিবে, দুই দিবস অযাচিত দ্রব্য ভক্ষণ করিবে, দুই দিবস বায়ু ভক্ষণ করিয়া থাকিবে।৪৫ তৃতীয় প্রকার প্রাজাপত্য এইরূপ যে, তিন দিবস এক পাকে খাইবে, তিন দিন রাত্রিতে ভোজন করিবে, তিন দিন অযাচিত দ্রব্য আহার করিয়া কাটাইবে, তিন দিন বায়ু ভক্ষণ করিয়া থাকিবে। ৪৬ চতুর্থ প্রকার প্রাজাপত্যের লক্ষণ এই যে, চারি দিবস এক পাকে খাইবে, চারি দিবস রাত্রিতে ভোজন করিবে, চারি

প্রায়শ্চিত্তে ততশ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্।
বিপ্রায় দক্ষিণাং দদ্যাৎ পবিত্রাণি জপেদ্দ্বিজঃ ॥ ৪৮ ॥
ব্রাহ্মণান্ ভোজয়িত্বা তু গোঘ্নঃ শুদ্ধো ন সংশয়ঃ ॥ ৪৯॥

ইতি পরাশরে ধর্মশাস্ত্রে অষ্টমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।



দিবস অযাচিত ব্রতে জীবন রক্ষা করিবে, চারি দিবস বায়ু ভক্ষণ করিয়া থাকিবে। ৪৭

এইরূপে প্রায়শ্চিত্ত করণ সম্পূর্ণ হইলে ব্রাহ্মণভোজন করাইয়া ব্রাহ্মণদিগকে দক্ষিণা প্রদান করিবে। ব্রাহ্মণগণ পবিত্র মন্ত্র জপ করিবেন। ৪৮ গোহত্যাকারী ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া শুদ্ধি লাভ করিবেন, সন্দেহ নাই। ৪৯

পরাশর সংহিতা অষ্টম অধ্যায়
সমাপ্ত।



নবম অধ্যায়।

গবাং সংরক্ষণার্থায় ন দুষ্যেদ্রোধবন্ধয়োঃ।
তদ্বধস্তু ন তং বিদ্যাৎ কামাকামকৃতন্তথা ॥ ১ ॥
অঙ্গুষ্ঠমাত্রঃ স্থূলো বা বাহুমাত্রঃ প্রমাণতঃ।
আর্দ্রস্তু সপলাশশ্চ দণ্ড ইত্যভিধীয়তে ॥ ২ ॥
দণ্ডাদূর্দ্ধং যদন্যেন প্রহরেদ্বা নিপাতয়েৎ।
প্রায়শ্চিত্তং চরেৎ প্রোক্তং দ্বিগুণং গোব্রতঞ্চরেৎ ॥ ৩ ॥
রোধবন্ধনযোক্ত্রাণি ঘাতনঞ্চ চতুর্বিধম্।
একপাদঞ্চরেদ্রোধে দ্বিপাদং বন্ধনে চরেৎ ॥ ৪ ॥

গরুরক্ষার নিমিত্ত যদি গরুকে রুদ্ধ করিয়া রাখা যায়, বা বন্ধন করা যায়, তাহা হইলে দোষ হইবে না। সেই অবস্থায় যদি গরুর মৃত্যু হয়, তাহা হইলে তাহা কামকৃত বা অকামকৃত বধ হইবে না। ১ এক অঙ্গুষ্ঠ স্থূল, এক হস্ত দীর্ঘ, কাঁচা ও পত্রযুক্ত শাখাকে দণ্ড বলা যায়। ২ যে ব্যক্তি উক্ত নির্দ্দিষ্ট দণ্ড অপেক্ষা দীর্ঘ যষ্টি দ্বারা গরুকে প্রহার করিবে, তাঁহাকে প্রায়শ্চিত্ত করিতে হইবে। যদি ঐ যষ্টি প্রহারে গরুর মৃত্যু হয়, তাহা হইলে দ্বিগুণ গোব্রতের অনুষ্ঠান করিতে হইবে। ৩ গরুর রোধ বন্ধন যোত প্রহার, এই চতুর্ব্বিধ প্রায়শ্চিত্তের স্থল হইতেছে। গরুকে রোধ করিলে একপাদ, বন্ধন করিলে দ্বিপাদ. ৪ কোন স্থানে যুতিয়া দিলে ত্রিপাদ, প্রহার দ্বারা বধ করিলে সম্পূর্ণ চতুষ্পাদ প্রায়শ্চিত্ত করিতে হইবে।

যোক্ত্রেষু পাদহীনং স্যাচ্চরেৎ সর্ব্বং নিপাতনে।
গোচরে চ গৃহে বাপি দুর্গেষ্বপি সমেষ্বপি ॥ ৫ ॥
নদীষ্বপি সমুদ্রেষু খাতেঽপ্যথ দরীমুখে।
দগ্ধদেশে স্থিতাঃ গাবস্তস্তনাদ্রোধ উচ্যতে ॥ ৬ ॥
যোক্ত্রদামকডোরৈশ্চ ঘণ্টাভরণভূষণৈঃ।
গৃহে বাপি বনে বাপি বদ্ধা স্যাদ্গৌর্ম্ম্তা যদি।
তদেব বন্ধনং বিদ্যাৎ কামাকামকৃতঞ্চ যৎ ॥ ৭ ॥
মূল্লেখে শকটে পঙ্ক্তৌ ভারে বা পীড়িতো নরৈঃ।
গোপতির্ম্মৃত্যুমাপ্নোতি যোক্ত্রো ভবতি তদ্বধঃ ॥ ৮ ॥
মত্তঃ প্রমত্ত উন্মত্তশ্চেতনো বাপ্যচেতনঃ।

যদি গরু গোপ্রচার স্থানে গৃহে দুর্গম স্থানে সমভূমিতে ৫ নদীতে সমুদ্রে খাতমধ্যে গুহামুখে বা দগ্ধদেশে থাকে ও তাহাকে সে স্থান হইতে স্থানান্তরে যাইতে দেওয়া না হয়, ও সেই অবস্থায় তাহার মৃত্যু হয়, তাহা হইলে তাহাকে রোধ বলা যায়। ৬ রজ্জু, যোতের দড়ি ঘণ্টা আভরণ ভূষণ, এই সমুদায়ে বদ্ধ গরু যদি গৃহমধ্যে অথবা বনে পঞ্চত্ব প্রাপ্ত হয়, তাহা হইলে তাহাকে বন্ধন বলা যায়। এই বন্ধন দুই প্রকার, কামকৃত ও অকামকৃত। ৭ যদি লাঙ্গলে শকটে গোপঙ্ক্তিতে পীড়িত অথবা ভার দ্বারা প্রপীড়িত গরু মৃত্যুমুখে পতিত হয়, তাহার নাম যোক্ত্র বা যোতবধ। ৮ যদি মত্ত হইয়া প্রমত্ত হইয়া উন্মত্ত হইয়া চেতন হইয়া বা অচেতন হইয়া কামকৃত বা অকামকৃত ক্রোধ সহকারে দণ্ড দ্বারা বা উপল দ্বারা গরুকে প্রহার

কামাকামকৃতক্রোধো দণ্ডৈর্হন্যাদথোপলৈঃ।
প্রহতা বা মৃতা বাপি তদ্ধি হেতুর্নিপাতনে ॥ ৯ ॥
মূর্চ্ছিতঃ পতিতো বাপি দণ্ডেনাভিহতঃ সতু।
উত্থিতস্তু যদা গচ্ছেৎ পঞ্চ সপ্ত দশৈব বা ॥ ১০ ॥
গ্রাসং বা যদি গৃহ্নীয়াত্তোয়ং বাপি পিবেদ্যদি।
পূর্ব্বব্যাধ্যুপসৃষ্টশ্চেৎ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ১২ ॥
পিণ্ডস্থে পাদমেকন্তু দ্বৌ পাদৌ গর্ব্ভসম্মিতে।
পাদোনং ব্রতমুদ্দিষ্টং হত্বা গর্ব্ভমচেতনম্ ॥ ১৩ ॥
পাদেঽঙ্গরোমবপনং দ্বিপাদে শ্মশ্রুণোঽপিচ।
ত্রিপাদে তু শিখাবর্জং সশিখন্তু নিপাতনে ॥ ১৪ ॥

করে, ৯ তাহাতে যদি গরু গুরুতর আহত বা মৃত হয়, তাহা হইলে তাহাকে নিপাতন বা প্রহার দ্বারা গোহত্যা বলা যাইতে পারে। যদি গরু দণ্ড দ্বারা আহত হইয়া মূর্চ্ছিত ও পতিত হয় এবং সেই গরু যদি ১০ উত্থিত হইয়া গমন করে ও পাঁচ গ্রাস সাত গ্রাস বা দশ গ্রাস ঘাসাদি ভক্ষণ করে অথবা যদি জল পান করে, ১১ অর্থাৎ যদি সেই গরু প্রহারাদি জনিত পীড়া হইতে মুক্ত হয়, তাহা হইলে প্রায়শ্চিত্ত করিতে হইবে না। ১২

পিণ্ডাকার গোগর্ভ নষ্ট করিলে একপাদ গর্ভস্থ বৎসের হস্ত-পদাদি হইলে দ্বিপাদ, চৈতন্যহীন নষ্ট করিলে ত্রিপাদ ব্রত আচরণ করিতে হইবে। ১৩ একপাদ প্রায়শ্চিত্ত করিতে হইলে অঙ্গের লোম মুণ্ডন করিতে হইবে। দ্বিপাদ প্রায়শ্চিত্ত করিতে হইলে ঊর্দ্ধে দাড়ি পর্য্যন্ত মুণ্ডন করিবে। ত্রিপাদ প্রায়শ্চিত্ত করিতে হইলে

পাদে বস্ত্রযুগং চৈব দ্বিপাদে কাংস্যভাজনম্।
পাদোনে গোবৃষং দদ্যাচ্চতুর্থে গোদ্বয়ং স্মৃতম্ ১৫ ॥
নিষ্পন্নসর্ব্বগাত্রস্তু দৃশ্যতে বা সচেতনম্।
অঙ্গপ্রত্যঙ্গসম্পন্নে দ্বিগুণং গোব্রতং চরেৎ ॥ ১৬ ॥
পাষাণেনৈব দণ্ডেন গাবো যেনাভিঘাতিতাঃ।
শৃঙ্গভঙ্গে চরেৎ পাদং দ্বৌ পাদৌ তেন যাতনে ॥ ১৭ ॥
লাঙ্গূলে কৃচ্ছ্রপাদস্তু দ্বৌ পাদাবস্থিভঞ্জনে।
ত্রিপাদশ্চৈব কর্ণে তু চরেৎ সর্ব্বং নিপাতনে ॥ ১৮ ॥

শিখাভিন্ন সমুদায় মুণ্ডন করিবে। নিপাতন হইলে অর্থাৎ চতুষ্পাদ প্রায়শ্চিত্ত করিতে হইলে আপাদ মস্তক শিখাপর্য্যন্ত সমুদায় মুণ্ডন করিয়া ফেলিবে। ১৪ একপাদ প্রায়শ্চিত্ত করিবার সময় বস্ত্রযুগল, দুই পাদ প্রায়শ্চিত্ত করিবার সময় কাংস্য পাত্র, তিন পাদ প্রায়শ্চিত্ত করিবার সময় একটী বৃষ, সম্পূর্ণ চতুষ্পাদ প্রায়শ্চিত্ত করিবার সময় গোযুগল প্রদান করিবে। ১৫ যদি অঙ্গপ্রত্যঙ্গ সম্পন্ন গরুর সর্ব্বাঙ্গ ভগ্ন করিয়া দেয় এবং ঐ গরুর যদি চৈতন্য থাকে, তাহা হইলেও দ্বিগুণ ব্রত করিতে হইবে। ১৬

কোন ব্যক্তি পাষাণ দ্বারা বা দণ্ড দ্বারা আঘাত করিলে যদি তাহাতে গরুর শৃঙ্গভঙ্গ হয়, তাহা হইলে একপাদ ব্রতানুষ্ঠান করিবে। যদি শৃঙ্গ দুটী নির্ম্মূল হয়, তাহা হইলে দুই পাদ ব্রতানুষ্ঠান করিতে হইবে। ১৭ ঐ রূপে লাঙ্গূল ভগ্ন করিয়া দিলে, একপাদ কৃচ্ছ্র ব্রত করিবে। অস্থি ভঙ্গ করিয়া দিলে পাদদ্বয় কৃচ্ছ্র ব্রতাচরণ করিতে হইবে। গরুর কর্ণ চূর্ণ করিলে তিন পাদ

শৃঙ্গভঙ্গেঽস্থিভঙ্গে চ কটিভঙ্গে তথৈব চ।
যদি জীবতি ষণ্মাসান্ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ১৯ ॥
ব্রণভঙ্গে চ কর্ত্তব্যঃ স্নেহাভ্যঙ্গস্তু পাণিনা।
যবসশ্চাপহর্ত্তব্যো যাবদ্দৃঢ়বলো ভবেৎ ॥ ২০ ॥
যাবৎ সম্পূর্ণসর্ব্বাঙ্গস্তাবত্তং পোষয়েন্নরঃ।
গোরূপং ব্রাহ্মণস্যাগ্রে নমস্কৃত্য বিবর্জয়েৎ ॥ ২১ ॥
যদ্যসম্পূর্ণসর্ব্বাঙ্গো হীনদেহো ভবেত্তদা।
গোঘাতকস্য তস্যার্দ্ধং প্রায়শ্চিত্তং বিনির্দ্দিশেৎ ॥২২ ॥

কৃচ্ছ্র ব্রত করিবে। সমুদায় অঙ্গ ভঙ্গ করিলে সম্পূর্ণ চতুষ্পাদ ব্রতাচরণ করিতে হইবে। ১৮

শৃঙ্গ ভগ্ন হইলে, অস্থিভগ্ন হইলে অথবা কটি ভঙ্গ হইলে, যদি গরু ছয় মাস পর্য্যন্ত জীবিত থাকে, তাহা হইলে প্রায়শ্চিত্ত করিতে হইবে না। ১৯ যদি আঘাত দ্বারা গরুর গাত্রে ব্রণ হয় তাহা হইলে যে পর্য্যন্ত আরোগ্য না হইবে সে পর্য্যন্ত আপন হস্তে সেই ব্রণ স্থলে ঘৃত তৈলাদি প্রদান করিবে। যে পর্য্যন্ত সেই গরু দৃঢ় ও বলবান্ না হয়, সে পর্য্যন্ত গরুর ন্যায় যবস (যাউ) আহার করিবে। ২০ ঐ গরুটী যে পর্য্যন্ত সম্পূর্ণ রূপ আরোগ্য লাভ না করে, সে পর্য্যন্ত তাহাকে প্রতিপালন করিতে হইবে। পরে ব্রাহ্মণকে নমস্কার করিয়া ব্রাহ্মণের নিকট আপনার গোরূপ পরিত্যাগ করিবে। ২১ যদি ঐ গরুর সমুদায় অঙ্গ সম্পূর্ণ পূর্ব্ববৎ না হয়, যদি অঙ্গের কোন অংশ ন্যূন হয়, তাহা হইলে গোহত্যা

কাষ্ঠলোষ্ট্রকপাষাণৈঃ শস্ত্রেণৈবোদ্ধতো বলাৎ।
ব্যাপাদয়তি যো গান্তু তস্য শুদ্ধিং বিনির্দ্দিশেৎ॥ ২৩॥
চরেৎ সান্তপনং কাষ্ঠে প্রাজাপত্যন্তু লোষ্ট্রকে।
তপ্তকৃচ্ছ্রন্তু পাষাণে শস্ত্রে চৈবাতিকৃচ্ছ্রকম্॥ ২৪॥
পঞ্চ সান্তপনে গাবঃ প্রাজাপত্যে তথা ত্রয়ঃ।
তপ্তকৃচ্ছ্রে ভবন্ত্যষ্টাবতিকৃচ্ছ্রে ত্রয়োদশ॥ ২৫॥
প্রমাপণে প্রাণভৃতাং দদ্যাত্তৎপ্রতিরূপকম্।
তস্যানুরূপং মূল্যং বা দদ্যাদিত্যব্রবীন্মনুঃ॥ ২৬॥

জনিত পাপের নিরূপিত প্রায়শ্চিত্তের অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিতে হইবে। ২২

যদি কোন উদ্ধত ব্যক্তি, কাষ্ঠ দ্বারা লোষ্ট্র দ্বারা পাষাণ দ্বারা বা শস্ত্র দ্বারা বল পূর্ব্বক গোহত্যা করে, তাহা হইলে সে, কিরূপে শুদ্ধি লাভ করিবে, বলিতেছি। ২৩ কাষ্ঠ দ্বারা গোহত্যা করিলে সান্তপন ব্রত, লোষ্ট্র দ্বারা গোহত্যা করিলে প্রাজাপত্য ব্রত, পাষাণ দ্বারা গোহত্যা করিলে, তপ্ত কৃচ্ছ্র এবং শস্ত্র দ্বারা গোহত্যা করিলে অতিকৃচ্ছ্র ব্রত আচরণ করিতে হইবে। ২৪ সান্তপন ব্রত করিতে হইলে পাঁচটী গরু, প্রজাপত্য ব্রত করিতে হইলে তিনটী গরু, তপ্তকৃচ্ছ্র ব্রত করিতে হইলে আটটী গরু, অতিকৃচ্ছ্র ব্রত করিতে হইলে তেরটী গরু দান করিতে হইবে। ২৫ যেরূপ পরিমাণের গবাদির নিমিত্ত প্রায়শ্চিত্ত করিতে হয়, সেই রূপ পরিমাণের গবাদি দান করা বিধেয়। অথবা তাহার অনুরূপ মূল্য দান করিবে, ইহা মহর্ষি মনুও বলিয়াছেন। ২৬

অন্যত্রাঙ্কনলক্ষভ্যাং বাহনে দোহনে তথা।
সায়ং সংযমনার্থন্তু ন দুষ্যেদ্রোধবন্ধয়োঃ ॥ ২৭ ॥
অতিদাহেঽতিবাহে চ নাসিকাভেদনে তথা।
নদীপর্ব্বতসঞ্চারে প্রায়শ্চিত্তং বিনির্দ্দিশেৎ ॥ ২৮ ॥
অতিদাহে চরেৎ পাদং দ্বৌ পাদৌ বাহনে চরেৎ।
নাসিকে পাদহীনন্তু চরেৎ সর্ব্বং নিপাতনে ॥ ২৯ ॥
দহনাচ্চ বিপদ্যেত অবদ্ধো বাপি যন্ত্রিতঃ।
উক্তং পরাশরেণৈব হ্যেকপাদং যথাবিধি ॥৩০ ॥

গরু দাগিবার জন্য ও গরুর শরীরে কোন বিশেষ চিহ্ন করিবার জন্য গরুর রোধ ও বন্ধন করিলে প্রায়শ্চিত্ত করিতে হইবে। পরন্তু ভার বা শকটাদিবাহনের নিমিত্ত দোহনের নিমিত্ত অথবা সায়ংকালে একত্র রক্ষা করিবার নিমিত্ত যদি কেহ গরু রোধ বা বন্ধন করে, তাহা হইলে কোন দোষ হইবে না। ২৭ যদি দাগ দিবার সময় সমধিক দগ্ধ করা হয়, যদি অত্যন্ত অধিক ভার বহন করান হয়, যদি গরুর নাক ফুঁড়িয়া দেওয়া হয়, যদি দুর্গম নদীর উপর দিয়া বা পর্ব্বতের উপর দিয়া গরু লইয়া যাওয়া হয়, তাহা হইলে তজ্জনিত গোবধের প্রায়শ্চিত্ত করিতে হইবে। ২৮ অত্যন্ত দগ্ধ করিয়া দিলে এক পাদ, অত্যন্ত অধিক ভার বহন করাইলে দুই পাদ, নাক ফুঁড়িয়া দিলে তিন পাদ, এই সমুদায় গুলি করিলে সম্পূর্ণ চতুষ্পাদ প্রায়ত্তি করিতে হইবে। ২৯ গরু বন্ধনাবস্থায় থাকুক্ বা বন্ধন মুক্ত হউক, যদি দহন কালে তাহার মৃত্যু হয়, তাহা হইলে পরাশর বলেন যে, যথাবিধানে একপাদ প্রায়শ্চিত্ত করিবে। ৩০

রোধবন্ধনযোক্ত্রঞ্চ ভারঃ প্রহরণন্তথা।
দুর্গপ্রেরণযোক্ত্রঞ্চ নিমিত্তানি বধস্য ষট্ ॥ ৩১ ॥
বন্ধপাশসুগুপ্তাঙ্গো ম্রিয়তে যদি গোপশুঃ।
ভবনে তস্য নাশস্য পাপে কৃচ্ছ্রার্দ্ধমর্হতি ॥ ৩২ ॥
ন নারিকেলৈনর্চ শাণবালৈর্নচাপি মৌঞ্জৈর্ন চ বন্ধশৃঙ্খলৈঃ।
এতৈস্তু গাবো ন নিবন্ধনীয়াবদ্ধা তু তিষ্ঠেৎ পরশুং গৃহীত্বা ॥৩৩॥
কুশৈঃ কাশৈশ্চ বধ্নীয়াদ্গোপশুং দক্ষিণামুখম্।
পাশলগ্নাগ্নিদগ্ধেষু প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ৩৪ ॥
যদি তত্র ভবেৎ কাণ্ডং প্রায়শ্চিত্তং কথং ভবেৎ।
জপিত্বা পাবনীং দেবীং মুচ্যতে তত্র কিল্বিষাৎ ॥ ৩৫ ॥

রোধ করা বন্ধন করা যুতিয়া দেওয়া সমধিক ভার প্রদান করা প্রহার করা যোতে বন্ধন পূর্ব্বক নদী পর্ব্বত প্রভৃতি দুর্গম স্থানে প্রেরণ করা, এই ছয় প্রকার বধকারণ হইতেছে। ৩১ যদি কোন গরু রজ্জুবদ্ধ থাকিয়া প্রাণ ত্যাগ করে, তাহা হইলে গৃহকর্ত্তা অর্দ্ধ-কৃচ্ছ্র ব্রতানুষ্ঠান করিবে। ৩২

নারিকেলের দড়ি শনের দড়ি মুঞ্জময় দড়ি অথবা লৌহাদি শৃঙ্খল দ্বারা বৃষ বা গাভিকে কখনই বন্ধন করা কর্ত্তব্য নহে। যদি কেহ বন্ধন করে, তাহা হইলে পরশু হস্তে লইয়া পার্শ্বে দণ্ডায়মান থাকিবে। ৩৩ গোপশুকে দক্ষিণমুখ করিয়া কুশ দ্বারা বা কাশ দ্বারা বন্ধন করিবে। যদি ঐ রজ্জুতে অগ্নি লাগিয়া গরু দগ্ধ হয়, তাহা হইলে প্রায়শ্চিত্ত করিতে হয় না। ৩৪ যদি সেই স্থলে তৃণ-

প্রেরয়ন্ কূপবাপীষু বৃক্ষচ্ছেদেষু পাতয়ন্।
গবাশনেষু বিক্রীণংস্ততঃ প্রাপ্নোতি গোবধম্ ॥ ৩৬ ॥
আরাধিতস্তু যঃ কশ্চিদ্ভিন্নকক্ষো যদা ভবেৎ।
শ্রবণং হৃদয়ং ভিন্নং মগ্নো বা কূপসঙ্কটে ॥ ৩৭ ॥
কূপাদুৎক্রমণে চৈব ভগ্নো বা গ্রীবপাদয়োঃ।
স এব ম্রিয়তে তত্র ত্রীন্ পাদাংস্তু সমাচরেৎ ॥ ৩৮ ॥
কূপখাতে তটীবন্ধে নদীবন্ধে প্রপাসু চ।
পানীয়েষু বিপন্নানাং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ৩৯ ॥

রাশি থাকে ও ঐ রজ্জু সংলগ্ন অগ্নি তৃণে লাগিয়া গরু দগ্ধ হয় তাহা হইলে পবিত্রতা কারণ গায়ত্রী জপ করিয়া পাপ হইতে মুক্ত হইবে। ৩৫

যদি কেহ কূপমধ্যে বা তড়াগমধ্যে গরু প্রেরণ করে, যদি কেহ বৃক্ষচ্ছেদ করিয়া গরুর উপর ফেলিয়া দেয়, যদি কেহ গোখাদকের নিকট গরু বিক্রয় করে, তাহা হইলে সে সম্পূর্ণ গোহত্যা পাতকে পাতকী হইবে। ৩৬ সম্পূর্ণ উদ্ধারের চেষ্টা করিলেও উক্ত সমুদায় কারণে যদি কোন গরুর কক্ষদেশ কর্ণস্থান বা হৃদয় ভগ্ন হয়, কিম্বা সেই গরু যদি দুর্ব্বিপাক বশত কূপ সঙ্কটে পতিত হয়, ৩৭ অথবা যদি কূপের জলাবতরণ পথে উঠিবার সময় গরুর গ্রীবা বা পদ ভগ্ন হয়, এবং সেই কারণে যদি সেই সময় বা তৎপরে গরুর মৃত্যু হয়, তাহা হইলে গোবধের ত্রিপাদ প্রায়শ্চিত্ত করিতে হইবে। ৩৮ কূপসন্নিহিত জল পানার্থ খাতে, সরোবরাদির বাঁধান ঘাটে নদীর বাঁধান প্রদেশে, প্রপা অর্থাৎ অল্পজলাশয়ে, অথবা জল পানার্থ

কূপখাতে তটীখাতে দীর্ঘখাতে তথৈবচ।
অন্যেষু ধর্ম্মপাতেষু প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥ ৪০॥
বেশ্মদ্বারে নিবাসেষু যো নরঃ খাতমিচ্ছতি।
স্বকার্য্যগৃহখাতেষু প্রায়শ্চিত্তং বিনির্দ্দিশেৎ॥ ৪১॥
নিশি বন্ধনিরুদ্ধেষু সর্পব্যাঘ্রহতেষু চ।
অগ্নিবিদ্যুদ্বিপন্নানাং প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥ ৪২॥
গ্রামঘাতে শরৌঘেণ বেশ্মবন্ধনিপাতনে।
অতিবৃষ্টিহতানাঞ্চ প্রায়শ্চিত্তং ন বিদ্যতে॥ ৪৩॥
সংগ্রামে প্রহতানাঞ্চ যে দগ্ধা বেশ্মকেষু চ।

কুণ্ডে গরুর মৃত্যু হইলে প্রায়শ্চিত্ত নাই। ৩৯ কূপ সন্নিহিত খাতে নদী বা জলাশয়ের তট সন্নিহিত খাতে কোন দীর্ঘখাতে অথবা সাধারণের জল পানার্থ খাতমাত্রে গরুর মৃত্যু হইলে তাহার প্রায়শ্চিত্ত নাই। ৪০ যদি কেহ বাটীর দ্বারের সম্মুখে বা বাটীর মধ্যে খাত করে অথবা যদি কেহ আত্মকার্য্যের নিমিত্ত বা গৃহ প্রস্তুত করিবার নিমিত্ত খাত করে, এবং তাহাতে যদি বৃষ বা গাভীর মৃত্যু হয় তাহা হইলে সম্পূর্ণ প্রায়শ্চিত্ত করিতে হইবে। ৪১ রাত্রি কালে গরুকে রোধ বা বন্ধন করিয়া রাখিলে যদি সেই গরু অগ্নি দ্বারা বিদ্যুৎ দ্বারা ব্যাঘ্র দ্বারা বা সর্প দংশন দ্বারা প্রাণত্যাগ করে, তাহা হইলে প্রায়শ্চিত্ত করিতে হয় না। ৪২ যদি শরনিকর দ্বারা গ্রাম প্রপীড়িত হয়, যদি ঘর পড়িয়া যায়, যদি অতিবৃষ্টি হয়, তাহা হইলে তিন কারণে গরুর মৃত্যু হইলে প্রায়শ্চিত্ত করিতে হয় না। ৪৩ যে সকল গরু সংগ্রামে নিহত হয়, যে সকল গরু গৃহ দাহে

দাবাগ্নিগ্রামঘাতে বা প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ৪৪ ॥
যন্ত্রিতা গৌশ্চিকিৎসার্থং মূঢ়গর্ব্ভবিমোচনে।
যত্নে কৃতে বিপদ্যেত প্রায়শ্চিত্তং ন বিদ্যতে ॥ ৪৫ ॥
ব্যাপন্নানাং বহূনাঞ্চ বন্ধনে রোধনেঽপি বা।
ভিষঙ্মিথ্যাপ্রচারে চ প্রায়শ্চিত্তং বিনির্দ্দিশেৎ ॥ ৪৬ ॥
গোবৃষাণাং বিপত্তৌ চ যাবন্তঃ প্রেক্ষকা জনাঃ।
ন বারয়ন্তি তাং তেষাং সর্ব্বেষাং পাতকং ভবেৎ ॥ ৪৭
একো হতো যৈর্বহুভিঃ সমেতৈ-
র্ন জ্ঞায়তে যস্য হতোঽভিধানাৎ।

দগ্ধ হইয়া মরে, যে সকল গরু গ্রাম রোধ দ্বারা বা দাবানল দ্বারা প্রাণ পরিত্যাগ করে, তাহাদের নিমিত্ত প্রায়শ্চিত্ত করিতে হয় না। ৪৪ যদি চিকিৎসার্থ গরুকে রুদ্ধ বা বদ্ধ করা যায়, যদি দূষিত গর্ভ মোচন করাইতে হয়, তাদৃশ স্থলে যত্ন করিলেও যদি গরুর মৃত্যু হয়, তাহা হইলে প্রায়শ্চিত্ত নাই। ৪৫

বহুসংখ্য গাভি বা বৃষ এক স্থানে রুদ্ধ বা বদ্ধ করিয়া রাখিলে অথবা গোচিকিৎসানভিজ্ঞ ব্যক্তি দ্বারা চিকিৎসা করাইলে যদি ঐ গরু পঞ্চত্ব প্রাপ্ত হয়, তাঁহা হইলে সম্পূর্ণ গোবধের প্রায়শ্চিত্ত করিতে হইবে। ৪৬ যে সময় বৃষ বা গাভির অপঘাত মৃত্যু হয়, সে সময় যতগুলি মনুষ্য তাহা দেখিয়া বা শুনিয়া সাধ্যানুসারে প্রতীকারের চেষ্টা না করে, তাহারা সকলেই গোহত্যা জনিত পাতকে পাতকী হয়। ৪৭

যদি বহুলোক একত্র হইয়া কোন এক গাভি বা বৃষের অভি-

দিব্যেন তেষামুপলভ্য হন্তা
নিবর্ত্তনীয়ো নৃপসন্নিযুক্তৈঃ॥ ৪৮॥
একা চেদ্বহুভিঃ কাপি দৈবাদ্ব্যাপাদিতা ভবেৎ।
পাদং পাদঞ্চ হত্যায়াশ্চরেয়ুস্তে পৃথক্ পৃথক্ ॥ ৪৯ ॥
হতেষু রুধিরং দৃশ্যং ব্যাধিগ্রস্তঃ কৃশো ভবেৎ।
নানা ভবতি দৃষ্টেষু এবমন্বেষণং ভবেৎ ॥ ৫০ ॥
মনুনা চৈবমেকেন সর্ব্বশাস্ত্রাণি জানতা।
প্রায়শ্চিত্তন্তু তেনোক্তং গোষু চান্দ্রায়ণং চরেৎ ॥ ৫১॥
কেশানাং রক্ষণার্থায় দ্বিগুণং গোব্রতং চরেৎ।
দ্বিগুণে ব্রত আদিষ্টে দক্ষিণা দ্বিগুণা ভবেৎ ॥ ৫২ ॥

ষ্ঠিত স্থানে লোষ্ট্র নিক্ষেপ বা যষ্টি প্রভৃতির আঘাত করে, তাহাতে যদি গো হত্যা হয়, তাহা হইলে রাজা কর্ম্মচারী দ্বারা তাহাদিগের প্রত্যেককে দিব্য করাইয়া গোহত্যাকারী নিরূপণ করিবেন। ৪৮ যদি এরূপ হয় যে, বহু ব্যক্তি দ্বারা একটী গো হত্যা হইয়াছে, সেই গোহত্যাকারীদিগের মধ্যে প্রত্যেকেই সম্পূর্ণ গোবধের চতুর্থাংশ প্রায়শ্চিত্ত করিবে। ৪৯ গো হত্যা হইলে তাহার রক্ত পরীক্ষা করিতে হইবে এবং ইহাও নির্ণয় করিবে যে, সেই গরু ব্যাধিগ্রস্ত বা কৃশ ছিল কি না। কারণ দোষবিশেষে নানাপ্রকার পৃথক্ পৃথক্ প্রায়শ্চিত্তের বিধি আছে, অতএব এতৎসমুদায় সবিশেষ অনুসন্ধান করা নিতান্ত আবশ্যক। ৫০ একমাত্র সর্ব্বশাস্ত্রজ্ঞ মনু বলিয়াছেন যে, গো হত্যা মাত্রেই চান্দ্রায়ণ ব্রত অনুষ্ঠান করিবে। ৫১ গোহত্যার প্রায়শ্চিত্ত করিবার সময় যিনি কেশ রক্ষা

রাজা বা রাজপুত্রো বা ব্রাহ্মণো বা বহুশ্রুতঃ।
অকৃত্বা বপনং তস্য প্রায়শ্চিত্তং বিনির্দিশেৎ ॥ ৫৩॥
যস্য ন দ্বিগুণং দানং কেশশ্চ পরিরক্ষিতঃ।
তৎ পাপং তস্য তিষ্ঠেত বক্তা চ নরকং ব্রজেৎ ॥ ৫৪॥
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে পাপং সর্ব্বকেশেষু তিষ্ঠতি।
সর্ব্বান্ কেশান্ সমুদ্ধৃত্য চ্ছেদয়েদঙ্গুলিদ্বয়ম্ ॥ ৫৫ ॥
এবং নারীকুমারীণাং শিরসো মুণ্ডনং স্মৃতম্।
ন স্ত্রিয়াঃ কেশবপনং ন দূরে শয়নাশনম্ ॥ ৫৬ ॥
ন চ গোষ্ঠে বসেদ্রাত্রৌ ন দিবা গা অনুব্রজেৎ।

করিতে ইচ্ছা করিবেন, তাঁহাকে দ্বিগুণ প্রায়শ্চিত্ত করিতে হইবে। যে স্থলে দ্বিগুণ প্রায়শ্চিত্তের ব্যবস্থা হইবে, সে স্থলে দক্ষিণাও দ্বিগুণ প্রদান করিতে হইবে। ৫২ রাজা রাজপুত্র বা জ্ঞানসম্পন্ন ব্রাহ্মণকে কেশমুণ্ডন না করিয়া প্রায়শ্চিত্ত করিতে ব্যবস্থা দিবেন। ৫৩ যে ব্যক্তি দ্বিগুণ প্রায়শ্চিত্ত ও দ্বিগুণ দক্ষিণা প্রদান না করিয়া কেশ রক্ষা করিবে, সে ব্যক্তির পাপ পূর্ব্ববৎ অক্ষত থাকিবে এবং যে ব্যক্তি তাদৃশ প্রায়শ্চিত্তের ব্যবস্থা প্রদান করিবে সে নরকগামী হইবে। ৫৪ যাহা কিছু পাপ করা হয় তৎসমুদায় কেশ সমুদায়ে অবস্থান করে। অতএব সমুদায় কেশ ধরিয়া অগ্রভাগের দুই অঙ্গুলি-মাত্র চ্ছেদন করিবে। (ঈদৃশ ব্যবস্থা সকলের প্রতি দেওয়া হইবে না।) ৫৫ যাঁহারা কুমারী বা পতিবত্নী নারী, তাহাদিগেরই মুণ্ডন স্থলে এইরূপ ব্যবস্থা দিবে। এই সকল রমণীর সম্পূর্ণ মুণ্ডন দূরে স্বতন্ত্র শয়ন বা স্বতন্ত্র ভোজনের বিধান নাই। ৫৬ রমণীরা

নদীষু সঙ্গমে চৈব অরণ্যেষু বিশেষতঃ ॥ ৫৭ ॥
ন স্ত্রীণামজিনং বাসো ব্রতমেবং সমাচরেৎ।
ত্রিসন্ধ্যং স্নানমিত্যুক্তং সুরাণামর্চ্চনং তথা ॥ ৫৮ ॥
বন্ধুমধ্যে ব্রতং তাসাং কৃচ্ছ্র চান্দ্রায়ণাদিকম্।
গৃহেষু নিয়তং তিষ্ঠেচ্ছুচির্নিয়মমাচরেৎ ॥ ৫৯ ॥
ইহ যো গোবধং কৃত্বা প্রচ্ছাদয়িতুমিচ্ছতি।
স যাতি নরকং ঘোরং কালসূত্রমসংশয়ম্ ॥ ৬০ ॥
বিমুক্তো নরকাত্তস্মান্মর্ত্ত্যলোকে প্রজায়তে।
ক্লীবো দুঃখী চ কুষ্ঠী চ সপ্ত জন্মানি বৈ নরঃ ॥ ৬১॥
তস্মাৎ প্রকাশয়েৎ পাপং স্বধর্ম্মং সততং চরেৎ।

রাত্রিতে গোষ্ঠে শয়ন করিবে না, দিবসেও গাভির বা বৃষের অনুগামিনী হইবে না। বিশেষত নদীতে জনসমাগম স্থলে বা অরণ্য মধ্যে গমন করা তাহাদের অবিধেয়। ৫৭ স্ত্রীলোকেরা অজিন পরিধান করিবে না। তাহারা ত্রিসন্ধ্য স্নান ও দেবার্চ্চনা করিয়া ব্রত অনুষ্ঠান করিবে। ৫৮ স্ত্রীলোকের কৃচ্ছ্র চান্দ্রায়ণ প্রভৃতি ব্রত সমুদায় বন্ধুমধ্যেই সম্পন্ন করিতে হইবে। তাহারা নিয়ত গৃহে অবস্থান পূর্ব্বক শুচি হইয়া নিয়ম পালন করিবে। ৫৯

ইহলোকে যে ব্যক্তি গোবধ করিয়া গোপন করিতে ইচ্ছা করে, সে কালসূত্র নামক ঘোর নরকে গমন করে, সন্দেহ নাই। ৬০ ঐ ব্যক্তি পরে সেই নরক হইতে মুক্ত হইয়াও মর্ত্তালোকে মনুষ্যযোনিতে জন্ম পরিগ্রহ করিয়া সপ্তজন্ম পর্য্যন্ত ক্লীব দুঃখী ও কুষ্ঠরোগাক্রান্ত হয়। ৬১ অতএব পাপ করিয়া প্রকাশ করিবে,

স্ত্রীবালভৃত্যগোবিপ্রেষ্বতিকোপং বিবর্জয়েৎ ॥ ৬২ ॥ *

ইতি পারাশরে ধর্মশাস্ত্রে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

গোপন করিবে না। সর্ব্বদা নিজধর্ম্মের অনুষ্ঠান করিবে। স্ত্রী জাতির প্রতি বালকের প্রতি ভৃত্যের প্রতি গোজাতির প্রতি ও ব্রাহ্মণের প্রতি সাতিশয় কোপ করিবে না। ৬২

পরাশর সংহিতা নবম অধ্যায়
সমাপ্ত।

দশম অধ্যায়।

চাতুর্বর্ণ্যস্য সর্ব্বত্র হীয়ং প্রোক্তা তু নিষ্কৃতিঃ।
অগম্যাগমনে চৈব শুদ্ধৌ চান্দ্রায়ণঞ্চরেৎ ॥ ১ ॥
একৈকং হ্রাসয়েৎ পিণ্ডং কৃষ্ণে শুক্লে চ বর্দ্ধয়েৎ।
অমাবাস্যাং ন ভুঞ্জীত এষ চান্দ্রায়ণো বিধিঃ ॥ ২॥

ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি চতুর্বর্ণের প্রায়শ্চিত্ত বিধান করিলাম। অগম্যাগমন করিলে তৎপাপ ক্ষয়ের নিমিত্ত চান্দ্রায়ণ করিলে শুদ্ধিলাভ করিতে পারিবে। ১ কৃষ্ণপক্ষে প্রতিদিন এক

কুক্কুটাণ্ডপ্রমাণন্তু গ্রাসঞ্চ পরিকল্পয়েৎ।
অন্যথা ভাবদুষ্টস্য ন ধর্ম্মো নৈব শুধ্যতি ॥ ৩ ॥
প্রায়শ্চিত্তে ততশ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্।
গোদ্বয়ং বস্ত্রযুগ্মঞ্চ দদ্যাদ্বিপ্রেষু দক্ষিণাম্ ॥ ৪ ॥
চাণ্ডালীঞ্চ শ্বপাকীঞ্চ হ্যভিগচ্ছতি যো দ্বিজঃ।
ত্রিরাত্রমুপবাসী স্যাদ্বিপ্রাণামনুশাসনাৎ ॥ ৫ ॥
সশিখং বপনং কুর্য্যাৎ প্রাজাপত্যত্রয়ং চরেৎ।
ব্রহ্মকূর্চ্চং ততঃ কৃত্বা কুর্য্যাদ্ব্রাহ্মণতর্পণম্ ॥ ৬ ॥
গায়ত্রীঞ্চ জপেন্নিত্যং দদ্যাদ্গোমিথুনদ্বয়ম্।

এক গ্রাস হ্রাস করিবে এবং শুক্লপক্ষে প্রতিদিন এক এক গ্রাস বৃদ্ধি করিতে থাকিবে। অমাবস্যার দিবস ভোজন করিবে না। এই বিধানানুসারে চান্দ্রায়ণ ব্রত অনুষ্ঠান করিবে। ২ এক এক গ্রাসের পরিমাণ কুক্কুটাণ্ডসদৃশ হইবে। যদি কেহ ইহার অন্যথাচরণ করেন, তাহা হইলে ধর্ম্মশাস্ত্রের অভিপ্রায় বিরুদ্ধ হওয়াতে ধর্ম্ম বা শুদ্ধি লাভ কিছুই হইবে না। ৩

প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইলে ব্রাহ্মণভোজন করাইবে। প্রত্যেক ব্রাহ্মণকে দুইটী গাভি ও এক যোড়া বস্ত্র দক্ষিণা প্রদান করিবে। ৪ যে ব্রাহ্মণ চাণ্ডালী বা শ্বপাকী গমন করিবেন, তিনি ব্রাহ্মণের আজ্ঞাক্রমে ত্রিরাত্র উপবাসী থাকিবেন।৫ পরে তিনি শিখাসমেত সমুদায় কেশ বপন করিয়া তিনটী প্রাজাপত্য ব্রত অনুষ্ঠান করিবেন। পরে ব্রহ্মকূর্চ্চের অনুষ্ঠান করিয়া ভোজনাদি দ্বারা ব্রাহ্মণদিগকে পরিতুষ্ট করিবেন। ৬ তিনি নিরত গায়ত্রী জপ করিয়া

বিপ্রায় দক্ষিণাং দদ্যাচ্ছুদ্ধিমাপ্নোত্যসংশয়ম্ ॥ ৭॥
ক্ষত্রিয়শ্চাপি বৈশ্যো বা চাণ্ডালীং গচ্ছতো যদি।
প্রাজাপত্যদ্বয়ং কুর্য্যাদ্দদ্যাদ্গোমিথুনন্তথা ॥ ৮ ॥
শ্বপাকীমথ চাণ্ডালীং শূদ্রো বৈ যদি গচ্ছতি।
প্রাজাপত্যং চরেৎ কৃচ্ছ্রং দদ্যাদ্গোমিথুনন্তথা ॥ ৯ ॥
মাতরং যদি গচ্ছেত ভগিনীং পুত্রিকাং তথা।
এতাস্তু মোহতো গত্বা ত্রীন্ কৃচ্ছ্রাংস্তু সমাচরেৎ ॥ ১০
চান্দ্রায়ণত্রয়ং কুর্য্যাচ্ছিশ্নচ্ছেদেন শুধ্যতি।
মাতৃস্বসৃগমে চৈব আত্মভেদনিদর্শনম্ ॥ ১১ ॥
অজ্ঞানাত্তাস্তু যো গচ্ছেৎ কুর্য্যাচ্চান্দ্রায়ণদ্বয়ম্।

ব্রাহ্মণকে একটী বৃষ ও একটী গাভী দক্ষিণা প্রদান পূর্ব্বক পাপ হইতে মুক্তিলাভ করিতে পারিবেন, সন্দেহ নাই। ৭

যদি কোন ক্ষত্রির বা বৈশ্য চাণ্ডালী গমন করে, তাহা হইলে দুইটী প্রাজাপত্য ব্রত করিয়া ব্রাহ্মণকে একটী বৃষ ও একটী গাভি দক্ষিণা প্রদান করিবে। ৮ যদি কোন শূদ্র, শ্বপাকী অথবা চাণ্ডালী গমন করে, তাহা হইলে কৃচ্ছ্র প্রাজাপত্য ব্রত অনুষ্ঠান করিবে এবং একটী বৃষ সহিত একটী গাভি দক্ষিণা প্রদান করিতে হইবে।৯ যদি কোন ব্যক্তি মোহবশতঃ মাতৃগমন ভগিনী গমন বা কন্যা গমন করে, তাহা হইলে তিনটী কৃচ্ছ্র ব্রত করিবে। ১০ পরে তিনটী চান্দ্রায়ণ ব্রত করিয়া লিঙ্গচ্ছেদ করিলে শুদ্ধিলাভ করিতে পারিবে। যে ব্যক্তি জ্ঞান পূর্ব্বক মাতৃস্বসা (মাসী) গমন করিবে, তাহার লিঙ্গচ্ছেদ প্রায়শ্চিত্ত হইবে। ১১ পরাশরের মত এই যে,

দশগোমিথুনং দদ্যাচ্ছুদ্ধিঃ পারাশরোঽব্রবীৎ ॥ ১২ ॥
পিতৃদারান্ সমারুহ্য মাতুরাপ্তাঞ্চ ভ্রাতৃজাম্।
গুরুপত্নীং স্নুষাঞ্চৈব ভ্রাতৃভার্য্যাং তথৈবচ ॥ ১৩ ॥
মাতুলানীং সগোত্রাঞ্চ প্রাজাপত্যত্রয়ঞ্চরেৎ।
গোদ্বয়ং দক্ষিণাং দত্ত্বা শুধ্যতে নাত্র সংশয়ঃ ॥ ১৪ ॥
পশুবেশ্যাদিগমনে মহিষ্যুষ্ট্রীকপীস্তথা।
খরীঞ্চ শূকরীং গত্বা প্রাজাপত্যং সমাচরেৎ ॥ ১৫ ॥
গোগামী চ ত্রিরাত্রেণ গামেকং ব্রাহ্মণে দদৎ।
মহিষ্যুষ্ট্রীখরীগামী ত্বহোরাত্রেণ শুধ্যতি ॥ ১৬॥

যে ব্যক্তি অজ্ঞান বশত মাতৃস্বসা গমন করিবে, তাহাকে দুইটী চান্দ্রায়ণ করিতে হইবে এবং সে দশটী বৃষ ও দশটী গাভি প্রদান করিলে শুদ্ধিলাভ করিতে পারিবে। ১২

যে ব্যক্তি বিমাতৃ গমন করিবে, মাতার সহচরী গমন করিবে, ভ্রাতৃকন্যা গমন করিবে, গুরুপত্নী গমন করিবে, পুত্রবধূ গমন করিবে, ভ্রাতৃপত্নী গমন করিবে, মাতুলানী গমন করিবে অথবা স্বগোত্র সমুৎপন্না কোন কন্যা গমন করিবে, তাহাকে তিনটী প্রাজাপত্য ব্রত করিতে হইবে। ১৩ পরে গো মিথুন দক্ষিণা প্রদান করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবে, সন্দেহ নাই। ১৪

যে ব্যক্তি পশু বেশ্যা প্রভৃতি গমন করিবে, যে ব্যক্তি মহিষী উষ্ট্রী, বানরী গর্দ্দভী বা শূকরী গমন করিবে, তাহাকে, প্রাজাপত্য ব্রত আচরণ করিতে হইবে। ১৫ যে ব্যক্তি গাভী গমন করিবে, তাহাকে ত্রিরাত্রি উপবাস পূর্ব্বক একটী গোদান করিতে

ডামরে সমরে বাপি দুর্ভিক্ষে বা জনক্ষয়ে।
বন্দিগ্রাহে ভয়ার্ত্তে বা সদা স্বস্ত্রীং নিরীক্ষয়েৎ ॥ ১৭ ॥
চাণ্ডালৈঃ সহ সম্পর্কং যা নারী কুরুতে ততঃ।
বিপ্রান্ দশ বরান্ গত্বা স্বকং দোষং প্রকাশয়েৎ ॥ ১৮ ॥
আকণ্ঠসম্মিতে কূপে গোময়োদককর্দ্দমে।
তত্র স্থিত্বা নিরাহারা ত্বেকরাত্রেণ নিষ্ক্রমেৎ ॥ ১৯ ॥
সশিখং বপনং কৃত্বা ভুঞ্জীয়াদ্যাবকৌদনম্।
ত্রিরাত্রমুপবাসিত্বা হ্যেকরাত্রং জলে বসেৎ ॥ ২০ ॥
শঙ্খপুষ্পীলতামূলং পত্রঞ্চ কুসুমং ফলম্।
সুবর্ণং পঞ্চগব্যঞ্চ ক্বাথয়িত্বা পিবেজ্জলম্ ॥ ২১ ॥

হইবে। যদি কেহ মহিষী গমন উষ্ট্রী গমন বা খরী গমন করে, তাহা হইলে এক দিবারাত্র উপবাস করিয়া সে শুদ্ধি লাভ করিতে পারিবে। ১৬

ডামর অর্থাৎ পরস্পর মারামারি কাটাকাটির সময় সংগ্রামের সময় দুর্ভিক্ষের সময় মারীভয়ের সময় বিপক্ষ ভূপাল কর্ত্তৃক বন্দী করিয়া লইয়া যাইবার সময় ও ভয়োপস্থিতির সময় সর্ব্বদা নিজ পত্নীকে নিরীক্ষণ করিবে। ১৭ যে নারী চাণ্ডালের সহিত সংসর্গ করিবে, প্রধান প্রধান দশ জন ব্রাহ্মণের নিকট গমন করিয়া তাহাকে নিজ দোষ প্রকাশ করিতে হইবে। ১৮ গোময় জল দ্বারা কর্দ্দমময় কূপ মধ্যে সে কণ্ঠ দেশ পর্য্যন্ত ডুবাইয়া একরাত্রি নিরাহারা থাকিয়া পশ্চাৎ তাহা হইতে উত্থিতা হইবে। ১৯ পরে শিখাসমেত সমুদায় মস্তক মুণ্ডন করিয়া যাবকৌদন ভোজন করিবে।

একভক্তং চরেৎ পশ্চাদ্যাবৎ পুষ্পবতী ভবেৎ।
ব্রতং চরতি যদ্যাবত্তাবৎ সংবসতে বহিঃ ॥ ২২ ॥
প্রায়শ্চিত্তে ততশ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্।
গোদ্বয়ং দক্ষিণাং দদ্যাচ্ছুদ্ধিঃ পারাশরোঽব্রবীৎ ॥২৩॥
চাতুর্বর্ণস্থ নারীণাং কৃচ্ছ্রচান্দ্রায়ণং ব্রতম্।
যথা ভূমিস্তথা নারী তস্মাত্তাং ন তু দূষয়েৎ ॥ ২৪ ॥
বন্দিগ্রাহেণ যা ভুক্তা হত্বা বদ্ধা বলাদ্ভয়াৎ।
কৃত্বা সান্তপনং কৃচ্ছ্রং শুধ্যেৎ পারাশরোঽব্রবীৎ ॥২৫॥

অনন্তর ত্রিরাত্রি উপবাস করিয়া একরাত্রি জলে বাস করিবে।২০ তৎপরে শঙ্খপুষ্পী লতার মূল পত্র ফল ও পুষ্প এবং সুবর্ণ ও পঞ্চগব্য একত্র নিষ্পেষিত করিয়া তাহার ক্কাথ পান করিবে। ২১ পরে যে পর্য্যন্ত ঋতুমতী না হয়, সে পর্য্যন্ত এক পাকে একবার মাত্র আহার করিয়া থাকিবে। যে পর্য্যন্ত এই ব্রতানুষ্ঠান করিবে, সে পর্য্যন্ত গৃহে প্রবেশ করিতে পারিবে না, সে পর্য্যন্ত তাহাকে বাহিরেই বাস করিতে হইবে। ২২

এইরূপে ব্রতানুষ্ঠান সম্পূর্ণ হইলে ব্রাহ্মণ ভোজন করাইয়া একটী বৃষ ও একটী গাভি দক্ষিণা প্রদান করিতে হইবে। পরাশরের মত এই যে, এইরূপ প্রায়শ্চিত্ত করিলে শুদ্ধি লাভ করিতে পারে। ২৩ চতুবর্ণের স্ত্রী দূষিতা হইলে কৃচ্ছ্র চান্দ্রায়ণ ব্রত অনুষ্ঠান করিবে। ভূমি ও নারী উভয়েই সমান। এই উভয়কে এক কালে দূষিত ও অপবিত্র জ্ঞান করিবে না। ২৪ যে নারীকে বন্দী করিয়া লইয়া গিয়া অন্যে উপভোগ করিয়াছে, যে নারী

সকৃদ্ভুক্তা তু যা নারী নেচ্ছন্তী পাপকর্ম্মভিঃ।
প্রাজাপত্যেন শুধ্যেত ঋতুপ্রস্রবণেন তু ॥ ২৬ ॥
পতত্যর্দ্ধং শরীরস্থ যস্য ভার্য্যা সুরাং পিবেৎ।
পতিতার্দ্ধশরীরস্থ নিষ্কৃতির্ন বিধীয়তে ॥ ২৭ ॥
গায়ত্রীং জপমানস্তু কৃচ্ছ্রং সান্তপনং চরেৎ ॥ ২৮ ॥
গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকম্।
একরাত্র্যপবাসশ্চ কৃচ্ছ্রং সান্তপনং স্মৃতম্ ॥ ২৯ ॥
জারেণ জনয়েদ্গর্ভং গতে ত্যক্তে মৃতে পতৌ।
তাং ত্যজেদপরে রাষ্ট্রে পতিতাং পাপকারিণীম্ ॥৩০॥

প্রহার দ্বারা বন্ধন দ্বারা বল দ্বারা ও ভয় প্রদর্শন দ্বারা উপভুক্তা হইয়াছে, পরাশর বলেন, কৃচ্ছ্র সান্তপন ব্রত করিয়া সে শুদ্ধি লাভ করিতে পারিবে। ২৫ যে নারী পরপুরুষ কর্ত্তৃক একবারমাত্র উপভুক্তা হইয়াছে এবং যে নারী পরে আর পাপ কর্ম্ম করিতে ইচ্ছা করে না, সে একটী মাত্র প্রাজাপত্য ব্রত দ্বারা ও ঋতু প্রস্রবণ দ্বারা শুদ্ধি লাভ করিবে। ২৬ যাহার ভার্য্যা সুরাপান করিবে, তাহার শরীরের অর্দ্ধাংশ পতিত হইবে। যাহার শরীরের অর্দ্ধাংশ পতিত হইয়াছে, তাহাকে নরকগামী হইতে হইবে। ২৭

যখন কৃচ্ছ্র সান্তপন ব্রতাচরণ করিবে, তখন নিয়ত গায়ত্রী জপ করিতে হইবে। ২৮ এই কৃচ্ছ্র সান্তপন ব্রতের সময় গোমূত্র গোময় দুগ্ধ দধি ঘৃত ও কুশজল পান করিয়া এক রাত্রি উপবাস করিতে হইবে। ২৯ ভর্ত্তা বিদেশ গমন করিলে, ভর্ত্তার মৃত্যু

ব্রাহ্মণী তু যদা গচ্ছেৎ পরপুংসা সমন্বিতা।
সা তু নষ্টা বিনির্দ্দিষ্টা ন তস্যাগমনং পুনঃ ॥ ৩১ ॥
কামান্মোহাদ্যদা গচ্ছেত্ত্যক্ত্বা বন্ধূন্ সুতান্ পতিম্।
সা তু নষ্টা পরে লোকে মানুষেষু বিশেষতঃ ॥ ৩২ ॥
দশমে তু দিনে প্রাপ্তে প্রায়শ্চিত্তং ন বিদ্যতে।
দশাহং ন ত্যজেন্নারী ত্যজেন্নষ্টশ্রুতা তথা ॥ ৩৩ ॥
ভর্ত্তা চৈব চরেৎ কৃচ্ছ্রং কৃচ্ছ্রার্দ্ধং চৈব বান্ধবাঃ।

হইলে অথবা ভর্ত্তাকে পরিত্যাগ করিয়া যে নারী জারজগর্ভ ধারণ করে, পতিতা পাপকারিণী সেই নারীকে ভিন্ন রাজ্যে পরিত্যাগ করিবে। ৩০

যদি কোন ব্রাহ্মণী পরপুরুষের সহিত বাহির হইয়া যায়, তাহা হইলে তাহাকে নষ্টা বলা যায়। তাহাকে আর পুনর্ব্বার গৃহে লওয়া যাইতে পারে না। ৩১ যদি কোন রমণী কামহেতু ও মোহহেতু ভর্ত্তাকে পুত্রগণকে ও বন্ধুগণকে পরিত্যাগ করিয়া গমন করে, তাহার ইহলোক ও পরলোক নষ্ট হয়। ৩২ যদি কোন নারী ভর্ত্তাকে বা পুত্রদিগকে পরিত্যাগ পূর্ব্বক স্বয়ং বাহির হইয়া যায় এবং যদি সে দশ দিনের মধ্যে গৃহে প্রত্যাগমন না করে, তাহা হইলে তাহার আর প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধি নাই। অতএব নারীর কর্ত্তব্য এই যে, দশ দিবস ভর্ত্তাকে পরিত্যাগ করিয়া অন্যত্র গিয়া থাকিবে না। যে নারী ভর্ত্তাকে পরিত্যাগ করিয়া দশ দিবস পর্য্যন্ত অন্যত্র বাস করে, তাহাকে ভ্রষ্টা বলা যায়। ৩৩ ঈদৃশ নারীর

তেষাং ভুক্ত্বা চ পীত্বা চ অহোরাত্রেণ শুধ্যতি ॥ ৩৪ ॥
ব্রাহ্মণী তু যদা গচ্ছেৎ পরপুংসা বিবর্জ্জিতা।
গত্বা পুংসাং শতং যাতি ত্যজেয়ুস্তাস্তু গোত্রিণঃ ॥৩৫॥
পুংসো যদি গৃহং গচ্ছেত্তদশুদ্ধং গৃহং ভবেৎ।
পিতৃমাতৃগৃহং যচ্চ জারস্যৈব তু তদ্‌গৃহম্ ॥ ৩৬ ॥
উল্লিখ্য তদ্‌গৃহং পশ্চাৎ পঞ্চগব্যেন শুধ্যতি।
ত্যজেন্মৃণ্ময়পাত্রাণি বস্ত্রং কাষ্ঠঞ্চ শোধয়েৎ ॥ ৩৭ ॥
সম্ভারান্ শোধয়েৎ সর্ব্বান্ গোকেশৈশ্চ ফলোদ্ভবান্।

সহিত পুনর্ব্বার সংসর্গ করিলে ভর্ত্তাকে কৃচ্ছ্রব্রত এবং তাহার বন্ধুদিগকে অর্দ্ধকৃচ্ছ্রব্রতানুষ্ঠান করিতে হইবে। যে সকল ব্যক্তি ইহাদিগের অন্নভোজন বা জলপান করিবে তাহাদিগকে এক দিবারাত্র উপবাস করিতে হইবে। ইহা দ্বারা তাহারা তৎসংসর্গ-জনিত পাপ হইতে মুক্ত হইতে পারিবে। ৩৪

যদি কোন ব্রাহ্মণী পরপুরুষের সগভিব্যাহারিণী না হইয়া একাকিনী বহির্গতা হইয়া যায় এবং যদি সে এক শত পুরুষের সহিত সংসর্গ করে, তাহা হইলে তাহার জ্ঞাতিরা তাহাকে পরিত্যাগ করিবে। ৩৫ এই নারী যদি কোন উপপতির গৃহে অবস্থান করে, তাহা হইলে সেই গৃহ অপবিত্র হইবে। যদি সেই উপপতির গৃহকে পিতামাতার গৃহ বলিয়া পশ্চাৎ। ৩৬ উল্লেখ করে, তাহা হইলে পঞ্চগব্য দ্বারা সেই গৃহ পবিত্র হইতে পারে। পরন্তু সেই গৃহস্থিত মৃণ্ময়পাত্র সমুদায় পরিত্যাগ পূর্ব্বক বস্ত্র ও কাষ্ঠময় দ্রব্য শোধন করিয়া লইবে। ৩৭ ফল ও আর আর সমু-

তাম্রাণি পঞ্চগব্যেন কাংস্যানি দশ ভস্মভিঃ ॥ ৩৮ ॥
প্রায়শ্চিত্তং চরেদ্বিপ্রো ব্রাহ্মণৈরুপপাদিতম্।
গোদ্বয়ং দক্ষিণাং দদ্যাৎ প্রাজাপত্যং সমাচরেৎ ॥৩৯॥
ইতরেষামহোরাত্রং পঞ্চগব্যেন শোধনম্।
সপুত্রঃ সহভৃর্ত্যশ্চ কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্ ॥ ৪০ ॥
আকাশং বায়ুরগ্নিশ্চ মেধ্যং ভূমিগতং জলম্।
ন দুষ্যন্তীহ দর্ভাশ্চ যজ্ঞেষু চমসাস্তথা ॥ ৪১ ॥
উপবাসৈর্ব্রতৈঃ পুণ্যৈঃ স্নানসন্ধ্যার্চনাদিভিঃ।

দায় দ্রব্য গোকেশ দ্বারা শোধন করিবে। তাম্রপাত্র সমুদায় পঞ্চগব্য দ্বারা এবং কাংস্যপাত্র সমুদায় ভস্ম সহযোগে দশবার মার্জ্জন দ্বারা শোধিত হইবে। ৩৮ পরে যে ব্রাহ্মণের গৃহে ঐ ব্যভিচারিণী বাস করিয়াছিল, সেই ব্রাহ্মণ, ব্রাহ্মণের নিকট ব্যবস্থা লইয়া একটী প্রাজাপত্যব্রত আচরণ করিয়া একটী বৃষ ও একটী গাভি দক্ষিণা প্রদান করিবে। ৩৯ ঐ ব্যভিচারিণী যদি ইতর জাতির গৃহে বাস করিয়া থাকে তাহা হইলে সে এক দিবারাত্র উপবাস করিয়া পঞ্চগব্য দ্বারা শুদ্ধিলাভ করিতে পারিবে। পরে সেই ব্যক্তি স্বয়ং ও তাহার পুত্র ভৃত্য প্রভৃতি পরিবারগণ সকলেই ব্রাহ্মণভোজন করাইবে। ৪০

আকাশ বায়ু অগ্নি ভূমিস্থিত জল দর্ভ ও যজ্ঞস্থিত চমস, এ সমুদায় অপবিত্র হয় না। ৪১ ব্রাহ্মণগণ সকল সময়েই উপ-

জপৈর্হোমৈস্তথা দানৈঃ শুধ্যন্তে ব্রাহ্মণাঃ সদা ॥ ৭২ ॥

ইতি পারাশরে ধর্মশাস্ত্রে দশমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

বাস দ্বারা ব্রত দ্বারা পুণ্যকর্ম্ম দ্বারা স্নান দ্বারা সন্ধ্যাবন্দন দ্বারা পূজা দ্বারা জপ দ্বারা হোম দ্বারা শুদ্ধি লাভ করেন। ৪২

পরাশর সংহিতা দশম অধ্যায়
সমাপ্ত।

একাদশ অধ্যায়।

অমেধ্যরেতো গোমাংসং চাণ্ডালান্নমথাপি বা।
যদি ভুক্তন্তু বিপ্রেণ কৃচ্ছ্রং চান্দ্রায়ণঞ্চরেৎ ॥ ১ ॥
তথৈব ক্ষত্রিয়ো বৈশ্যস্তদর্দ্ধন্তু সমাচরেৎ।
শূদ্রোঽপ্যেবং যদা ভুঙ্‌ক্তে প্রাজাপত্যং সমাচরেৎ ॥২॥

ব্রাহ্মণ যদি অপবিত্র রেত গোমাংস অথবা চাণ্ডালান্ন ভোজন করে, তাহা হইলে কৃচ্ছ্র চান্দ্রায়ণ ব্রত আচরণ করিবে। ১ যদি ক্ষত্রিয় জাতি বা বৈশ্য জাতি ঐ সমুদায় ভোজন করে, তাহা হইলে তাহার অর্দ্ধ প্রায়শ্চিত্ত করিবে। যদি শূদ্র জাতি ঐ সমু-

পঞ্চগব্যং পিবেচ্ছূদ্রো ব্রহ্মকূর্চ্চং পিবেদ্দ্বিজঃ।
একদ্বিত্রিচতুর্গাশ্চ দদ্যাদ্বিপ্রাদনুক্রমাৎ ॥ ৩ ॥
শূদ্রান্নং সূতকস্যান্নং অভোজ্যস্যান্নমেবচ।
শঙ্কিতং প্রতিষিদ্ধান্নং পূর্ব্বোচ্ছিষ্টং তথৈব চ ॥ ৪ ॥
যদি ভুক্তঞ্চ বিপ্রেণ অজ্ঞানাদাপদাপি বা।
জ্ঞাত্বা সমাচরেৎ কৃচ্ছ্রং ব্রহ্মকূর্চ্চন্তু পাবনম্ ॥ ৫ ॥
ব্যালৈর্নকুলমার্জারৈরন্নমুচ্ছিষ্টিতং যদা।
তিলদর্ভোদকৈঃ প্রোক্ষ্য শুধ্যতে নাত্র সংশয়ঃ ॥ ৬ ॥
শূদ্রোঽপ্যভোজ্যং ভুক্ত্বান্নং পঞ্চগব্যেন শুধ্যতি।
ক্ষত্রিয়ো বাপি বৈশ্যশ্চ প্রাজাপত্যেন শুধ্যতি ॥ ৭ ॥

দার ভোজন করে, তাহা হইলে তাহাকে প্রাজাপত্যব্রত আচরণ করিতে হইবে। ২ ঈদৃশ স্থলে ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য ব্রহ্মকূর্চ্চ পান করিবেন, শূদ্র পঞ্চগব্য পান করিয়া শুদ্ধি লাভ করিবে। দক্ষিণা স্থলে ব্রাহ্মণ একটী, ক্ষত্রিয় দুইটী, বৈশ্য তিনটী, শূদ্রচারিটী গাভি প্রদান করিবে। ৩

যদি শূদ্রান্ন অশৌচান্ন অভোজ্য অন্ন শঙ্কিত অন্ন নিষিদ্ধ অন্ন বা পূর্ব্বোচ্ছিষ্ট অন্ন ৪ অজ্ঞান বশত অথবা আপৎকালে কোন ব্রাহ্মণ কর্ত্তৃক ভুক্ত হয়, তাহা হইলে যখন জানিতে পারিবে, তখন কৃচ্ছ্রব্রত আচরণ করিয়া পবিত্রকারী ব্রহ্মকূর্চ্চ সেবা করিবে। ৫

যদি নকুল কর্ত্তৃক মার্জ্জার কর্ত্তৃক বা সর্পাদি কর্ত্তৃক অন্ন উচ্ছিষ্ট হয়, তাহা হইলে তিল সহিত কুশ সলিল দ্বারা প্রোক্ষিত করিলে সেই অন্ন শুদ্ধ হইবে, সন্দেহ নাই। ৬ যদি শূদ্র অভোজ্য অন্ন

একপংক্ত্যুপবিষ্টানাং বিপ্রাণাং সহ ভোজনে।
যদ্যেকোঽপি ত্যজেৎ পাত্রং শেষমন্নং ন ভোজয়েৎ॥৮॥
মোহাদ্বা লোভতস্তত্র পংক্তাবুচ্ছিষ্টভোজনে।
প্রায়শ্চিত্তং চরেদ্বিপ্রঃ কৃচ্ছ্রং সান্তপনন্তথা ॥ ৯ ॥
পীযূষশ্বেতলশুনবৃন্তাকফলগৃঞ্জনম্।
পলাণ্ডুং বৃক্ষনির্যাসং দেবস্বং করকাণি চ ॥ ১০ ॥
উষ্ট্রীক্ষীরমবিক্ষীরমজ্ঞানাদ্ভুঞ্জতি দ্বিজঃ।
ত্রিরাত্রমুপবাসী স্যাৎ পঞ্চগব্যেন শুধ্যতি ॥ ১১ ॥

ভোজন করে, তাহা হইলে সে পঞ্চগব্য দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবে। যদি ক্ষত্রিয় বা বৈশ্য ঐরূপ অভোজ্য অন্ন ভোজন করে, তাহা হইলে শুদ্ধিলাভের নিমিত্ত তাহাকে একটী প্রাজাপত্য ব্রত অনুষ্ঠান করিতে হইবে। ৭

যদি অনেক ব্রাহ্মণ এক পঙ্‌ক্তিতে উপবিষ্ট হইয়া ভোজন করেন এবং যদি তাঁহাদের মধ্যে এক ব্যক্তিও পাত্র পরিত্যাগ পূর্ব্বক উঠিয়া যান, তাহা হইলে ঐ ব্রাহ্মণগণের মধ্যে কেহই আর শেষ অন্ন ভোজন করিবেন না, অর্থাৎ সকলকেই পাত্র পরিত্যাগ করিয়া উঠিয়া যাইতে হইবে। ৮ যদি কোন ব্রাহ্মণ লোভ হেতু বা মোহ হেতু পঙ্‌ক্তির উচ্ছিষ্ট ভোজন করেন, তাহা হইলে তৎপাপ ক্ষয়ের নিমিত্ত তাঁহাকে কৃচ্ছ্র সান্তপন ব্রত আচরণ করিতে হইবে। ৯

যদি কোন ব্রাহ্মণ অজ্ঞান বশতঃ দুগ্ধের ন্যায় শ্বেতবর্ণ রসুন, বা বৃন্তাক ফল, গৃঞ্জন (গাঁজা) পলাণ্ডু বৃক্ষনির্যাস দেবস্ব করকা ১০ উষ্ট্রী দুগ্ধ বা ছাগীদুগ্ধ ভক্ষণ করেন, তাহা হইলে তিনি ত্রিরাত্র উপ-

মণ্ডূকং ভক্ষয়িত্বা চ মূষিকামাংসমেব চ।
জ্ঞাত্বা বিপ্রস্ত্বহোরাত্রং যাবকান্নেন শুধ্যতি ॥ ১২ ॥
ক্ষত্রিয়ো বাপি বৈশ্যো বা ক্রিয়াবন্তৌ শুচিব্রতৌ।
তদ্গৃহেষু দ্বিজৈর্ভোজ্যং হব্যকব্যেষু নিত্যশঃ ॥ ১৩ ॥
ঘৃতং তৈলং তথা ক্ষীরং গুড়ং তৈলেন পাচিতম্।
গত্বা নদীতটে বিপ্রো ভুঞ্জীয়াচ্ছূদ্রভোজনম্ ॥ ১৪ ॥
অজ্ঞানাদ্ভুঞ্জতে বিপ্রাঃ সূতকে মৃতকেঽপিবা।
প্রায়শ্চিত্তং কথং তেষাং বর্ণে বর্ণে বিনির্দ্দিশেৎ ॥ ১৫ ॥
গায়ত্র্যষ্টসহস্রেণ শুদ্ধঃ স্যাচ্ছূদ্রসূতকে।

বাসী থাকিয়া পশ্চাৎ পঞ্চগব্য পান করিলে শুদ্ধি লাভ করিতে পারিবেন। ১১ যদি কোন ব্রাহ্মণ অজ্ঞান প্রযুক্ত মণ্ডূক বা মূষিক মাংস ভক্ষণ করেন, তাহা হইলে যখন জানিতে পারিবেন, তখন এক দিবারাত্র উপবাসী থাকিয়া পশ্চাৎ যাবকান্ন ভোজন করিলে শুদ্ধিলাভ করিতে পারিবেন। ১২

যদি ক্ষত্রিয় বা বৈশ্য বিশুদ্ধাচার ও ক্রিয়াবান্ হয়, তাহা হইলে ব্রাহ্মণেরা সকল সময়ে দৈব ও পৈত্র্য কর্ম্মে তাহার গৃহে ভোজন করিতে পারিবেন। ১৩ ব্রাহ্মণ নদীতীরে গমন পূর্ব্বক শূদ্রান্ন ঘৃত তৈল দুগ্ধ গুড় ও তৈলপক্ব দ্রব্য ভোজন করিতে পারিবেন। ১৪ ব্রাহ্মণগণ অজ্ঞান হেতু যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য বা শূদ্রের সূতকাশৌচান্ন বা মৃতকাশৌচান্ন ভোজন করেন তাহা হইলে জাতি বিশেষ অনুসারে ভিন্ন ভিন্ন প্রায়শ্চিত্তের ব্যবস্থা হইবে। ১৫ শূদ্রের অশৌচান্ন ভোজন করিলে ব্রাহ্মণকে অষ্টসহস্র

বৈশ্যে পঞ্চসহস্রেণ ত্রিসহস্রেণ ক্ষত্রিয়ঃ ॥১৬॥
ব্রাহ্মণস্য যদা ভুঙ্‌ক্তে প্রাণায়ামেন শুধ্যতি।
অথবা বামদেব্যেন সাম্না চৈকেন শুধ্যতি ॥ ১৭ ॥
শুষ্কান্নং গোরসং স্নেহং শূদ্রবেশ্মন আগতম্।
পক্বং বিপ্রগৃহে পূতং ভোজ্যং তন্মনুরব্রবীৎ ॥ ১৮ ॥
আপৎকালে তু বিপ্রেণ ভুক্তং শূদ্রগৃহে যদি।
মনস্তাপেন শুধ্যেত দ্রুপদাং বা শতং জপেৎ ॥ ১৯ ॥
দাসনাপিতগোপালকুলমিত্রার্দ্ধসীরিণঃ।
এতে শূদ্রেষু ভোজ্যান্না যশ্চাত্মানং নিবেদয়েৎ ॥২০॥

গায়ত্রী জপ করিতে হইবে। বৈশ্যের অশৌচান্ন ভোজন করিলে ব্রাহ্মণকে পঞ্চ সহস্র জপ করিতে হইবে। ক্ষত্রিয়ের অশৌচান্ন ভোজন করিলে ব্রাহ্মণ তিন সহস্র গায়ত্রী জপ করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবেন। ১৬ যদি কোন ব্রাহ্মণ ব্রাহ্মণের অশৌচান্ন ভোজন করেন, তাহা হইলে প্রাণায়াম দ্বারা শুদ্ধি লাভ করিবেন। অথবা বামদেব্য সাম পাঠ দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবেন। ১৭

যদি শূদ্রের গৃহ হইতে তণ্ডুল মৎস্য প্রভৃতি অপক্ব অন্ন- দুগ্ধ ঘৃত তৈল প্রভৃতি প্রেরিত হয়, এবং যদি তাহা ব্রাহ্মণের গৃহে পাক করা হয়, তাহা হইলে তাহা পবিত্র ও ব্রাহ্মণের ভোজ্য, ইহা মনুও স্বীকার করেন। ১৮ যদি ব্রাহ্মণ আপৎকালে শূদ্র গৃহে শূদ্রান্ন ভোজন করেন, তাহা হইলে তিনি এক শত গায়ত্রী জপ করিয়া অনুতাপ দ্বারা শুদ্ধি লাভ করিতে পারিবেন। ১৯ ব্রাহ্মণগণ শূদ্র জাতির মধ্যে দাস নাপিত সদ্গোপ কুলমিত্র অর্দ্ধসীরা

শূদ্রকন্যাসমুৎপন্নো ব্রাহ্মণেন তু সংস্কৃতঃ।
সংস্কৃতস্তু ভবেদ্দাসো হ্যসংস্কারৈস্তু নাপিতঃ॥ ২১॥
ক্ষত্রিয়াচ্ছূদ্রকন্যায়াং সমুৎপন্নস্তু যঃ সুতঃ।
স গোপাল ইতি জ্ঞেয়ো ভোজ্যো বিপ্রৈর্ন সংশয়ঃ॥ ২২॥
বৈশ্যকন্যাসমুৎপন্নো ব্রাহ্মণেন তু সংস্কৃতঃ।
আর্দ্ধিকঃ স তু বিজ্ঞেয়ো ভোজ্যো বিপ্রৈর্ন সংশয়ঃ॥ ২৩॥
ভাণ্ডস্থিতমভোজ্যেষু জলং দধি ঘৃতং পয়ঃ।
অকামতস্তু যো ভুঙ্‌ক্তে প্রায়শ্চিত্তং কথং ভবেৎ॥ ২৪॥

এবং যে ব্যক্তি আত্মসমর্পণ করে, তাহার অন্ন ভোজন করিতে পারিবেন। ২০ যদি কেহ শূদ্রকন্যার গর্ভে ব্রাহ্মণ হইতে উৎপন্ন হয়, এবং ব্রাহ্মণ দ্বারা যদি তাহার সংস্কার হয়, তাহা হইলে তাহাকে দাস বলা যাইতে পারে। যদি কেহ ঐ রূপ শূদ্রকন্যার গর্ভে ব্রাহ্মণ দ্বারা উৎপন্ন হয়, এবং যদি ব্রাহ্মণ দ্বারা তাহার সংস্কার না হয়, তাহা হইলে তাহাকে নাপিত বলা যায়। ২১ যে ব্যক্তি ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রকন্যার গর্ভে জন্ম পরিগ্রহ করে, তাহাকে সদ্গোপ বা গোপাল বলা যায়। ব্রাহ্মণ তাহার অন্ন ভোজন করিতে পারেন, সন্দেহ নাই। ২২ যে ব্যক্তি ব্রাহ্মণের ঔরসে বৈশ্যকন্যার গর্ভে জন্ম পরিগ্রহ করে, তাহাকে আর্দ্ধিক বা অর্দ্ধগোরী বলা যায়। ব্রাহ্মণগণ আর্দ্ধিকের অন্ন ভোজন করিতে পারেন, সন্দেহ নাই। ২৩

যাহার অন্ন বা জল গ্রহণ করা যায় না, কোন ব্রাহ্মণ যদি অনিচ্ছা পূর্ব্বক তাহার ভাণ্ডস্থিত জল দধি ঘৃত বা দুগ্ধ পান করেন,

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বাপ্যুপসর্পতি।
ব্রহ্মকূর্চ্চোপবাসেন যথাবর্ণস্য নিষ্কৃতিঃ ॥ ২৫ ॥
শূদ্রাণাং নোপবাসঃ স্যাচ্ছূদ্রো দানেন শুধ্যতি।
ব্রহ্মকূর্চ্চমহোরাত্রং শ্বপাকমপি শোধয়েৎ ॥ ২৬ ॥
গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকম্।
নির্দ্দিষ্টং পঞ্চগব্যন্তু পবিত্রং পাপনাশনম্ ॥ ২৭ ॥
গোমূত্রং কৃষ্ণবর্ণায়াঃ শ্বেতায়া গোময়ং হরেৎ।
পয়শ্চ তাম্রবর্ণায়া রক্তায়া দধি চোচ্যতে ॥ ২৮ ॥
কপিলায়া ঘৃতং গ্রাহ্যং সর্ব্বং কাপিলমেব বা।
গোমূত্রস্য পলং দদ্যাদঙ্গুষ্ঠস্ত্রিপলমুচ্যতে ॥ ২৯ ॥

তাহা হইলে তাঁহাকে কিরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে, বলিতেছি। ২৪ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য বা শূদ্র যদি উক্ত পাতক নিবন্ধন প্রায়শ্চিত্তের ব্যবস্থা গ্রহণ করিতে আইসেন, তাহা হইলে বর্ণানুসারে উপবাস পূর্ব্বক ব্রহ্মকূর্চ্চ ভক্ষণ করিতে বিধি দিবেন। তাহাতেই তাঁহাদের পাপমোচন হইবে। ২৫ পরন্তু শূদ্রের পক্ষে উপবাসের বিধি নাই। শূদ্রেরা দান দ্বারাই শুদ্ধি লাভ করিবে। একদিবারাত্র মাত্র ব্রহ্মকূর্চ্চ আহার পূর্ব্বক উপবাস করিয়া থাকিলে চাণ্ডালও শুদ্ধি লাভ করিতে পারে। ২৬

গোমূত্র গোময় দধি দুগ্ধ ঘৃত, এই পঞ্চগব্য এবং কুশোদক, (ইহাকেই ব্রহ্মকূর্চ্চ বলা যায়) ইহা পরম পবিত্র ও পাপনাশক। ২৭

কৃষ্ণবর্ণ গাভির গোমূত্র, শ্বেতবর্ণ গাভির গোময়, তাম্রবর্ণ গাভির দুগ্ধ, রক্তবর্ণ গাভির দধি। ২৮ কপিল বর্ণ গাভির ঘৃত

আজ্যস্যৈকপলং দদ্যাদঙ্গুষ্ঠার্দ্ধন্তু গোময়ম্।
ক্ষীরং সপ্তপলং দদ্যাৎ পলমেকং কুশোদকম্॥ ৩০॥
গায়ত্র্যাগৃহ্য গোমূত্রং গন্ধদ্বারেতি গোময়ম্।
আপ্যায়স্বেতি চ ক্ষীরং দধিক্রাব্ণেতি বৈ দধি॥ ৩১॥
তেজোসি শুক্রমিত্যাজ্যং দেবস্য ত্বা কুশোদকম্।
পঞ্চগব্যমৃচা পূতং স্থাপয়েদগ্নিসন্নিধৌ॥ ৩২॥
আপোহিষ্ঠেতি চালোড্য মানস্তোকেতি মন্ত্রয়েৎ।
সপ্তাবরাস্তু যে দর্ভা অচ্ছিন্নাগ্রাঃ শুকত্বিষঃ॥ ৩৩॥

গ্রহণ করিবে। যদি পঞ্চ বর্ণের গাভি প্রাপ্ত হওয়া না যায়, তাহা হইলে একমাত্র কপিলবর্ণা গাভিরই পঞ্চগব্য গ্রহণ করিবে। গোমূত্র এক পল, দধি তিন পল, ২৯ ঘৃত এক পল, গোময় অর্দ্ধাঙ্গুষ্ঠ পরিমিত, দুগ্ধ সপ্ত পল এবং কুশোদক এক পল পরিমিত হইবে। ৩০ গায়ত্রী পাঠপূর্ব্বক গোমূত্র গ্রহণ করিবে। গন্ধ দ্বারা, ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া গোময় লইবে। আপ্যায়স্ব, এই মন্ত্র দ্বারা দুগ্ধ গ্রহণ করিবে। দধি ক্রাব্ণা, এই মন্ত্র দ্বারা দধি লইবে। ৩১ তেজোসি শুক্রমস্যমৃতমসি, এই মন্ত্র পাঠ করিয়া ঘৃত গ্রহণ করিবে। দেবস্য ত্বা এই মন্ত্র পড়িয়া কুশোদক লইবে। ঋগ্বেদোক্ত পঞ্চ মন্ত্র দ্বারা পঞ্চগব্য শোধন করিয়া অগ্নি সমীপে স্থাপন করিবে। আপোহিষ্ঠা ময়োভুব, এই মন্ত্র পাঠ করিয়া ঐ ছয় দ্রব্য মিশ্রণ পূর্ব্বক আলোড়ন করিবে। পরে মানস্তোক এই মন্ত্র দ্বারা উহা অভিমন্ত্রিত করিবে। যে সকল কুশস্তম্বে সপ্ত অপেক্ষা ন্যূন পত্র আছে, যাহার অগ্রভাগ ছিন্ন নহে, যাহার বর্ণ শুক পক্ষীর ন্যায়, ৩৩

এভিরুদ্ধৃত্য হোতব্যং পঞ্চগব্যং যথাবিধি।
ইরাবতী ইদংবিষ্ণুর্মানস্তোকে চ শংবতী ॥ ৩৪ ॥
এতৈরুদ্ধৃত্য হোতব্যং হুতশেষং স্বয়ং পিবেৎ।
আলোড্য প্রণবেনৈব নির্ম্মথ্য প্রণবেন তু ॥ ৩৫ ॥
উদ্ধৃত্য প্রণবেনৈব পিবেচ্চ প্রণবেন তু ॥ ৩৬ ॥
যত্ত্বগস্থিগতং পাপং দেহে তিষ্ঠতি দেহিনাম্।
ব্রহ্মকূর্চ্চো দহেৎ সর্ব্বং যথৈবাগ্নিরিবেন্ধনম্ ॥ ৩৭ ॥
পিবতঃ পতিতং তোয়ং ভাজনে মুখনিঃস্বতম্।
অপেয়ং তদ্বিজানীয়াদ্ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেৎ ॥ ৩৮ ॥
কূপে চ পতিতং দৃষ্ট্বা শ্বশৃগালৌ চ মর্কটম্।

সেই কুশস্তম্ব দ্বারা উক্ত পঞ্চগব্য লইয়া হুতাশনে যথাবিধানে আহুতি প্রদান করিবে। পরে ইরাবতী ইদং বিষ্ণুঃ মানস্তোকে চ শংবতী, ৩৪ এই সমুদায় ঋগ্বেদোক্ত মন্ত্র দ্বারা উক্ত পঞ্চগব্য সমেত কুশপত্র লইয়া হোম করিয়া স্বয়ং হুতশেষ পান করিবে। প্রথমত প্রণব পাঠ পূর্ব্বক আলোড়ন করিয়া ঐ প্রণব উচ্চারণ করিয়া উহা মন্থন করিবে। ৩৫ পরে ঐ প্রণব পাঠ পূর্ব্বক উত্তোলন করিয়া প্রণব পাঠ করিতে করিতে পান করিবে। ৩৬

যে পাপ প্রাণিগণের অস্থিগত হইয়া থাকে, অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করে, তাহার ন্যায় ব্রহ্মকূর্চ্চ তৎসমুদায় দগ্ধ করিয়া ফেলে। ৩৭

যদি জলাদি পান করিবার সময় মুখনিঃসৃত জল পাত্রে পতিত হয়, তাহা হইলে তাহা আর পান করিবে না। যদি কেহ তাহা পান করে, তাহা হইলে তাহাকে চান্দ্রায়ণ করিতে হইবে। ৩৮ যদি

অস্থি চর্ম্মাদি পতিতং পীত্বামেধ্যা অপো দ্বিজঃ ॥ ৩৯॥
নারন্তু কূপে কাকঞ্চ বিড়্বারাহখরোষ্ট্রকম্।
গাবয়ং সৌপ্রতীকঞ্চ মায়ূরং খাড়্গকং তথা ॥ ৪০ ॥
বৈয়াঘ্রমার্ক্ষং সৈংহং বা কুণপং যদি গজ্জতি।
তড়াগস্থাথ দুষ্টস্থ পীতং স্থাদুদকং যদি ৪১ ॥
প্রায়শ্চিত্তং ভবেৎ পুংসঃ ক্রমেণৈতেন সর্ব্বশঃ।
বিপ্রঃ শুধ্যেত্রিরাত্রেণ ক্ষত্রিয়স্তু দিনদ্বয়াৎ ॥ ৪২ ॥
একাহেন তু বৈশ্যস্তু শূদ্রো নক্তেন শুধ্যতি ॥ ৪৩ ॥

কূপমধ্যে শৃগাল বা কুক্কুর পতিত হয় অথবা যদি বানরের অস্থি বা চর্ম্ম পড়ে, তাহা হইলে সেই জল অপবিত্র হইবে। যদি কোন ব্রাহ্মণ বা ক্ষত্রিয়াদি সেই জল পান করে, (তাহা হইলে ব্রাহ্মণাদি বর্ণ বিশেষ অনুসারে পশ্চাদুক্ত প্রায়শ্চিত্ত করিতে হইবে। ৩৯ যদি কূপমধ্যে মনুষ্যের অস্থি কাকের অস্থি বিড়ালের অস্থি বরাহের অস্থি গর্দ্দভের অস্থি উষ্ট্রের অস্থি গবয়ের অস্থি হস্তীর অস্থি ময়ূরের অস্থি গণ্ডারের অস্থি, ৪০ ব্যাঘ্রের অস্থি ভল্লূকের অস্থি সিংহের অস্থি অথবা যদি তাহাতে কঙ্কাল নিমগ্ন হয়, তাহা হইলে সেই কূপের জল দুষ্ট হইবে। এই সমুদায় দ্বারা তড়াগের জলও দুষ্ট হইয়া থাকে। ৪১ যদি কেহ সেই কূপের বা তড়াগের জলপান করে তাহা হইলে কোন্ জাতির কিরূপ প্রায়শ্চিত্ত করিতে হইবে, তাহা বলিতেছি। ব্রাহ্মণ ত্রিরাত্র উপবাস করিয়া ক্ষত্রিয় দুই দিন উপবাসী থাকিয়া, ৪২ বৈশ্য এক দিন উপবাসী থাকিয়া এবং শূদ্র এক রাত্রি উপবাস করিয়া শুদ্ধি লাভ করিতে পারে। ৪৩

পরপাকনিবৃত্তস্য পরপাকরতস্য চ।
অপচস্য চ ভুক্ত্বান্নং দ্বিজশ্চান্দ্রায়ণঞ্চরেৎ ॥ ৪৪ ॥
অপচস্য চ যদ্দানে দাতুশ্চাস্য কুতঃ ফলম্।
দাতা প্রতিগ্রহীতা চ দ্বৌ তৌ নিরয়গামিনৌ ॥ ৪৫ ॥
গৃহীত্বাগ্নিং সমারোপ্য পঞ্চযজ্ঞান্ন বর্ত্তয়েৎ।
পরপাকনিবৃত্তোঽসৌ মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৪৬ ॥
পঞ্চযজ্ঞং স্বয়ং কৃত্বা পরান্নেনোপজীবতি।
সততং প্রাতরুত্থায় পরপাকরতো হি সঃ ॥ ৪৭ ॥
গৃহস্থধর্ম্মের্যো বিপ্রো দদাতি পরিবর্জ্জিতঃ।
ঋষিভির্ধর্ম্মতত্ত্বজ্ঞৈরপচঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৪৮ ॥

যদি কোন ব্রাহ্মণ. পরপাকনিবৃত্ত ব্যক্তির পরপাক নিরত ব্যক্তির অথবা অপচ ব্যক্তির অন্ন ভোজন করে, তাহা হইলে তাহাকে চান্দ্রায়ণ ব্রত করিতে হইবে। ৪৪ যদি কেহ অপচ ব্রাহ্মণকে দান করে, তাহা হইলে দানকর্ত্তার কোন ফল হয় না, বিশেষতঃ দাতা ও প্রতিগ্রহীতা উভয়েই নিরয়গামী হয়। ৪৫

যে গৃহস্থ অগ্নি গ্রহণ পূর্ব্বক অগ্নিস্থাপন করিয়া পঞ্চ যজ্ঞ না করে, মুনিগণ তাহাকে পরপাক নিবৃত্ত বলিয়া থাকেন। ৪৬

যে গৃহস্থ নিরত প্রাতঃকালে উত্থিত হইয়া স্বয়ং পঞ্চ যজ্ঞের অনুষ্ঠান করিয়া পরান্ন দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, তাহার নাম পরপাক রত। ৪৭

যে ব্রাহ্মণ ক্ষত্রিয় বা বৈশ্য, গৃহস্থ ধর্ম্ম পরিবর্জ্জিত হইয়া দান

যুগে যুগে চ যে ধর্ম্মাস্তেষু ধর্ম্মেষু যে দ্বিজাঃ।
তেষাং নিন্দা ন কর্ত্তব্যা যুগরূপা হি ব্রাহ্মণাঃ ॥ ৪৯ ॥
হুঙ্কারং ব্রাহ্মণস্যোক্ত্বা ত্বঙ্কারঞ্চ গরীয়সঃ।
স্নাত্বা তিষ্ঠন্নহঃশেষমভিবাদ্য প্রসাদয়েৎ ॥ ৫০ ॥
তাড়য়িত্বা তৃণেনাপি কণ্ঠে বাবধ্য বাসসা।
বিবাদেনাপি নির্জ্জিত্য প্রণিপত্য প্রসাদয়েৎ ॥ ৫১ ॥
অবগূর্য্য ত্বহোরাত্রং ত্রিরাত্রং ক্ষিতিপাতনে।
অতিকৃচ্ছ্রঞ্চ রুধিরে কৃচ্ছ্রমন্তরশোণিতে ॥ ৫২ ॥

করে, অর্থাৎ যে ব্যক্তি পঞ্চ যজ্ঞের অনুষ্ঠান না করে, ধর্ম্মতত্ত্বজ্ঞ ঋষিগণ তাহাকে অপচ বলিয়া থাকেন। ৪৮

যুগে যুগে যে সমুদায় ধর্ম্ম ব্যবস্থাপিত হয়, এবং যে সমুদায় ব্রাহ্মণ সেই সমুদায় ধর্ম্মের অনুবর্ত্তী হন, তাঁহাদের নিন্দা করা কর্ত্তব্য নহে, কারণ ব্রাহ্মণেরাই যুগস্বরূপ ও সেই সেই যুগের অংশে অবতীর্ণ। ৪৯ যদি কোন ব্যক্তি ব্রাহ্মণের প্রতি হুঙ্কার প্রয়োগ করে, অথবা যদি কোন ব্যক্তি বয়োজ্যেষ্ঠ ব্যক্তির প্রতি বা গুণ-জ্যেষ্ঠ ব্যক্তির প্রতি, 'তুমি' এই বাক্য প্রয়োগ করে, তাহা হইলে স্নানের পর সমস্ত দিবস সেই ব্রাহ্মণকে বা সেই জ্যেষ্ঠ ব্যক্তিকে প্রণামাদির দ্বারা প্রসন্ন করিতে থাকিবে। ইহাতেই তাহার সেই পাপক্ষয় হইবে। ৫০ যদি কোন ব্যক্তি ব্রাহ্মণকে তৃণ দ্বারাও প্রহার করে, যদি কেহ ব্রাহ্মণের গলায় বস্ত্র দেয়, অথবা যদি কেহ বিবাদে ব্রাহ্মণকে পরাজয় করে, তাহা হইলে প্রণাম করিয়া সেই অবমানিত ব্রাহ্মণকে প্রসন্ন করিতে হইবে। ৫১ যদি কেহ ব্রাহ্মণকে

নবাহমতিকৃচ্ছ্রং স্যাৎ পাণিপূরান্নভোজনম্।
ত্রিরাত্রমুপবাসঃ স্যাদিতি কৃচ্ছ্রঃ স উচ্যতে॥ ৫৩॥
সর্ব্বেষামেব পাপানাং সঙ্করে সমুপস্থিতে।
শতসাহস্রমভ্যস্তা গায়ত্রী শোধনং পরম্॥ ৫৪॥

ইতি পারাশরে ধর্ম্মশাস্ত্রে একাদশোঽধ্যায়ঃ সমাপ্তঃ।



লাঠী কীল প্রভৃতি ওচায়, তাহা হইলে তাহাকে এক দিবারাত্র উপবাস করিতে হইবে। যদি কেহ ব্রাহ্মণকে ধাক্কা মারিয়া ফেলিয়া দেয় তাহা হইলে তাহাকে তৎপাপ মোচনের নিমিত্ত ত্রিরাত্রি করিতে হইবে। যদি কেহ ব্রাহ্মণকে এরূপ প্রহার করে যে, প্রহার স্থানে রক্ত জমিয়া যায় তাহা হইলে তাহাকে কৃচ্ছ্র ব্রত করিতে হইবে। যদি কেহ প্রহার দ্বারা ব্রাহ্মণের রক্ত পাত করে, তাহা হইলে তৎপাপক্ষয়ের নিমিত্ত তাহার অতিকৃচ্ছ্র ব্রত করা কর্ত্তব্য।৫২ এক এক মুষ্টিমাত্র অন্ন ভোজন করিয়া নয় রাত্রি যাপন করাকে অতিকৃচ্ছ্র বলা যায়। ত্রিরাত্রি উপবাস করাকে কৃচ্ছ্র ব্রত বলিয়া থাকে। ৫৩ যদি এক কালে নানা পাপের সাঙ্কর্য্য উপস্থিত হয়, সে স্থলে নানা প্রকার প্রায়শ্চিত্ত না করিয়া এক লক্ষ গায়ত্রী জপ করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবে। ৫৪

পরাশর সংহিতা একাদশ অধ্যায়
সমাপ্ত।



দ্বাদশ অধ্যায়।

দুঃস্বপ্নং যদি পশ্যেত্তু বান্তে বা ক্ষুরকর্ম্মণি।
মৈথুনে প্রেতধূমে চ স্নানমেব বিধীয়তে ॥ ১ ॥
অজ্ঞানাৎ প্রাশ্য বিণ্মূত্রং সুরাং বা পিবতে যদি।
পুনঃ সংস্কারমর্হন্তি ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ ॥ ২ ॥
অজিনং মেখলা দণ্ডো ভৈক্ষচর্য্যা ব্রতানি চ।
নিবর্ত্তন্তে দ্বিজাতীনাং পুনঃসংস্কারকর্ম্মণি ॥ ৩ ॥
স্ত্রীশূদ্রস্য তু শুদ্ধ্যর্থং প্রাজাপত্যং বিধীয়তে।
পঞ্চগব্যং ততঃ কৃত্বা স্নাত্বা পীত্বা বিশুধ্যতি ॥ ৪ ॥

যদি কেহ দুঃস্বপ্ন দর্শন করে, যদি কেহ বমন করে, যদি কেহ ক্ষৌরী হয়, যদি কেহ স্ত্রী সম্ভোগ করে, যদি কাহারো গাত্রে চিতাধূম লাগে, তাহা হইলে সে স্নান করিবে। ১ যদি ব্রাহ্মণ ক্ষত্রিয় অথবা বৈশ্য জাতি অজ্ঞান বশতঃ বিষ্ঠা মূত্র বা সুরা পান করে, তাহা হইলে তাহাদের পুনর্ব্বার সংস্কার করিতে হইবে। ২ দ্বিজাতিগণের পুনঃসংস্কার স্থলে অজিন মেখলা দণ্ড ভিক্ষাচরণ ও ব্রত, এতৎসমুদায়ই নিবৃত্ত হয়। ৩ স্ত্রী লোক ও শূদ্রের পাপক্ষয়ের নিমিত্ত প্রথমত প্রাজাপত্য ব্রত বিহিত হইতেছে। পরে স্নান পূর্ব্বক পঞ্চগব্য পান করিয়া শুদ্ধি লাভ করিতে পারিবে। ৪ যদি

জলাগ্নিপতনে চৈব প্রব্রজ্যানাশকেষু চ।
প্রত্যবসিতমেতেষাং কথং শুদ্ধির্বিধীয়তে ॥ ৫ ॥
প্রাজাপত্যদ্বয়েনাপি তীর্থাভিগমনেন চ।
বৃষৈকাদশদানেন বর্ণাঃ শুধ্যন্তি তে ত্রয়ঃ ॥ ৬ ॥
ব্রাহ্মণস্য প্রবক্ষ্যামি বনং গত্বা চতুষ্পথম্।
সশিখং বপনং কৃত্বা প্রাজাপত্যত্রয়ঞ্চরেৎ ॥ ৭ ॥
গোদ্বয়ং দক্ষিণাং দদ্যাচ্ছুদ্ধিঃ স্বায়ম্ভুবোঽব্রবীৎ।
মুচ্যতে তেন পাপেন ব্রাহ্মণত্বঞ্চ গচ্ছতি ॥ ৮ ॥
স্নানানি পঞ্চ পুণ্যানি কীর্ত্তিতানি মনীষিভিঃ।
আগ্নেয়ং বারুণং ব্রাহ্মং বায়ব্যং দিব্যমেব চ ॥ ৯ ॥

স্নান কার্য্যের ও অগ্নিকার্য্যের বাধ হয়, যদি প্রব্রজ্যা নাশ হয়, তাহা হইলে কিরূপে শুদ্ধি লাভ করিতে পারিবে, বলিতেছি। ৫ ঈদৃশ স্থলে প্রাজাপত্য দ্বয় দ্বারা তীর্থ গমন দ্বারা এবং একাদশ বৃষ দক্ষিণা প্রদান দ্বারা ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র, এই বর্ণত্রয় শুদ্ধি লাভ করিতে পারিবে। ৬ ব্রাহ্মণ বনে গমন করিয়া কোন এক চতুষ্পথে শিখাসমেত সমুদায় কেশ মুণ্ডন করিবে। পরে তিনটী প্রাজাপত্য ব্রত করিয়া, ৭ একটী বৃষ ও একটী গাভি দক্ষিণা প্রদান করিবে। স্বায়ম্ভুব মনু বলিয়াছেন যে, ব্রাহ্মণ ইহা দ্বারাই শুদ্ধি লাভ করিতে পারিবেন। ইহা দ্বারা ব্রাহ্মণ সেই পাপ হইতে মুক্ত হইয়া ব্রাহ্মণত্ব লাভ করিতে পারিবেন। ৮ পণ্ডিতেরা বলিয়া থাকেন যে, পঞ্চ প্রকার স্নান দ্বারা শরীর পবিত্র হয়। সেই পঞ্চপ্রকার স্নানের নাম—আগ্নেয় স্নান, বারুণ স্নান, ব্রাহ্ম স্নান,

আগ্নেয়ং ভস্মনা স্নানমবগাহ্য তু বারুণম্।
আপোহিষ্ঠেতি চ ব্রাহ্মং বায়ব্যং রজসা স্মৃতম্ ॥ ১০ ॥
যত্তু সাতপবর্ষেণ স্নানং তদ্দিব্যমুচ্যতে।
তত্র স্নানে তু গঙ্গায়াং স্নাতো ভবতি মানবঃ ॥ ১১ ॥
স্নানার্থং বিপ্রমায়ান্তং দেবাঃ পিতৃগণৈঃ সহ।
বায়ুভূতা হি গচ্ছন্তি তৃষার্ত্তাঃ সলিলার্থিনঃ ॥ ১২ ॥
নিরাশাস্তে নিবর্ত্তন্তে বস্ত্রনিষ্পীড়নে কৃতে।
তস্মান্ন পীড়য়েদ্বস্ত্রমকৃত্বা পিতৃতর্পণম্ ॥ ১৩ ॥
বিধুনোতি হি যঃ কেশান্ স্নাতঃ প্রস্রবতো দ্বিজঃ।

বায়ব্য স্নান ও দিব্য স্নান। ৯ ভস্ম দ্বারা মার্জ্জনকে আগ্নেয় স্নান বলা যায়। জলে অবগাহন পূর্ব্বক স্নান করিলে তাহাকে বারুণ স্নান বলিয়া থাকে। আপোহিষ্ঠা এই মন্ত্র দ্বারা মানসিক স্নান করিলে তাহাকে ব্রাহ্ম স্নান বলা যায়। ধূলি দ্বারা মার্জ্জন করিলে তাহাকে বায়ব্য স্নান বলিয়া থাকে। ১০ রৌদ্রের সময় বৃষ্টিজলে স্নান করিলে তাহাকে দিব্য স্নান বলা যায়। এই দিব্য স্নান দ্বারা মানবগণ গঙ্গাস্নানের ফল লাভ করিতে পারে। ১১

যে সময় কোন ব্রাহ্মণ স্নানের নিমিত্ত গমন করে, তৎকালে দেবগণ ও পিতৃগণ বায়ুরূপী হইয়া তৃষ্ণার্ত্তহৃদয়ে জলের নিমিত্ত পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে থাকেন। ১২ অনন্তর যখন বস্ত্র নিষ্পীড়ন করা হয়, তখন সেই দেবগণ ও পিতৃগণ নিরাশ হইয়া ফিরিয়া যান। অতএব পিতৃতর্পণ না করিয়া বস্ত্র নিষ্পীড়ন করা বিধেয় নহে। ১৩ যে দ্বিজ স্নান করিয়া জলে দাঁড়াইয়া কেশ

আচামেদ্বা জলস্থোঽপি ন বাহ্যঃ পিতৃদৈবতৈঃ ॥ ১৪ ॥
শিরঃ প্রাবর্ত্তকং বদ্ধা মুক্তকচ্ছশিখোঽপি বা।
বিনা যজ্ঞোপবীতেন আচান্তোঽপ্যশুচির্ভবেৎ ॥ ১৫ ॥
জলে স্থলস্থো নাচামেজ্জলস্থশ্চ বহিঃস্থলে।
উভে স্পৃষ্ট্বা সমাচান্ত উভয়ত্র শুচির্ভবেৎ ॥ ১৬ ॥
স্নাত্বা পীত্বা ক্ষুতে সুপ্তে ভুক্তে রথ্যোপসর্পণে।
আচান্তঃ পুনরাচামেদ্বাসো বিপরিধায় চ ॥ ১৭ ॥
ক্ষুতে নিষ্ঠীবিতে চৈব দন্তোচ্ছিষ্টে তথানৃতে।
পতিতানাঞ্চ সম্ভাষে দক্ষিণং শ্রবণং স্পৃশেৎ ॥ ১৮ ॥

ঝাড়েন, অথবা যিনি জলের উপর আচমন করেন, দেবগণ ও পিতৃগণ তাঁহার দত্ত জল গ্রহণ করেন না। ১৪ মাথায় পাকড়ী বাঁধিয়া থাকিলে কাচা খুলিয়া থাকিলে যজ্ঞোপবীত ছাড়িয়া থাকিলে বা মুক্তকেশ হইয়া থাকিলে আচমন করিয়াও শুচি হইবে না। ১৫ স্থলে দাঁড়াইয়া জলে আচমন করিবে না। জলে থাকিয়াও স্থলে আঁচাইবে না। জল স্থল উভয় স্পর্শ পূর্ব্বক উভয় স্থলে আচমন করিলে শুচি হইতে পারে। ১৬ স্নান করিয়া পান করিয়া হাঁচিয়া শয়ন করিয়া ভোজন করিয়া পথে গমন করিয়া অথবা বস্ত্র পরিবর্ত্ত করিয়া কৃতাচমন ব্যক্তিও পুনর্ব্বার আচমন করিবে।১৭ হাঁচিলে নিষ্ঠীবন করিলে দন্তোচ্ছিষ্ট হইলে কথা মিথ্যা হইলে অথবা পতিত ব্যক্তির সহিত সম্ভাষণ করিলে দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে। ১৮ ব্রহ্মা বিষ্ণু রুদ্র সোম সূর্য্য অনিল, ইঁহারা সকলে

ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ সোমঃ সূর্য্যোঽনিলস্তথা।
তে সর্ব্বে হ্যপি তিষ্ঠন্তি কর্ণে বিপ্রস্য দক্ষিণে ॥ ১৯ ॥
দিবাকরকরৈঃ পূতং দিবাস্নানং প্রশস্যতে।
অপ্রশস্তং নিশি স্নানং রাহোরন্যত্র দর্শনাৎ ॥ ২০ ॥
মরুতো বসবো রুদ্রা আদিত্যাশ্চাদিদেবতাঃ।
সর্ব্বে সোমে বিলীয়ন্তে তস্মাৎ স্নানন্তু তদ্গ্রহে ॥২১॥
খলযজ্ঞে বিবাহে চ সংক্রান্তৌ গ্রহণেষু চ।
শর্ব্বর্য্যাং দানমেতেষু নান্যত্রেতি বিনিশ্চয়ঃ ॥ ২২ ॥
পুত্রজন্মনি যজ্ঞে চ তথা চাত্যয়কর্ম্মণি।
রাহোশ্চ দর্শনে দানং প্রশস্তং নান্যদা নিশি ॥ ২৩ ॥
মহানিশা তু বিজ্ঞেয়া মধ্যস্থপ্রহরদ্বয়ম্।

ব্রাহ্মণের দক্ষিণ কর্ণে বাস করেন। ১৯ দিবাভাগে যখন রৌদ্র থাকিবে, সেই সময় স্নান করাই প্রশস্ত। যে সময় রাহু দর্শন হয়, সেই সময় ব্যতীত অন্যকালে নিশাভাগে স্নান করা বিধিবিহিত নহে। ২০ মরুদ্গণ বসুগণ রুদ্রগণ আদিত্যগণ ও অন্যান্য মূল দেবগণ সকলে চন্দ্রে বিলীন থাকেন। অতএব চন্দ্রগ্রহণের সময় নিশাকালেও স্নান করা বিধিবিহিত হইতেছে। ২১

খল যজ্ঞ বিবাহ সংক্রান্তি ও গ্রহণ, এই কএক সময়ে রাত্রি কালে দান করা প্রশস্ত। অন্য সময়ে দান করা বিহিত নহে। ২২ পুত্র উৎপন্ন হইলে যজ্ঞ প্রবৃত্ত হইলে স্বস্ত্যয়ন করিতে হইলে রাহু দর্শন হইলে রাত্রিকালে দান করা প্রশস্ত, অন্য সময় প্রশস্ত নহে। ২৩

প্রদোষপশ্চিমৌ যামৌ দিনবৎ স্নানমাচরেৎ ॥ ২৪ ॥
চৈত্যবৃক্ষশ্চিতিস্থশ্চ চণ্ডালঃ সোমবিক্রয়ী।
এতাংস্তু ব্রাহ্মণঃ স্পৃষ্ট্বা সবাসা জলমাবিশেৎ ॥২৫ ॥
অস্থিসঞ্চয়নাৎ পূর্ব্বং রুদিত্বা স্নানমাচরেৎ।
অন্তর্দশাহে বিপ্রস্য পূর্ব্বমাচমনং ভবেৎ ॥ ২৬ ॥
সর্ব্বং গঙ্গাসমং তোয়ং রাহুগ্রস্তে দিবাকরে।
সোমগ্রহে তথৈবোক্তং স্নানদানাদিকর্ম্মসু ॥ ২৭ ॥
কুশপূতন্তু যৎ স্নানং কুশেনোপস্পৃশেদ্দ্বিজঃ।
কুশেনোদ্ধৃততোয়ং যৎ সোমপানসমং স্মৃতম্ ॥ ২৮ ॥
অগ্নিকার্য্যাৎ পরিভ্রষ্টাঃ সন্ধ্যোপাসনবর্জিতাঃ।

রাত্রির দ্বিতীয় ও তৃতীয় প্রহরকে মহানিশা বলা যায়। প্রথম ও শেষ প্রহরে দিবসের ন্যায় স্নান করিবে। ২৪ চিতিস্থিত চৈত্য বৃক্ষ চাণ্ডাল ও সোমবিক্রয়কারীকে স্পর্শ করিলে ব্রাহ্মণ সেই বস্ত্রেই স্নান করিবেন। ২৫ অস্থি সঞ্চয়নের পূর্ব্বে যখনই রোদন করিবে, তখনই স্নান করিতে হইবে। ব্রাহ্মণগণ দশাহ মধ্যে রোদন করিলে প্রথমত আচমন করিয়া পশ্চাৎ স্নান করিবে। ২৬

দিবাকর রাহুগ্রস্ত হইলে সমুদায় জল গঙ্গাজল সদৃশ হয়। চন্দ্রগ্রহণেও ঐরূপ হইয়া থাকে। অতএব সেই সময়ে স্নান দান প্রভৃতি সমুদায় কর্ম্মই প্রশস্ত। ২৭ কুশপূত জলে স্নান করিয়া কুশ জলে আচমন পূর্ব্বক কুশোদ্ধৃত জল পান করিলে সোম পান সদৃশ ফল হয়। ২৮

যে সকল ব্রাহ্মণ অগ্নি কার্য্য হইতে পরিভ্রষ্ট হইয়াছে, যে সকল

বেদৈশ্চৈবানধীয়ানাঃ সর্ব্বে তে বৃষলাঃ স্মৃতাঃ ॥ ২৯ ॥
তস্মাদ্বৃষলভীতেন ব্রাহ্মণেন বিশেষতঃ।
অধ্যেতব্যোঽপ্যেকদেশো যদি সর্ব্বং ন শক্যতে ॥ ৩০ ॥
শূদ্রান্নরসপুষ্টস্যাপ্যধীয়ানস্য নিত্যশঃ।
জপতো জুহ্বতো বাপি গতিরুক্তা ন বিদ্যতে ॥ ৩১ ॥
শূদ্রান্নং শূদ্রসম্পর্কঃ শূদ্রেণ তু সহাসনম্।
শূদ্রাজ্জ্ঞানাগমশ্চাপি জ্বলন্তমপি পাতয়েৎ ॥ ৩২ ॥
মৃতসূতকপুষ্টাঙ্গো দ্বিজঃ শূদ্রান্নভোজনে।
অহং তাং ন বিজানামি কাং কাং যোনিং গমিষ্যতি ॥৩৩
গৃধ্রো দ্বাদশ জন্মানি দশ জন্মানি শূকরঃ।
শ্বযোনৌ সপ্ত জন্ম স্যাদিত্যেবং মনুরব্রবীৎ ॥ ৩৪ ॥

ব্রাহ্মণ সন্ধ্যা বন্দন করে না, যে সকল ব্রাহ্মণ বেদ পাঠে বিরত, তাহাদিগকে বৃষল বলা যায়। ২৯ অতএব বৃষল হইবার আশঙ্কায় ব্রাহ্মণের কর্ত্তব্য এই যে, যদি সমুদায় বেদ অধ্যয়ন করিতে সমর্থ না হন, তাহা হইলে একাংশমাত্রও অধ্যয়ন করিবেন। ৩০ যে ব্যক্তি শূদ্রান্ন দ্বারা প্রতিপালিত হইয়া নিয়ত বেদ অধ্যয়ন জপ ও হোম করে, তাহার শাস্ত্রোক্ত সদ্গতি লাভ হয় না। ৩১ শূদ্রান্ন শূদ্র সম্পর্ক শূদ্রের সহিত সহবাস শূদ্র হইতে জ্ঞান লাভ, এতৎসমুদায় জ্ঞানাগ্নি দ্বারা প্রজ্বলিত ব্যক্তিকেও অধঃপাতিত করে। ৩২ যে ব্রাহ্মণের শরীর শূদ্রের মরণাশৌচের ও জননাশৌচের অন্ন দ্বারা পরিপুষ্ট হইয়াছে, তাহাকে কোন্ কোন্ যোনিতে জন্ম পরিগ্রহ করিতে হইবে, তাহা সমুদায় নিঃশেষ রূপে বলিতে পারি না। ৩৩

দক্ষিণার্থন্তু যো বিপ্রঃ শূদ্রস্য জুহুয়াদ্ধবিঃ।
ব্রাহ্মণস্তু ভবেচ্ছূদ্রঃ শূদ্রস্তু ব্রাহ্মণো ভবেৎ ॥ ৩৫ ॥
মৌনব্রতং সমাশ্রিত্য আসীনো ন বদেদ্দ্বিজঃ।
ভুঞ্জানো হি বদেদ্যস্তু তদন্নং পরিবর্জয়েৎ ॥ ৩৬ ॥
অর্দ্ধে ভুক্তে তু যো বিপ্রস্তস্মিন্ পাত্রে জলং পিবেৎ।
হতং দৈবঞ্চ পিত্র্যঞ্চ আত্মানঞ্চোপঘাতয়েৎ ॥ ৩৭ ॥
ভাজনেষু চ তিষ্ঠৎসু স্বস্তি কুর্ব্বন্তি যে দ্বিজাঃ।
ন দেবাস্তৃপ্তিমায়ান্তি নিরাশাঃ পিতরস্তথা ॥ ৩৮ ॥
গৃহস্থস্তু যদা যুক্তো ধর্ম্মমেবানুচিন্তয়েৎ।
পোষ্যধর্ম্মার্থসিদ্ধ্যর্থং ন্যায়বর্ত্তী সুবুদ্ধিমান্ ॥ ৩৯ ॥

সেই ব্যক্তি দ্বাদশ জন্ম গৃধ্র, দশ জন্ম শূকর, সপ্ত জন্ম কুক্কুর হয়, ইহা মনুও বলেন। ৩৪ যদি কোন ব্রাহ্মণ দক্ষিণা গ্রহণ করিয়া শূদ্রের নিমিত্ত হোম করেন, তাহা হইলে সেই ব্রাহ্মণ শূদ্রসদৃশ ও সেই শূদ্র ব্রাহ্মণসদৃশ হয়। ৩৫ যে ব্রাহ্মণ মৌনব্রত অবলম্বন করিবেন, তিনি যে কোন সময় উপবিষ্ট হইয়া কোন কথা কহিবেন না। যিনি ভোজন করিতে করিতে কথা কহিবেন, তিনি ভোজনে বিরত হইয়া সেই অন্ন পরিত্যাগ করিবেন। ৩৬ অর্দ্ধ ভোজন হইলে যে ব্যক্তি সেই পাত্রে জল পান করিবে, তাহার দৈবকর্ম্ম ও পিত্র্য কর্ম্ম সমুদায়ই নষ্ট হইবে এবং সে আত্মাকেও অধঃপাতিত করিবে। ৩৭ তর্পণের পাত্র উপস্থিত থাকিতে যে সকল ব্রাহ্মণ তর্পণ না করে, তাহাদিগের পিতৃগণ ও দেবগণ তৃপ্ত হন না, প্রত্যুত নিরাশ হইয়া ফিরিয়া যান। ৩৮ ন্যায়মার্গানুসারী

ন্যায়োপার্জিতবিত্তেন কর্ত্তব্যং জ্ঞানরক্ষণম্।
অন্যায়েন তু যো জীবেৎ সর্ব্বকর্ম্মবহিষ্কৃতঃ॥ ৪০ ॥
অগ্নিচিৎ কপিলা সত্রী রাজা ভিক্ষুর্মহোদধিঃ।
দৃষ্টমাত্রং পুনন্ত্যেতে তস্মাৎ পশ্যেত্তু নিত্যশঃ॥ ৪১ ॥
অরণিং কৃষ্ণমার্জারং চন্দনং সুমণিং ঘৃতম্।
তিলান্ কৃষ্ণাজিনং ছাগং গৃহে চৈতানি রক্ষয়েৎ ॥৪২॥
গবাং শতং সৈকবৃষং যত্র তিষ্ঠত্যযন্ত্রিতম্।
তৎ ক্ষেত্রং দশগুণিতং গোচর্ম্ম পরিকীর্ত্তিতম্॥ ৪৩ ॥
ব্রহ্মহত্যাদিভির্মর্ত্ত্যো মনোবাক্কায়কর্ম্মজৈঃ।
এতদ্গোচর্ম্মদানেন মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ॥ ৪৪ ॥

সুবুদ্ধি গৃহস্থ যে সময় পুত্রকলত্রাদি পরিজন প্রতি পালন রূপ ধর্ম্মার্থ সাধনে নিযুক্ত থাকিবে, তখন সর্ব্বদা ধর্ম্ম চিন্তাই করিবে। ৩৯ ন্যায়পথ অবলম্বন পূর্ব্বক উপার্জ্জিত ধন দ্বারা জ্ঞান রক্ষা করিবে। যে ব্যক্তি অন্যায় পথ অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ করিবে, সে সমুদায় ধর্ম্ম হইতে বিচ্যুত হইবে। ৪০

অগ্নিচিৎ ব্রাহ্মণ কপিলা গাভি যজ্ঞে দীক্ষিত ব্যক্তি রাজা ভিক্ষুক ও জলনিধি, ইঁহারা দর্শন মাত্রে পবিত্র করেন, অতএব নিয়ত ইঁহাদিগের দর্শন করা কর্ত্তব্য। ৪১ অরণি কৃষ্ণমার্জ্জার চন্দন উত্তম মণি ঘৃত তিল কৃষ্ণাজিন ও ছাগ, গৃহে এই সমুদায় রক্ষা করিবে। ৪২ যে ক্ষেত্রে একটী বৃষ ও একশত গাভি মুক্ত থাকিতে পারে, তাহার দশগুণ ক্ষেত্রকে গোচর্ম্ম বলা যায়। ৪৩

কোন মনুষ্য যদি মনোদ্বারা বাক্য দ্বারা শারীরিক ব্যাপার দ্বারা

কুটুম্বিনে দরিদ্রায় শ্রোত্রিয়ায় বিশেষতঃ।
যদ্দানং দীয়তে তস্মৈ তদায়ুর্ব্বৃদ্ধিকারকম্ ॥ ৪৫ ॥
আষোড়শদিনাদর্ব্বাক্ স্নানমেব রজস্বলা।
অত ঊর্দ্ধং ত্রিরাত্রং স্যাদুশনা মুনিরব্রবীৎ ॥ ৪৬ ॥
যুগং যুগদ্বয়ঞ্চৈব ত্রিযুগঞ্চ চতুর্যুগম্।
চাণ্ডালসূতিকোদক্যাপতিতানামধঃ ক্রমাৎ ॥ ৪৭ ॥
ততঃ সন্নিধিমাত্রেণ সচেলং স্নানমাচরেৎ।
স্নাত্বাবলোকয়েৎ সূর্য্যমজ্ঞানাৎ স্পৃশতে যদি ॥ ৪৮॥

ব্রহ্মহত্যা প্রভৃতি মহাপাতক করে, তাহা হইলে এই রূপ গোচর্ম্ম দান করিলে সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইতে পারিবে। ৪৪ বহু পরিবার বিশিষ্ট দরিদ্র ব্রাহ্মণকে বিশেষত ঐরূপ শ্রোত্রিয়কে যাহা দান করা যায়, তাহাতে পরমায়ু, বৃদ্ধি হয়। ৪৫

যদি কোন নারী ষোল দিনের মধ্যে পুনর্ব্বার রজস্বলা হয়, তাহা হইলে স্নান করিয়া শুদ্ধি লাভ করিবে। যদি ষোল দিনের পর রজস্বলা হয়, তাহা হইলে ত্রিরাত্রি অশৌচ হইবে, ইহা মহর্ষি উশনাও স্বীকার করেন। ৪৬ যদি কেহ চাণ্ডালী স্পর্শ করে, তাহা হইলে দুই দিন, যদি কেহ প্রসূতিকা স্পর্শ করে, তাহা হইলে চারি দিন, যদি কেহ রজস্বলা নারী স্পর্শ করে, তাহা হইলে ছয় দিন, যদি কেহ পতিতা নারী স্পর্শ করে, তাহা হইলে আট দিন অশৌচ হইবে। ৪৭ অতএব এই সমুদায় নারী সম্মুখবর্ত্তিনী হইলেই তৎক্ষণাৎ সেই বস্ত্রে স্নানার্থ জলে প্রবেশ করিবে। যদি কেহ অজ্ঞান বশত

বাপীকূপতড়াগেষু ব্রাহ্মণো জ্ঞানদুর্ব্বলঃ।
তোয়ং পিবতি বক্ত্রেণ শ্বযোনৌ জায়তে ধ্রুবম্ ॥ ৪৯॥
যস্তু ক্রুদ্ধঃ পুমান্ ভার্য্যাং প্রতিজ্ঞায়াপ্যগম্যতাম্।
পুনরিচ্ছতি তাং গন্তুং বিপ্রমধ্যে তু শ্রাবয়েৎ ॥ ৫০ ॥
শ্রান্তঃ ক্রুদ্ধস্তমোভ্রান্ত্যা ক্ষুৎপিপাসাভয়ার্দ্দিতঃ।
দানং পুণ্যমকৃত্বা চ প্রায়শ্চিত্তং দিনত্রয়ম্ ॥ ৫১ ॥
উপস্পৃশেত্রিষবণং মহানদ্যুপসঙ্গমে।
চীর্ণান্তে চৈব গাং দদ্যাদ্ব্রাহ্মণান্ ভোজয়েদ্দশ ॥ ৫২ ॥

ইহাদিগকে স্পর্শ করে, তাহা হইলে স্নানের পর সূর্য্য দর্শন করিবে।৪৮

যদি কোন অজ্ঞান ব্রাহ্মণ বাপী কূপ ও তড়াগ মধ্যে মুখ দ্বারা জল পান করে, তাহা হইলে সে জন্মান্তরে কুক্কুর হয়, সন্দেহ নাই। ৪৯ যদি কোন পুরুষ ক্রোধ বশত এরূপ প্রতিজ্ঞা করে যে, সে আর কখনও তাহার সেই ভার্য্যা গমন করিবে না, পরে পুনর্ব্বার যদি সেই ভার্য্যাতে গমন করিতে ইচ্ছা করে, তাহা হইলে তাহা ব্রাহ্মণগণের নিকট প্রকাশ করিবে। ৫০ যদি কোন ব্যক্তি শ্রান্তি বশতঃ ক্রোধ বশতঃ তমোগুণ নিবন্ধন ভ্রান্তি বশতঃ ক্ষুধাবশত পিপাসা বশত বা ভয় বশত কাতর হইয়া দান বা পুণ্য কর্ম্ম কিছুই না করিয়া থাকে, তাহা হইলে তাহাকে তিন দিন এই রূপে প্রায়শ্চিত্ত করিতে হইবে যে। ৫১ মহানদীর সঙ্গম স্থলে সে প্রত্যহ তিনবার স্নান করিবে। প্রায়শ্চিত্ত অনুষ্ঠিত হইলে দশজন ব্রাহ্মণ ভোজন করাইয়া গোদক্ষিণা প্রদান করিবে। ৫২

দুরাচারস্য বিপ্রস্য নিষিদ্ধাচরণস্য চ।
অন্নং ভুক্ত্বা দ্বিজঃ কুর্য্যাদ্দিনমেকমভোজনম্ ॥ ৫৩ ॥
সদাচারস্য বিপ্রস্য তথা বেদান্তবাদিনঃ।
ভুক্ত্বান্নং মুচ্যতে পাপাদহোরাত্রন্তু বৈ নরঃ ॥ ৫৪ ॥
ঊর্দ্ধোচ্ছিষ্টমধোচ্ছিষ্টমন্তরীক্ষমৃতৌ তথা।
কৃচ্ছ্রত্রয়ং প্রকুর্ব্বীত আশৌচমরণে তথা ॥ ৫৫ ॥
কৃচ্ছ্রে দেব্যযুতঞ্চৈব প্রাণায়ামশতত্রয়ম্।
পুণ্যতীর্থেনার্দ্রশিরঃ স্নানং দ্বাদশসংখ্যয়া ॥ ৫৬ ॥
দ্বিযোজনং তীর্থযাত্রা কৃচ্ছ্রমেবং প্রকল্পিতম্ ॥ ৫৭ ॥

যদি কোন ব্রাহ্মণ, নিষিদ্ধাচরণকারী দুরাচার ব্রাহ্মণের অন্ন ভোজন করে, তাহা হইলে সে এক দিন উপবাস করিয়া থাকিবে। ৫৩ যে ব্রাহ্মণ সদাচারী ও বেদান্তবাদী, তাঁহার অন্ন যদি কেহ এক দিবারাত্র মাত্র ভোজন করে, তাহা হইলে সে সমুদায় পাপ হইতে মুক্ত হয়। ৫৪

যদি কেহ ঊর্দ্ধোচ্ছিষ্ট হইয়া মরে অর্থাৎ যদি কাহারো মৃত্যুকালে মুখে বমনাদি থাকে অথবা যদি কেহ অধ উচ্ছিষ্ট হইয়া অর্থাৎ মল সমেত থাকিয়া প্রাণত্যাগ করে, কিং বা যদি কেহ অন্তরিক্ষে মরে তাহা হইলে তিনটী কৃচ্ছ্র ব্রত দ্বারা শুদ্ধিলাভ করিবে পরন্ত এরূপ অবস্থায় সংগ্রামে মৃত্যু হইলে কোন দোষ ঘটিবে না। ৫৫

কৃচ্ছ্রব্রত করিতে হইলে দশ সহস্র গায়ত্রী জপ ও তিন শত প্রাণায়াম করিতে হইবে এবং পুণ্য তীর্থে আর্দ্র মস্তকে

গৃহস্থঃ কামতঃ কুর্য্যাদ্রেতসঃ সেচনং ভুবি।
সহস্রন্তু জপেদ্দেব্যাঃ প্রাণায়ামৈস্ত্রিভিঃ সহ॥ ৫৮॥
চাতুর্বেদ্যোপপন্নস্তু বিধিবদ্ব্রহ্মঘাতকে।
সমুদ্রসেতুগমন-প্রায়শ্চিত্তং বিনির্দ্দিশেৎ॥ ৫৯॥
সেতুবন্ধপথে ভিক্ষাং চাতুর্বর্ণ্যাৎ সমাচরেৎ।
বর্জয়িত্বা বিকর্ম্মস্থাংশ্ছত্রোপানদ্বিবর্জিতঃ॥ ৬০॥
অহং দুষ্কৃতকর্ম্মা বৈ মহাপাতককারকঃ।
গৃহদ্বারেষু তিষ্ঠামি ভিক্ষার্থী ব্রহ্মঘাতকঃ॥ ৬১॥
গোকুলেষু বসেচ্চৈব গ্রামেষু নগরেষু চ।

দ্বাদশবার স্নান করিবে। ৫৬ পরে দুইযোজন দূরে তীর্থ যাত্রা করিলে কৃচ্ছ্রব্রত সম্পন্ন হইবে। ৫৭

যদি কোন গৃহস্থ ইচ্ছা পূর্ব্বক ভূমিতে রেতঃসেক করে, তাহা হইলে তাহাকে তিনটী প্রাণায়াম এবং এক সহস্র গায়ত্রী জপ করিতে হইবে। ৫৮ চতুর্ব্বেদ সম্পন্ন ব্রাহ্মণ, ব্রহ্মহত্যাকারী ব্যক্তিকে সেতুবন্ধ গমনরূপ প্রায়শ্চিত্তের ব্যবস্থা দিবেন। ৫৯ ঐ ব্রহ্ম-হত্যাপাতকে পাতকী ব্যক্তি সেতু বন্ধে গমন করিবার সময় পথে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রের নিকট ভিক্ষা করিবে। কুকর্ম্মনিরত ব্যক্তির নিকট ভিক্ষা করিতে পারিবে না। পায়ে পাদুকা ও মাতায় ছত্র ব্যবহার করিতেও পারিবে না। ৬০ (ঐ ব্যক্তি এই রূপ বলিয়া ভিক্ষা করিবে যে) আমি দুষ্কর্ম্মকারী ও মহাপাতকী। আমি ব্রহ্মহত্যা করিয়াছি। আমি ভিক্ষার্থী হইয়া গৃহদ্বারে অবস্থান করিতেছি। ৬১ এই ব্রহ্মঘাতক ব্যক্তি, গোকুলে

তথা বনেষু তীর্থেষু নদীপ্রস্রবণেষু চ ॥ ৬২ ॥
এতেষু খ্যাপয়ন্নেনঃ পুণ্যং গত্বা তু সাগরম্।
দশযোজনবিস্তীর্ণং শতযোজনমায়তম্ ॥ ৬৩ ॥
রামচন্দ্রসমাদিষ্টং নলসঞ্চয়সঞ্চিতম্।
সেতুং দৃষ্ট্বা সমুদ্রস্থ ব্রহ্মহত্যাং ব্যপোহতি ॥ ৬৪ ॥
যজেত বাশ্বমেধেন রাজা তু পৃথিবীপতিঃ।
পুনঃপ্রত্যাগতো বেশ্ম বাসার্থমুপসর্পতি ॥ ৬৫ ॥
সপুত্রঃ সহ ভৃত্যৈশ্চ কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্।
গাশ্চৈবৈকশতং দদ্যাচ্চাতুর্ব্বেদ্যেষু দক্ষিণাম্ ॥ ৬৬ ॥
ব্রাহ্মণানাং প্রসাদেন ব্রহ্মহা তু বিমুচ্যতে।
সবনস্থাং স্ত্রিয়ং হত্বা ব্রহ্মহত্যাব্রতং চরেৎ ॥ ৬৭ ॥

গ্রামে নগরে বনে তীর্থে ও নদী প্রস্রবণে বাস করিবে।৬২ পরন্তু ঐ সমুদায় স্থানে নিজকৃত পাপ প্রকাশ করিতে হইবে। পরে পবিত্র সাগরে গমন পূর্ব্বক শত যোজন দীর্ঘ দশ যোজন আয়ত ৬৩ রামচন্দ্রের আজ্ঞানুসারে নল নামক বানর কর্ত্তৃক প্রস্তুত সমুদ্রের সেতু দর্শন করিলে ব্রহ্মহত্যা জনিত পাতক ক্ষয় হয়। ৬৪ অথবা এই ব্রহ্মহত্যা পাতক ক্ষয়ের নিমিত্ত পৃথিবীপতি রাজা অশ্বমেধ যজ্ঞ করিবেন। পরে ঐ পাতকী সেতুবন্ধ হইতে বা অশ্বমেধের অশ্বের কার্থ ভ্রমণ হইতে প্রতিনিবৃত্ত হইয়া বাসের জন্য নিজ ভবনে গমন করিবেন। ৬৫ পরে তিনি পুত্রগণের সহিত ও ভৃত্যবর্গের সহিত ব্রাহ্মণ ভোজন করাইয়া চতুর্ব্বেদী ব্রাহ্মণগণকে এক শত গো দক্ষিণা প্রদান করিবেন। ৬৬ এই রূপে ব্রাহ্মণগণের প্রসাদে

মদ্যপশ্চ দ্বিজঃ কুর্য্যান্নদীং গত্বা সমুদ্রগাম্।
চান্দ্রায়ণে ততশ্চীর্ণে কুর্য্যাদ্ব্রাহ্মণভোজনম্॥ ৬৮॥
অনডুৎসহিতাং গাঞ্চ দদ্যাদ্বিপ্রেষু দক্ষিণাম্॥ ৬৯॥
অপহৃত্য সুবর্ণন্তু ব্রাহ্মণস্য ততঃ স্বয়ম্।
গচ্ছেন্মুষলমাদায় রাজাভ্যাসং বধায় তু॥ ৭০॥
ততঃ শুদ্ধিমবাপ্নোতি রাজ্ঞাসৌ মুক্ত এবচ।
কামকারকৃতং যৎ স্যান্নান্যথা বধমর্হতি॥ ৭১॥
আসনাচ্ছয়নাদ্যানাৎ সম্ভাষাৎ সহভোজনাৎ।
সংক্রাময়ন্তি হি পাপানি তৈলবিন্দুরিবাম্ভসি॥ ৭২॥

ব্রহ্মহত্যাকারী ব্রহ্মহত্যা জনিত পাতক হইতে মুক্ত হইতে পারে। যে নারী যজ্ঞ বা ব্রতে দীক্ষিতা আছে, তাহাকে বধ করিলে ব্রহ্মহত্যাপাতকের প্রায়শ্চিত্ত করিতে হইবে। ৬৭

যে ব্রাহ্মণ মদ্য পান করিবে, সে সাগরগামিনী নদীতে গমন পূর্ব্বক চান্দ্রায়ণ ব্রত করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে। ৬৮ পরে ব্রাহ্মণকে একটী ধেনু ও একটী বৃষ দক্ষিণাস্বরূপ দান করিতে হইবে। ৬৯ যে ব্যক্তি ব্রাহ্মণের সুবর্ণ অপহরণ করিবে, সে স্বয়ং একটী মুষল লইয়া বধদণ্ডের নিমিত্ত রাজার নিকট গমন করিবে। ৭০ যদি সেই পাপ কামকৃত না হয়, তাহা হইলে রাজা তাহাকে ছাড়িয়া দিবেন। তাহাতেই তাহার সেই পাপ ক্ষয় হইবে। যদি ঐ পাপ জ্ঞানকৃত হয়, তাহা হইলে রাজা তাহার প্রাণদণ্ড করিবেন। ৭১ জলে নিক্ষিপ্ত তৈলবিন্দু যেমন চতুর্দ্দিকে সংক্রমণ করে, তাহার ন্যায়, একত্র উপবেশন দ্বারা একত্র শয়ন দ্বারা একত্র গমন দ্বারা

চান্দ্রায়ণং যাবকঞ্চ তুলাপুরুষ এবচ।
গবাঞ্চৈবানুগমনং সর্ব্বপাপপ্রণাশনম্॥ ৭৩॥
এতৎ পারাশরং শাস্ত্রং শ্লোকানাং শতপঞ্চকম্।
দ্বিনবত্যা সমাযুক্তং ধর্ম্মশাস্ত্রস্য সংগ্রহঃ॥ ৭৪॥
যথাধ্যয়নকর্ম্মাণি ধর্ম্মশাস্ত্রমিদং তথা।
অধ্যেতব্যং প্রযত্নেন নিয়তং স্বর্গগামিনা॥ ৭৫॥

ইতি শ্রীপারাশরে ধর্ম্মশাস্ত্রে দ্বাদশোঽধ্যায়ঃ।

পরাশরসংহিতা সম্পূর্ণা।

একত্র ভোজন দ্বারা এবং সম্ভাষণ দ্বারা পাপসকল শরীরান্তরে সঞ্চরিত হয়। ৭২

চান্দ্রায়ণ যাবকাহার তুলাদান ও গাভির অনুগমন, ইহা দ্বারা সমুদায় পাপ ক্ষয় হয়। ৭৩

এই পরাশর সংহিতাতে ৫৯২ পাঁচ শত বিরানব্বই শ্লোকে ধর্ম্মশাস্ত্র সংগৃহীত হইয়াছে। ৭৪ অধ্যয়ন কার্য্য যেমন নিত্য, এই পরাশরোক্ত ধর্ম্মশাস্ত্রও সেই রূপ নিত্য। যাঁহার স্বর্গে গমন করিতে ইচ্ছা আছে, তিনি নিয়ত ইহা পাঠ করিবেন। ৭৫

পরাশরসংহিতা দ্বাদশ অধ্যায় সমাপ্ত।

শ্রীজগন্মোহন তর্কালঙ্কার কৃত পরাশরসংহিতানুবাদ সম্পূর্ণ।